
Professor A.K.M. Azharul Islam (AI) has been known to me from my very childhood, firstly as a friend and colleague of my father who would sometimes tell us stories about how brilliant his friend was, secondly, father of my school mate Dr. Raihana Shams Islam (presently, a Professor of the Department of Physics, R.U.), and thirdly, one of my class teacher in the Bachelors of Honours and Masters classes. Later I had the opportunity to work under him in the Condensed Matter Physics Laboratory (CMP Lab) for a year and half until the middle of 1999 for my Masters thesis as a partial fulfillment of the degree. Above all I feel blessed that he is a fatherly figure to me whose affection always I feel. The CMP Lab was part of his personal chamber in the department. We, the students could always be in touch with him and also know him closely as a person. On this occasion, I would like to mention a few lessons, among many, that any person could take from interacting with him.

Discipline and hard works: I would like to recall one particular incidence from back in 1998. This was the time when I was a Masters Thesis Student under Professor Islam in CMP Lab. Due to holidays or some other reason, the university was closed, however, it was mandatory for all of the research students to be present in the CMP Lab for research works. On one such day when I arrived near the Physics Department a bit late, around 10 am and AI sir was leaving. Seeing me he briefly halted his car and told me that he had been waiting for me to arrive and now he had to go in the city center for some work and he would be back within a couple of hours. Then what I heard from him about that morning still amazes me. He woke up around 4 am and worked for an hour on the internet. Internet connection was quite slow in those days and in the predawn time he could get better speed. Then he went for morning prayer in the local mosque. Then he worked another 2 to 3 hours grading examination papers of students, in between he had his breakfast. After that he came to physics department and did

some other research and administrative works for an hour or so. And then he had to go the city center for some other official works. I found out, he had already done more works before 10 am than most people would be doing in their whole day. And that was a normal morning for him.

Care for Career advancement of the students: During my time in the CMP Lab, there were also a few other senior students who had just finished their Masters thesis or enrolled for M.Phil. degree programme or struggling to find their feet in professional world. I have seen numerous time how he would try to motivate them, almost like a psychotherapy session and showing them ways to find a Ph.D position abroad and also generously recommend them where there were opportunities for them. My personal experience on this is ever more amazing. Soon after the completion of my Masters thesis in 1999, one day I was chatting while working in the lab with another fellow student on the computer in the CMP lab. AI sir must have overheard some part of our conversation and asked me if I was thinking about applying for a Ph.D. position. I nodded. That conversation didn't go far and I left Rajshahi next day for my grandparent's home about 150 km away. When I came back almost a week after, my father told me to meet Prof. AI immediately, because in the mean time he (Prof. AI) had asked a Japanese Professor if he would be interested to accept me as a Ph.D. student and got a positive response the next day. He (Prof. AI sir) quickly arranged the path of my research career after my Masters without even me knowing or let even requesting him to do so.

A perfectionist with an eye on the smaller details: I was a Masters thesis student under Prof. AI during the time the International workshop on High- T_c Superconductor was organized by him. And soon after the workshop was over, he involved me in the process of editing and publishing the proceeding of the workshop. We, the students involved in the process used to discuss amongst ourselves that, even there was a single small mistake in a page, his (AI sir) eyes would immediately catch that.

Keeping the curiosity alive: During my time as a research associate in the University of Yamanashi I was a member in the Japanese side of the collaborative research between the group of Professor Isao Tanaka and Prof. Azharul Islam under the JSPS-UGC

project. Prof. AI together with Professor Nazrul Islam and Dr. F. N. Islam made a scheduled visit to Yamanashi, Japan in January 2007. During their visit I took them to a few interesting sightseeing places around Yamanashi. One of them was the Yamanashi Prefecture Maglev exhibition center, a center and museum where the technology of the fastest train of the world based on magnetic levitation using High Tc superconductors was displayed and demonstrated.

While most of us got a overview of things displayed there, Prof. AI sir stopped in front and took time to understand each and every display and demonstration. I realized, whenever it came to science of technology his curiosity was always on a different level from most of us.

And to end I would like to mention about the quality of **having a broader view over science**: Prof. AI sir started his research career as a Nuclear Physicist. Then sometime in mid 1980s he decided to switch over to do research in Condensed Matter Physics. I have been actively involved in research work for almost twenty years from now. We as researchers, as we keep working in our own fields, sometimes research becomes very focused. And as time goes by we know more and more in a field and less and less in others. For researchers, this can create blind spots in terms what is going on in other fields of science. This makes me realize how unique it is to switch to a different research field and be successful. That is the mark of a true physicist, having a broader view over different fields and taking on the area where there is more scope to contribute. Compared to him we are mere research slaves.



Dr. A T M Nazmul Islam

Helmholtz-Zentrum Berlin
Department for Quantum Phenomena in
Novel Materials, Berlin, Germany
Senior Researcher
E-mail: nazmul.islam@helmholtz-berlin.de

Professor A K M Azharul Islam – A Role Model of Intellectual Excellence and Perseverance

Professor Faisal Hossain

I came to learn of Prof. AKM Azharul Islam from my early childhood days when I was growing up in Rajshahi University campus. We called him fondly as 'Azhar Chacha' or 'Azhar Uncle.' No sooner than I started to realize the importance of doing well in school, the legend that is our dear Azhar Chacha was made clear to us. Almost all of us knew that his reputation as a beacon of academic excellence, hard work, perseverance was much bigger than his humble unassuming self. Among our school friends of Rajshahi University School, we would be amazed everytime someone brought up the legendary story of how Azhar chacha managed to still become a topper in the whole education board in his higher secondary exam even after missing an exam. Later, we would grow up hearing about his intellectual brilliance that took him to Imperial College in London - an institution teaming with Nobel Laureates in physics. We would hear about his stellar productivity in scientific publication in an environment like Rajshahi University where resources to pursue academic excellence are lacking. We all knew that if anyone looked at our Azhar Chacha's record without knowing his name or affiliation, he could easily fit in any of the world's top universities in Physics. In short, our Azhar chacha was our role model that we aspired to be and we were all very proud that he was from our own community - the Rajshahi University campus.

However, this is not all. I think there is a story bigger than this about Prof. AKM Azharul Islam. And that is the story of discipline, perseverance, hard work and consistency. Azhar chacha came from a humble background and without a silver spoon in his mouth. He realized early in his career the importance of hard work. He would be one of the first to show up for work during the early hours of the morning in Rajshahi University. We would frequently see his car (a light blue Toyota starlet) parked in front of the Physics building. Students of his were unanimous in agreeing that he never procrastinated on anything. He always responded immediately, especially if it was a matter related to student's professional

development or academics. Azhar chacha taught us some simple rules of how to succeed in life, which is keep calm and carry on. Life does not flourish based on God-gifted intellectual talent alone – it needs mentoring, perseverance, grinding out the hard things day in and day out to stay the course and build a solid reputation to the outside world. Without these qualities of perseverance, life is meaningless no matter how resourceful of an environment one is born into. This is the real lesson I take home from my dear Azhar Chacha. I am thankful that he was around as a shining example to aspire to during our childhood years. He has no doubt served as an inspiration for success to countless people like me.



Dr. Faisal Hossain

Professor
Civil & Environmental Engineering
University of Washington, USA
E-mail: fhossain@uw.edu

My Respected Teacher Professor Azharul Islam

Dr. Md. Samiul Islam Sarker

My dear, respected, honorable and great teacher Professor Azharul Islam, whom I saw in my close view for many years. In my life span, I met many people but rarely met such a people who worked in diverse areas and at the same time very generous and kind hearted. Professor Islam has such a versatile quality not only in teaching and research but also in administrative arenas. I am extremely delighted to write about professor Islam on the occasion of his 72nd birthday. I would like to thank CMP official for giving me an opportunity to write about such a great scientist.

I got him as a class teacher in 3rd year electrodynamics course in 1999. He taught in a lively classroom in a visible way so that it was easy for students to understand the subject matter. His teaching capacity was overwhelming and everybody enjoyed his class very much. After completing my undergraduate, in the year 2000, although I had a fascination to conduct my M.Sc. research on Condense Matter Physics (CMP), but I choose my thesis in Nuclear Physics under supervision of Professor A K Basak. During my M.Sc. research, I had a lot of good memories about Prof. Islam. Specially, in afternoon time, I saw only a very few teachers were present in the department; Professor Islam was one of them. At that time, Prof. F. Nazrul Islam was his Ph.D. fellow. In Bangladesh power crisis is a basic problem, and I saw whenever there is a power-cut he used to come out of the CMP lab, sit on the balcony and continue discussion about the research matter with his Ph.D. fellow. Whenever I met him he always asked and encouraged me about my research. Besides, I saw everyday he used to come to the department early in the morning and engage himself in teaching and research. Such a well disciplined and good researcher I rarely found in my life.

In 2004, I joined as a lecturer in the department of physics, Rajshahi University. Few years later in 2009, I went to the Adelaide University, Australia did my M.Sc. in experimental laser Physics. Following that, I came with my Ph.D. in Materials Science from the "Institute of Multidisciplinary research for Advanced Materials"

Tohoku University, Japan. After coming back to my home institute, I started my research independently in the field related to my PhD work. In spite of insufficient instrumental facilities, I am trying to continue my research.

I saw Professor Islam first as a teacher and then as a colleague and had an opportunity to interact with him in many ways. In the year 2005, I went Chittagong along with my colleagues and M.Sc. students for study tour. At that time he was the vice chancellor of International Islamic University, Chittagong. He invited us for dinner in his residence and asking about the department as well as research. He always thinks positively about research of the department of physics, RU. In 2017, he came to the department as an external member of second year honors examination. We were talking about different issues and suddenly he asked about my research. I could not give him satisfactory answer and told him we are not getting enough time to do research due to tight schedule of classes. He replied me as a teacher and well-wisher, try to spend at least an hour every day for research. The word touched my heart, I was determined from that moment I should spend at least a minimum time everyday for my research purpose. Such an inspiration can change ones' life's direction. At present, many of his research students from CMP lab working around the world and they are doing very well. I believe the glorious success of CMP lab students is mainly due to his proper guidance and nourishment.

Professor Islam supervised more than 100 students and published over 200 journals and dozens of books related to physics and other disciplines. In addition to that, he used to arrange seminars in the department (besides arranging two International Workshops on Condensed Matter Physics) several times from his own initiatives. Specially, he delivered talk on high temperature superconductors, new type of superconducting MgB_2 materials and MAX phase. His academic excellence honored him merit scholarship. Moreover, he wrapped up many awards in his showcase namely, BAS Gold Medal, UGC Award, ISESCO Award etc, in recognition of his research. Besides academic activities, Professor Islam holds several administrative posts including Hall Provost, Dean of Science and Vice-Chancellor of International Islamic University Chittagong for more than a decade. In spite of administrative responsibilities, his focus was always with CMP research. Yearly publication is a good

example of that. Due to his merit and good administrative record he was elected through University Senate in 1994 to be chosen as the Vice-Chancellor of Rajshahi University. But the Ministry's decision was forced to change in the last moment due to the intervention of a very influential person (not in the Govt) to serve the interest of a few people. He was so kind and generous that he never spoke ill of those responsible persons.

My heartfelt gratitude, love and respect to my favorite teacher Professor Islam on the eve of his 72 years celebration. I wish him good health and long life.



Dr. Md. Samiul Islam Sarker

Associate Professor
Department of Physics
Rajshahi University.
E-mail: samiul-phy@ru.ac.bd

Influence of Prof. Azharul Islam Sir and CMP Lab on My Research and Career

Md. Roknuzzaman

Some memories are not only memories but also the driving force of life and it provides a great happiness to recall them. It is my pleasure to recall such type of memories with my M.Sc. thesis supervisor, great scientist, honourable sir, Prof. A. K. M. Azharul Islam and the Condensed Matter Physics Laboratory (CMP Lab) of the Department of Physics at Rajshahi University. In our daily life, we meet with a lot of people, among of them very few are exceptional and extraordinary who have a great personality and simply a good human being. Prof. Azharul Islam sir holds such type of personality, therefore I always try to follow him in my daily life. Also, the influence and motivation of him and CMP Lab in my research and job career are not forgettable.

I first met Azharul Islam sir on October 2008 on the occasion of Golden Jubilee celebration of the Department when I was a B.Sc. 2nd year student. On that occasion, I found him as an active and efficient person and later I knew that he was the main organizer of the program. Getting Prof. Azharul Islam sir as my M.Sc. thesis supervisor is a dramatic story and it is necessary to explain the background before entering into the main story. In B.Sc. 4th year, sir taught us the course, "Solid State Physics and Materials Science". In a class, sir provided a homework of solving two mathematical problems regarding elastic constants and moduli of solids and asked us to submit the solutions as a report. I solved one of the problems but I was unable to solve the other and decided to meet him to discuss on the unsolved problem. However, I felt hesitation to enter his room and finally I entered with nervousness as it was my first entry in CMP Lab. Then, I informed him that I solved one problem but I did not understand the second one. He appreciated my efforts and provided me some clues to solve the problem. Finally, I solved the problems and submitted the reports in typing format and found him as a friendly person on that occasion. After getting B.Sc. result on November 2011, my classmate Jubair and me went to CMP Lab to meet Prof. Azharul Islam sir and

expressed our interest to get him as our M.Sc. thesis supervisor. Unfortunately, sir informed us that he decided not to supervise any student in that year as he was going to retirement soon (June 2012). However, we requested him to reconsider the decision and then he asked our results and then thought for a few moments. Immediately, he recognized me that I provided the solutions of the mathematical problems in typing format and then he expressed his happiness regarding our results and abilities. Finally, sir agreed to supervise us and later he took few more interested students. We were lucky that we are the last batch of M.Sc. thesis students who got Prof. Azharul Islam sir as their principal supervisor.

Our journey started as new members of CMP Lab on December 2011. Truly, I had no previous knowledge in research before going to the Lab. Our M.Sc. thesis supervisor and chief of the CMP Lab, Prof. Azharul Islam sir taught us everything on research. He explained what is research and how one should conduct it. He also taught us about the fundamentals of research like research ethics, plagiarism etc. Now, I am doing Ph.D. in Queensland University of technology (QUT), Australia. Here, higher degree research students (M.Sc. and Ph.D.) have to undertake a mandatory course on the fundamentals of research having title "AIRS (Advanced Information Research Skills)". In AIRS course, student learn the fundamentals of research such as selecting research problem, finding research gap, research ethics, plagiarism, writing a research paper, searching a reference paper, knowing bibliographic information of a published paper, consistency of writing, etc. There was no course on research fundamentals like AIRS for research student in the department of Physics at Rajshahi University. However, we have learnt these fundamentals from Azharul Islam sir in CMP Lab. I also got the opportunity to learn to write a research article directly from sir. During summer vacation when most of the teachers and students enjoy the vacation, our honourable sir used to come to the Lab regularly at early morning as if it were an open day. In the summer vacation of 2012, my classmate Tarek and me stayed at Rajshahi instead of going home. At that time, we used to come to our Lab every day and sir guided me to prepare my first paper. Sir taught me every step of the paper such as finding research gap, performing laboratory works, presenting data in paper, writing the paper with appropriate format and consistency, selecting journal,

submitting the paper as well as addressing reviewers in proper ways. Finally, I was lucky that the paper was published before submitting my M.Sc. thesis paper. Honestly, I have learnt every single step of publishing a research article from Azharul Islam sir.

After completing M.Sc. in early 2013, I continued my research in CMP Lab to build my research career through further publications and enhancement of knowledge. I still have a close contact with Azharul Islam sir as well as CMP Lab and we have published at least 12 joint papers in reputed international journals in recent years. Prof. Azharul Islam sir is a role model of a perfect supervisor. Before coming to Australia, I learnt how to handle a supervisor from him and my current Ph.D. supervisor is very much pleased with me. In addition to my Ph.D. research, I have been continuing my collaborative works with Prof. Azharul Islam sir as well as the other members of CMP Lab. I still seek help from Azharul Islam sir, once I face any problem related to my research. I always get some thoughtful feedback, important guidelines and effective solutions from him. I found him as a helpful and kind professor not only to me but also to all of his students.

In my view, Condensed Matter Physics Laboratory of the Department of Physics at Rajshahi University is the most productive Lab in the perspective of limited resources available in Bangladesh. We have been working as a group which is very much important in research. I found each member of this group as a polite, helpful and liberal one. Now the members of CMP Lab have spreaded out over the world and are working in teaching or research position at different organizations, especially as the faculty members of different public universities in Bangladesh. Most of the members are doing great in their workplaces whether they are in home or abroad as they have been trained up as an active researcher in CMP Lab. This became possible because of the founder and chief of the lab, Prof. Azharul Islam sir. His merit, discipline and ability make him superior over the other researchers in Bangladesh. He is not only a domestic hero but also equally famous as a renowned researcher among the international community.

Finally, I would like to express my thanks to the organizer and editors who took the great initiative to publish the Felicitation Volume 'Tour de CMP' in honour of Prof. Azharul Islam sir on the

eve of his 72nd birthday. I am also taking the opportunity to show my respect and honour to my most favourite teacher. I wish him a healthy, peaceful and comfortable long life on this memorable occasion.



Md. Roknuzzaman

Assistant Professor, Department of Physics
Jessore University of Science and Technology
& Ph.D. Student, Science and Engg. Faculty
Queensland University of Technology, Australia
E-mail: roknphy@gmail.com
md.roknuzzaman@hdr.qut.edu.au

মতিহারের এক জীবন্ত মতির স্মৃতিকথা

প্রফেসর ড. মোঃ বদিউর রহমান

১ম পর্ব

আল্লাহ পাক বেশ কয়েক প্রকার রং এর মাটির সমন্বয়ে মানুষ সৃষ্টি করেছেন। মানুষ সৃষ্টির পর এই মানুষকে অন্য যে কোন প্রকার সৃষ্টির সঙ্গে অতুলনীয় এবং অতিশয় রহস্যময়তায় ভরা দুটি অদৃশ্য বস্তু দান করেছেন। এ দুটির একটি সকলের জানা কিন্তু অচেনা বস্তুটি হল মন। মনস্তত্ত্ববিদদের মতে এ মন থেকেই “মনোভাবের” উৎপত্তি এবং এই মনোভাব মানুষের মৌখিক প্রকাশ এবং আচরণের মাধ্যমে প্রকাশিত হয়। আর এই প্রকাশিত মনোভাবের মাধ্যমেই মানুষকে জানা বা চেনা যায়। কারণ এই মনোভাবের প্রকৃতি অস্থির বা সহজে পরিবর্তনশীল নয়। এ জগতে কোন মানুষই এর আওতা বহির্ভূত নয় বলে আমরা কোন মানুষকে কেবলমাত্র এর প্রকাশ এবং এর দ্বারা প্রভাবিত আচরণের মাধ্যমেই জানতে, চিনতে এবং চারিত্রিক বৈশিষ্ট্যের রূপরেখা ধরতে পারি। আর একবার ধরতে পারলেই বলতে পারা যায়- এ মানুষটি ঐরূপ, ঐ মানুষটিই ঐরূপ বা অন্যভাবে বলা যায়-এ মানুষটি প্রজ্ঞাদীপ্ত বা ধীরস্থির, অনুসন্ধানী, কর্ম-প্রেরণাদীপ্ত এবং প্রতিভাবান। তবে কোন মানুষের অর্জিত এ সব গুণাবলী সম্পর্কে ওয়াকিবহাল হতে বেশ সময়ের প্রয়োজন হয়। অর্থাৎ সব সম্পর্কে কারও মনোভাবের সৃষ্টি বেশ সময়সাপেক্ষ ব্যাপার। তবে মানুষের মেধার মাত্রাও এখানে কার্যকর। তাই মেধাবীরা অপেক্ষাকৃত কম সময়ে যা ধরতে পারেন, অন্যের মনোভাব ও বৈশিষ্ট্যচিহ্নিত করতে পারেন, স্বল্প মেধা ও বেকুব গোছের মানুষ তা পারেন না।

আমি ঐরূপই স্বল্পমেধাবী এবং বেকুব মানুষ বলেই দীর্ঘদিন একসাথে অবস্থান, আলাপ-আলোচনা, গল্প-গুজব, কোন তথ্যের বিশ্লেষণ, চিন্তন ও কর্ম পরিকল্পনার বাস্তবায়নে দ্রুতগামিতার ধারণার উপলব্ধি করেও মতিহার ক্যাম্পাসের (রাজশাহী বিশ্ববিদ্যালয়) এক অতিশয় সুউজ্জ্বল মতিকে জানতে, চিনতে এবং তাঁর সম্পর্কে পূর্ণ একটি মনোভাব গঠন করে উঠতে পারিনি। মহাকবি রুমি (রাঃ) বলেছিলেন- “অলিরা অলিকে চেনে”। এ কথার মর্ম অনুভব করেই বলছি-অতিশয় মেধাবী, প্রখর স্মৃতি শক্তি সম্পন্ন স্বল্পবাক এবং গভীরভাবে গবেষণা ও কর্মপ্রবণ একজন খ্যাতিমান পণ্ডিতকে আমি কিভাবে বুঝতে পারব? বুঝতে পারিনি বলেই এ মতির সঙ্গে চলাফেরা, উঠাবসা, মেলামেশা ও আলোচনার মাধ্যমে যে ধারণা আমার মনে

সৃষ্টি হয়েছে, তাই ভাসাভাসাভাবে লিখব। তবে বিজ্ঞানী হিসেবে তাঁর সম্পর্কে কিছু লিখা আমার সাধের বাইরে।

হাঁ, মতিহারের এই জলজলে সুউজ্জ্বল ও স্বীয় স্বাতন্ত্র্যে দীপ্তমান এই মতিই হলেন প্রখ্যাত গবেষক ও চিন্তাবিদ প্রফেসর ড. এ.কে.এম. আজহারুল ইসলাম যিনি তাঁর ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে পরিচিত।

১৯৬৩ সালের আগস্টে একদিন সকালবেলায় দীর্ঘদেহী এক তরতাজা যুবক জিন্নাহ হলের (বর্তমানে শেরে বাংলা হল) ২৭নং কক্ষে এসে নজরুল সাহেব (বর্তমানে অবসর প্রাপ্ত প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম) এর সাথে কথা বলছেন। প্রথমে এই কক্ষে আমিও থাকতাম। কক্ষে ঢুকে অপরিচিত এই যুবককে দেখে নজরুল সাহেবকে জিজ্ঞাসা করায় তিনি আমাকে তাঁর পরিচয় দিলেন এবং ঐ সময়ই তাঁর সঙ্গে আমাকে পরিচয় করিয়ে দিলেন। জানলাম, তিনি পদার্থবিজ্ঞান বিভাগে ১ম বর্ষের ছাত্র। আমিও ১ম বর্ষের ছাত্র। তাঁর সঙ্গে আমার ক্রমশঃ ঘনিষ্ঠতা এখন থেকেই শুরু। পরে জানলাম, তিনি গ্রামের স্কুল থেকে ম্যাট্রিকুলেশনে অষ্টম এবং এইচএসসিতে ইংরেজি প্রথম পেপারে অংশগ্রহণ না করতে পেরেও পঞ্চম স্থান অধিকারী এক ব্রিলিয়ান্ট স্টুডেন্ট। এরূপ একজন ব্রিলিয়ান্ট স্টুডেন্টের সাথে পরিচিত হতে পেরে আমি খুব খুশি হলাম। আরও খুশি হলাম যখন এক বছর পর আমরা একটি কক্ষে রুমমেট হয়ে গেলাম। এই রুমমেট হওয়ার পেছনে একটি ঘটনা আছে। সংক্ষেপে ঘটনাটি এরূপঃ স্বনামধন্য প্রফেসর (পরবর্তীতে বাংলাদেশের অর্থমন্ত্রী) ডঃ আজিজুর রহমান মল্লিক (এ.আর. মল্লিক) সে সময় জিন্নাহ হলের প্রভোস্ট ছিলেন। তিনি ছিলেন প্রতিভাবান ছাত্রদের প্রতিভার লালন পালনকারী। জিন্নাহ হলের ইস্ট এবং ওয়েস্ট হাউসের ১ম বর্ষের সমস্ত ছাত্রের ফলাফল বিশ্লেষণ করে তিনি চারজন ছাত্রকে নির্বাচিত করেন। নির্বাচিত এ চারজন - আজহারুল ইসলাম, নজরুল ইসলাম, আবু বকর এবং আমি। আমাদেরকে অফিসে ডেকে স্যার বললেন, তোমরা চারজন ওয়েস্ট হাউসের দোতলায় দুটি রুমে থাকবে। উল্লেখ্য, ঐ দুটি কক্ষ প্রভোস্ট অফিসের উপর তলায় বিশেষভাবে সজ্জিত, যেখানে ফ্যান, লাইট এবং বাথরুম ছিল। হলের কোন কক্ষেই এসব কল্পনাতীত ব্যাপার ছিল। আমরা চারজন আনন্দে আটখানা হয়ে ঐ কক্ষে উঠে পড়লাম। তবে ঐ দুটি কক্ষে কে কোন রুমে থাকবে, স্যার আমাদের উপর ছেড়ে দিয়েছিলেন। আমরা একত্রে বসে সিদ্ধান্ত নিতে গেয়ে আমি প্রথমেই বলে ফেললাম, —“আমি আর আজহারুল ইসলাম এক রুমে এবং বাকি দুজন অন্যকক্ষে”। সবাই আমার কথায় সায় দিলেন এবং আমি এভাবে ভবিষ্যতের বৈজ্ঞানিক ও চিন্তাবিদ

আজহারুল ইসলামের রুমমেট হলাম। আমার জন্য এটি ছিল এক সৌভাগ্যের ব্যাপার।

সে যা হোক, দেখতে দেখতে দুটি বছর পার হয়ে গেল। এ দুটি বছরে আজহারুল ইসলাম সাহেবকে রুমমেট হিসেবে, ছাত্র হিসেবে, বন্ধু হিসেবে ভালোভাবে জানার একটি মওকা পাওয়া গেল। রুমমেট হিসেবে অবসরে নানা কথা বলার একটা সুযোগ থাকে। সেই সুযোগে লেখাপড়া, বিভাগ, বিশ্ববিদ্যালয়, ক্লাস বা বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ঘটনা নিয়ে আলাপ করাটাই স্বাভাবিক। যতদূর মনে পড়ে, আমিও এসব নিয়ে তাঁর সঙ্গে আলাপের চেষ্টা করেছি। কিন্তু খোলামেলাভাবে এসব ব্যাপারের দু একটা কথা ছাড়া তেমন বিস্তারিত আলাপ করে সময় নষ্ট করতে তিনি চাইতেন না। তিনি মিতভাষী যুবক হিসেবেই আমার চোখে প্রতিভাত হলেন। লক্ষ্য করলাম, তিনি একটা টাইম-সিডিউল মেনে চলছেন। ফজরের আযানের পর ঘুম থেকে উঠে, প্রস্তুত হয়ে মসজিদে যেতেন। আমিও যেতাম এভাবে। তবে নামাজ শেষে অনেক সময়ই এদিক ওদিক যেতাম। কিন্তু তিনি সোজা রুমে এসে পড়তে বসতেন। গোসল-নাস্তার পূর্বেই তিনি যেটুকু সময় পেতেন সে সময়টুকু পড়াশুনা করতেন। এরপর যথারীতি ক্লাসে যাওয়া, বিকেলে প্রাকটিক্যাল বা লাইব্রেরিতে কাটিয়ে সন্ধ্যার আগেই হলে ফিরতেন। মাগরিবের নামাজ শেষে ডাইনিং হলে রাত্রে খাওয়া খেয়ে এসে সোজা পড়ার টেবিলে বসতেন। রাত দশটা বাজার সাথে সাথেই ঘুমিয়ে পড়তেন। যে কোন অবস্থায় তাঁকে রাত দশটার পর আর জাগ্রত পাওয়া যেত না। আমাদের দুজনেরই টেবিল লাইট ছিল বলে আমি একটু রাত জেগে পড়লেও তাঁর ঘুমের কোন ব্যাঘাত হত না।

এর পর দেখতে দেখতে দুটি বছর কেটে গেল এবং এরপর অনার্স ফাইনাল পরীক্ষাও এসে গেল। অনার্স ফাইনাল পরীক্ষা শেষ হওয়ার তিন মাসের মধ্যে ফলাফল ঘোষিত হল। দেখা গেল পদার্থ-বিজ্ঞান বিভাগে রেকর্ড ব্রেকিং মার্কস পেয়ে আজহারুল ইসলাম প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করলেন। তাঁর প্রাপ্ত মার্ক শুধু বিজ্ঞান অনুষদে নয়, অন্য অনুষদেও সর্বোচ্চ। এ সময়ে খুবই ব্রিলিয়ান্ট ছাত্র হিসেবে আজহারুল ইসলামের পরিচিতি বিশ্ববিদ্যালয়ের সর্ব মহলে ছড়িয়ে পড়ে। সকলেরই ধারণা বন্ধমূল হয়ে যায় যে তিনি বিজ্ঞান অনুষদে প্রথম স্থান অধিকার করে বিদেশ গমনের জন্য বৃত্তিলাভ করবেন। হলও তাই ঠিক এক বছর পরে। এ সময়ে দীর্ঘদেহী সুন্দর, স্বল্পবাক এ মেধাবী যুবকের দিকে শিক্ষক এবং ছাত্র-ছাত্রীদের নজর পড়ে। বিজ্ঞান ভবনের বারান্দায় তাঁর সঙ্গে একটু দৃষ্টি বিনিময়, বা তাঁর সঙ্গে সম্পর্ক গড়ে তোলার স্বপ্ন নিয়ে দুচারটি কথা বলার আশায় অনেকেই উনুখ হয়ে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে।

দুকক্ষে অবস্থানকারী আমরা চারজন মাস্টার্স শেষ পর্বে ভর্তি হলাম। এ সময় আমি এবং আজহার সাহেব আলাদা হয়ে দুই সিঙ্গেল কক্ষে দুজন সিট পেলাম। আমার এবং তাঁর কক্ষ পাশাপাশি। আমাদের দুজনের মাঝে কেবল একটি দেয়াল আমাদেরকে আলাদা করে দিল। আমাদের মেলা মেশায় এতে তেমন কোন বাধার সৃষ্টি হয়নি। ভর্তি হওয়ার কিছুদিন পর লক্ষ্য করলাম, একই কক্ষে থাকতে তিনি যেমন কিছুটা রিজার্ভ এবং স্বল্পবাক ছিলেন এ সময়ে তিনি কেমন করে কি কারণে যেন কিছুটা খোলামেলা হলেন। তাঁর মধ্যে কিছুটা হাসিখুশিভাব এবং বিকালবেলা সময় থাকলে একসাথে মতিহার ক্যাম্পাসে ঘুরে ফিরে আসার আশ্রয় দেখা গেল। সে সময় বিকেল বেলা মহিতার চত্বরে ঘুরে বেড়ানোর আনন্দই ছিল আলাদা।

নিজের পরিমণ্ডলে নিজেকে কিছুটা আবদ্ধ করে রাখা স্বল্পবাক আজহারুল ইসলামের লেখাপড়ার চিন্তা ছাড়া অন্য কোন চিন্তা যে তাঁর মাথায় প্রবেশ করতে পারে — তা আমাদের ধারণার বাইরে ছিল। কিন্তু আমাদের এ ধারণায় চিড় ধরল যখন ঘটনাক্রমে আমি কিছু ইঙ্গিত পেয়ে গেলাম।

পদার্থ-বিজ্ঞান বিভাগে জনৈক সুবিখ্যাত ছাত্রীর ডাকনাম ‘হেনা’ (Hena)। তাঁকে সুবিখ্যাত ছাত্রী বললাম, এ কারণে যে তিনি তাঁর ব্যাচে ম্যাট্রিকুলেশনে বোর্ডে ২য় স্থান, এইচ.এস.সি তে ১ম স্থান, অনার্স এবং মাস্টার্স ডিগ্রির দুটোতেই ১ম শ্রেণিতে ১ম স্থান অধিকার করে বিজ্ঞান অনুষদে ১ম স্থান অধিকার করেন। এরপর আরও আকর্ষণীয় ব্যাপার হল- এ সুবিখ্যাত ছাত্রীটি ঐ সময়ের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রখ্যাত প্রফেসর ড. আব্দুল লতিফ সাহেবের জ্যেষ্ঠ কন্যা। নিজের পাওয়া নানা তথ্য ঘেটে আবিষ্কার করলাম যে, এই দুজনের মধ্য সম্পর্ক গড়ে ওঠার সম্ভাবনা প্রবল। এ ছাড়া আজহার সাহেবের ভাবভঙ্গিতে তা বোঝা গেল। এটি জানার পর আমার পেটটি এমনভাবে ফুলতে লাগল যে, মনে হল কখন যেন এটি ফেটে যায়। এ অবস্থায় প্রতিজ্ঞা রক্ষা করতে পারলাম না। একদিন হাতে হাঁড়ি ভেঙ্গেই দিলাম। দ্রুত এই চকমপ্রদ সংবাদটি সারা মতিহার ক্যাম্পাসে ছড়িয়ে পড়ল। ছড়া বানান হলঃ

‘মতিহারের দুই মতি
লাগল জোড়া ছুটল জ্যোতি।’

এ খবর দশ কান হতে খুব বেশি সময় লাগল না। অতি দ্রুত সারা মতিহার ক্যাম্পাসের বন্ধুবান্ধব নানা রকম সুখ কল্পনা কাহিনি রচনা করতে শুরু করল।

দেখতে দেখতে মাস্টার্স ফাইনাল পরীক্ষা শেষ হয়ে গেল। ১৯৬৭ সালের সেপ্টেম্বরের মধ্যেই এবং তিন মাসের মধ্যেই যথারীতি ফলাফলও প্রকাশিত হল।

যেমনটি সকলেই আশা করছিল ঠিক তেমনই ঘটল। আজহার সাহেব রেকর্ড ব্রেকিং মার্ক পেয়ে প্রথম শ্রেণিতে প্রথম স্থান করলেন এবং বলা বাহুল্য কয়েক মাসের মধ্যেই তদানীন্তন পূর্ব পাকিস্তান সরকারের বৃত্তি লাভ করলেন বিদেশে পিএইচ.ডি. করার জন্য। উল্লেখ্য, এ বৃত্তির অফার লেটার পাওয়ার পূর্বেই তিনি পদার্থবিদ্যা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করলেন। এই বৃত্তির অফার লেটার পাওয়া সেসময় অনেক সম্মানের বিষয় ছিল। বিদেশে পাড়ি দেয়ার বাকি ফরমালিটিজ দ্রুতই শেষ হল। এখন উড়াল দেবেন ইউনিভার্সিটি অব লন্ডনের উদ্দেশ্যে।

কিন্তু তা কি করে হয়? এদিকে যে মতিহারের আরেক সুউজ্জ্বল মতি তাঁর শার্টের আন্তিন ধরে বসে আছেন! তাঁদের প্রতীক্ষা দীর্ঘতর হল না। এক শুভদিনে তাঁদের বিয়ে হয়ে গেল। মতিহারের এই সুউজ্জ্বল দুই মতি বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ায় আমরা কোরাস ধরলাম-

‘হেনা রেনুর মিলন হল
মতিহার ক্যাম্পাস হেসে উঠল।’

বলা হয়নি ‘রেনু’ হল প্রফেসর ড. এ.কে.এম. আজহারুল ইসলাম সাহেবের ডাকনাম। না বলা অনেক ঘটনার এই সুখস্মৃতিগুলো আমার মনে আজও জ্বলজ্বল করছে।

সে যা হোক, ১৯৬৯ সালে আজহার সাহেব লন্ডন ইউনিভার্সিটিতে পৌঁছে তাঁর পিএইচডি ডিগ্রির গবেষণা শুরু করেন। ১৯৭০ সালে বিজ্ঞান অনুষদে প্রথম স্থান অধিকার করে এঁ একই সরকারি বৃত্তি নিয়ে লন্ডনে চলে যান ভাবী মিসেস শামসুন্নাহার ইসলাম (হেনা ভাবী)। আজহার সাহেব ১৯৭২ সালে কৃতিত্বের সাথে পি.এইচ.ডি ডিগ্রি লাভ করেন। এরপর কিছু গবেষণা কর্মে এক বছর অতিবাহিত করেন। এর মধ্যে হেনা ভাবীর পি.এইচ.ডি ডিগ্রির কাজ শেষ হলে তাঁরা দুই ডক্টর দেশে ফিরে বিভাগে যোগদান করেন। লন্ডনে গবেষণা ও অধ্যাপনার অফার থাকলেও তিনি গ্রহন না করে দেশের টানে দেশে ফেরেন। শুরু হয় তাঁর কর্মতৎপরতা যা সর্বজনবিদিত। তিনি কোন রকম বাঁধার সম্মুখীন না হয়ে একের পর এক স্তর অতি সহজে অতিক্রম করেন এবং ১৯৮৪ সালে অধ্যাপক পদে উন্নীত হন। এরপর বিভাগীয় সভাপতি এবং বিজ্ঞান অনুষদের ডীন হিসেবে তিনি বিভাগ এবং অনুষদের উন্নতির জন্য অক্লান্ত পরিশ্রম করেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এমন কোন পর্যদ নেই যেখানে তিনি অবদান রাখেন নি। অধ্যাপক হিসেবে তাঁর কর্মতৎপরতা, নিষ্ঠা এবং ঐকান্তিকতা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে তো বটেই-দেশের উচ্চ শিক্ষা জগতের সব মহলে ছড়িয়ে পড়ে।

প্রফেসর আজহারের কর্মপ্রীতি ও কর্মতৎপরতার ব্যাপারে আমার জানার পরিধি সীমিত। কিন্তু একেবারে স্বল্প নয়। আমার জানামতে, প্রফেসর আজহার কর্মজীবনের প্রারম্ভ থেকেই এমন কর্মতৎপর ছিলেন যে তাঁকে যদি তাঁর কর্মজীবনের প্রারম্ভ থেকেই ‘কর্মপাগল’ বলা হয় তবে তা অতুক্তি হবে না। প্রভাষক হিসেবে যোগদান করার পর থেকেই তিনি সাংসারিক কর্মকাণ্ড ভাবীর হাতে সমর্পণ করে নিরলসভাবে শিক্ষা প্রদান, গবেষণা, প্রবন্ধ রচনা ইত্যাদি কর্মে সারাদিনই ব্যস্ত থাকতেন। চট্টগ্রাম থেকে রাজশাহী গেলে আমি প্রায়ই তাঁর বাসায় উঠতাম। ঐ সময় লক্ষ্য করলাম, ফজরের নামাজ শেষে গোসল সেয়ে তিনি ঠিক সাড়ে সাতটার দিকে নাস্তার টেবিলে বসতেন। পনেরো-বিশ মিটিটে নাস্তা সেয়ে ঠিক সকাল আটটার সময় বাসা থেকে বের হতেন। সকাল আট-টায় বিভাগের উদ্দেশ্যে বের হওয়ার ব্যাপারে কোন রকম ব্যতিক্রম তিনি করতেন না। দুপুর একটায় বাসায় ফিরে দুপুরের আহার শেষে দুটা বা আড়াইটার সময় আবার বিভাগে চলে যেতেন। ফিরতেন সন্ধ্যা বা তার কিছু পরে। কথাবার্তা বা গল্প-গুজবের কিছু সময় হত কেবল রাতের খাওয়ার সময় বা এর একটু আগে-পরে। অন্য কোন কিছুই তাঁকে এ কর্মপরিধির বাইরে আটকে রাখতে পারত না। কোন কোন সময় বিভাগে গিয়ে দেখেছি, সদা ব্যস্ত প্রফেসরকে। আমাকে তাঁর কক্ষে বসিয়ে তিনি চললেন কোন কাজে। বেশ কিছুক্ষণ পরে ফিরে এসে দেখেন আমি বিমুগ্ধ। বলে ওঠলেন, ‘আরে আমি একটু আটকা পড়ে গিয়েছিলাম। চলেন এবার যাই’। তাঁর কর্মব্যস্ততার একটু নমুনা দিলাম মাত্র। এভাবে বছরের পর বছর তিনি প্রচণ্ড ব্যস্ততার মধ্য দিয়ে তাঁর জীবনের গোল্ডেন টাইম অতিবাহিত করেন। এ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে হাজারও প্রফেসর কাজ করছেন। কজনই বা তাঁর মত সময়কে যথোপযুক্তভাবে ব্যয় করছেন? কিন্তু প্রফেসর আজহার তাঁর জীবনের প্রতিটি মুহূর্তকে গঠনমূলক কাজে ব্যয় করতে পেরেছেন বলেই তাঁর অর্জন আকাশচুম্বী, অন্ততঃ এ দেশের সার্বিক অবস্থার প্রেক্ষিতে।

ফলশ্রুতিতে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বসেই যে সব সৃষ্টিশীল কর্ম সম্পাদন করেন তা নিঃসন্দেহে অত্যন্ত প্রশংসনীয়। এখানে উল্লেখ্য যে, সময়ের সদ্ব্যবহারই কেবল এসব সৃষ্টির জন্য যথেষ্ট নয়; এর সঙ্গে উচ্চস্তরের মেধা (Intelligence) এবং সুতীক্ষ্ণ ও প্রখর স্মৃতিশক্তির প্রয়োজন। প্রফেসর আজহারের এসবই আছে এবং সেগুলো উচ্চ মাত্রায়। ফলে তাঁর পক্ষে সব বাঁধা ডিঙ্গিয়ে এত পরিমাণ উন্নত স্তরের গবেষণা করা সম্ভব হয়েছে। তাঁর সৃষ্টিশীল কর্মের মধ্যে আছে ২৬৯টি অত্যন্ত উচ্চস্তরের প্রবন্ধ যা অন্যান্য গবেষকের গবেষণার সূত্র বহন করে। তাঁর লিখিত পুস্তকের সংখ্যা ১৫টি।

তাঁর প্রবন্ধগুলোর মধ্যে কয়েকটি বাদে সবগুলোই পৃথিবীর উন্নত দেশগুলোর অত্যন্ত উন্নত এবং গবেষণার্থী জার্নালে প্রকাশিত এবং পদার্থবিদ্যার জগতে বহুলভাবে পাঠিত। এসব প্রবন্ধের মধ্যে নিহিত নূতন সূত্র এবং উপাত্ত না থাকলে বৈজ্ঞানিক মহলে এগুলো এত সমাদৃত হত না এবং বৈজ্ঞানিক হিসেবে তিনি খ্যাতি লাভ করতে পারতেন না। তাঁর এমন অবদানের কারণে ২০০১ সালে তিনি ‘আইসেসকো’ লরিয়েট হিসেবে পুরস্কৃত হন। সর্বোচ্চ মেধাবী ছাত্র বিবেচিত হওয়ায় প্রেসিডেন্ট গোল্ড মেডাল—সহ তিনি দেশে এবং বিদেশে আরও অনেক পুরস্কারে ভূষিত হন। শিক্ষার্থীদের চিন্তাশক্তি এবং সৃষ্টিশীলতা (Creativity) বৃদ্ধির জন্য তাঁর প্রচেষ্টা কারও বিবেচনার বাইরে যেতে পারে না। তিনি এ পর্যন্ত একশত জন এম.ফিল এবং পি.এইচ.ডি. ডিগ্রির গবেষকের গবেষণা পরিচালনা করেন। ভাবতে অবাক লাগে এত সব কর্মকাণ্ডের মধ্যে থেকে কিভাবে তিনি এত গুলো গবেষকের মাথায় নূতন নূতন চিন্তার উদ্বেক করলেন।

প্রফেসর আজহার এত সব কর্মকাণ্ডের মধ্যে ব্যস্ত থাকা স্বত্ত্বেও পৃথিবীর বিভিন্ন প্রান্তে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনে যোগদান করা থেকে বিরত থাকেননি। তিনি পৃথিবীর বহু দেশের আমন্ত্রণ পেয়ে আন্তর্জাতিক সম্মেলনে যোগদান করেন বহুবার। তাঁর জীবনে একটা সময় গেছে যখন কোন না কোন দেশের পাঠান বিমানের টিকেট তাঁর পকেটে সর্বদাই থাকত। আর তিনি বিজ্ঞানের উন্নতির উদ্দেশ্যে সে সব দেশে ছুটে গেছেন। এভাবে প্রায়ই দেশের বাইরে থাকায় তাঁর সংসারে এক রকম একটা শূন্যতার সৃষ্টি হত। রাজশাহীতে কোন কাজে গেলে আমি শ্রদ্ধেয় হেনা ভাবীর কাছ থেকে এসব জানতে পারতাম। গল্পছলে কখনও কখনও প্রফেসর সাহেবও এরূপ কথা আমাকে বলেছেন। জানা যায়, তিনি পৃথিবীর ত্রিশটি দেশে আন্তর্জাতিক সম্মেলনে যোগদান করেন। এর মধ্যে ইতালির ত্রিয়েস্তে সাতবার গমন করেন। বাংলাদেশে বিজ্ঞান বিষয়ক সম্মেলনে যোগদানের ফিরিস্তি আর নাইবা দিলাম। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল, সিনেট, সিভিকিট, অনুষদ বা বিভাগের সভাপতিত্বে যোগদান করা, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সিলেকশন কমিটি, পি-এইচ.ডি ও এম.ফিল কমিটির সভায় যোগদান, বিভিন্ন জায়গায় আমন্ত্রিত হয়ে বক্তৃতা প্রদান ইত্যাদি তো ছিলই, কিন্তু সব সময়েই এসবের উর্ধ্বে তিনি স্থান দিতেন গবেষণাকে। গবেষণার চিন্তা মাথায় থাকলে অন্য কোন কিছুর চিন্তা মাথায় থাকে না এবং সময়ও থাকে না। এ কারণে রাজশাহীতে মাছ বাজার কোথায়, তরকারির বাজার কোথায় আজও তা তিনি জানেন না। সাংসারিক কোন কিছুর সাথে জড়াতে তিনি বরাবরই বীতশ্রদ্ধ। সহায় সম্পত্তি ক্রয় করা বা দেখা শোনার ব্যাপারে তাঁর বিরক্তি আমি লক্ষ্য করেছি।

সে যা হোক, এ সময় অর্থাৎ প্রফেসর হিসেবে কর্মজীবন শুরু করার কয়েক বৎসরের মধ্যেই তিনি প্রশংসনীয় এক ব্যক্তিত্বে পরিণত হন। তাঁর মেধা, মনন, স্মৃতিশক্তি এবং কর্মদক্ষতা সকল শ্রেণির মানুষকে মুগ্ধ করে। এসব কারণে সিনেটে নির্বাচিত হওয়ার পরে অন্ততঃ দুইবার তাঁকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগের প্রক্রিয়া প্রায় চূড়ান্ত পর্যায়ে পৌঁছে। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় হল যে, ব্যক্তি গোষ্ঠির রাজনৈতিক কুটচালার কারণে দুইবারই তাঁর নিয়োগ চূড়ান্ত পর্যায়ে পৌঁছেও তাঁকে ভিসি পদে নিয়োগ দেয়া হয়নি। সরকারের উচ্চ পর্যায় থেকে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ভিসির প্রস্তাব তিনি প্রত্যাখ্যান করেন (একবার কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় ও আরেকবার টাঙ্গাইলে নির্মায়মান নতুন বিশ্ববিদ্যালয়ে ভিসি হিসেবে নতুন নিয়োগের সময়)। এদেশে প্রতিভা এবং কর্মদক্ষতার মূল্যায়ন যে যথার্থভাবে হয় না। তাঁর উজ্জ্বল প্রমাণ প্রফেসর আজহারের ভিসি হিসেবে নিয়োগের ব্যর্থতার এই বিষয়টি। তিনি ব্যর্থ হননি। বরং ব্যর্থ হয়েছে সরকার তাঁর মত সৎ, কর্মদক্ষ, সৃজনশীল এবং উদ্ভাবনী শক্তির অধিকারী একজন সম্মানিত ব্যক্তিকে নিয়োগ দিতে না পেরে। তিনি বঞ্চিত হননি, বরং বঞ্চিত হয়েছে বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের সাথে জড়িত সব মহলই।

২য় পর্ব

আমি ইতিপূর্বেই উল্লেখ করেছি যে, প্রফেসর আজহারুল ইসলামের সততা, নিষ্ঠা, কর্মদক্ষতা এবং সর্বোপরী জ্ঞান-বিজ্ঞানের ভুবনে নিরলস বিচরণের বিষয়টি বাংলাদেশের শিক্ষিত মহলে অবিদিত রইল না। চট্টগ্রামে বাস করলেও তাঁর সঙ্গে বিশেষতঃ ভাবী প্রফেসর ড. শামসুন্নাহার ইসলামের সাথে আমার যোগাযোগ ছিল। টেলিফোনে বা রাজশাহী গেলে ভাবীর সামনে বসে কিছু “ঝাল-বড়া” খেতে খেতে প্রফেসর আজহারের কর্মকাণ্ডের এবং কর্মপ্রীতির বিবরণ পেয়ে যেতাম। এতে আমার ধারণা হয়েছিল যে, চট্টগ্রামে থাকলেও আমিই বোধহয় চট্টগ্রামের যে কোন লোকের চেয়ে তাঁকে বেশি জানি। কিন্তু তা যে ঠিক নয়, হঠাৎ করে একদিন তাঁর প্রমাণ পাওয়া গেল।

২০০২ সালে জুলাই মাসের শেষ দিকে অথবা আগস্ট মাসের প্রথম দিকে আকস্মিকভাবে খবর পেলাম, প্রফেসর আজহারুল ইসলাম চট্টগ্রামে আসছেন। কি কারণে তিনি আসনে, তা স্পষ্ট—ভাবে জানতে পারিনি। চট্টগ্রামের আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে কর্মরত আমার এবং আজহারুল ইসলাম সাহেবের পরিচিত কোন এক প্রফেসর আমাকে জানালেন যে, প্রফেসর সাহেব এই বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের আমন্ত্রণে চট্টগ্রাম আসছেন। তাঁকে এ বিশ্ববিদ্যালয়ের সাথে সংশ্লিষ্ট

সকল শ্রেণির মানুষ, ট্রাস্টি বোর্ডের সেক্রেটারি এবং সদস্যদের সাথে পরিচিত করার এবং তাঁরও পরিচিতি বিশ্ববিদ্যালয়ের সব মহলের কাছে তুলে ধরার উদ্দেশ্যে একটি সভার আয়োজন করা হয়েছে। আপনিও এ সভায় যোগদান করবেন। আমি বললাম, ‘অবশ্যই আমি ঐ সভায় আসব’। আমি অনুসন্ধান করে জানলাম যে, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড তাঁর থাকার জন্য একটি নামীদামি হোটেলের কক্ষ বুকিং দিয়েছে। আমার মত গরিবের বাসায় তাঁর জন্য যে বিছানা সাজান হয়েছিল তা তেমনই রয়ে গেল। অবশ্য ট্রাস্টি বোর্ডের কর্মকর্তাবৃন্দ তাঁর আতিথেয়তার ব্যাপারে কোন কার্পণ্য করেননি। বরং বলা যায় এক ধরণের রাজকীয় ব্যবস্থাই করেছিলেন।

প্রফেসর আজহার চট্টাহামে পৌছার পরদিনই ঐ সভা অনুষ্ঠিত হয়। কি কারণে যেন ঐ সভায় পৌছতে আমার একটু দেরি হয়। সভাস্থলে পৌছে দেখি এলাহী কাণ্ড। সভাস্থলে ঢুকে ডায়াসের দিকে আমি আর এগুতে পারছিলাম না। ঠেলেঠেলে কোনভাবে একটু সামনে এগোনোর পর দাঁড়িয়ে গেলাম। এমতাবস্থায় ডায়াসে উপবিষ্ট কেউ একজন আমাকে দাঁড়িয়ে থাকতে দেখে - আমাকে ডায়াসে যাওয়ার জন্য অনুরোধ করলেন। তাঁর অনুরোধে সামনের লোকজন পথ করে দিলে আমি সেখানে গিয়ে বসলাম। বসলাম বটে, কিন্তু প্রফেসর আজহারুল ইসলাম সম্পর্কে কোন কথা বলার মওকা পেলাম না। কারণ সভা তখন প্রায় শেষের দিকে। আমি মনে মনে আফসোস করেই মরলাম। তবে অত্যন্ত খুশি হলাম এটা দেখে যে প্রফেসর আজহারুল ইসলামকে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগের প্রক্রিয়ার মধ্যে আয়োজিত এ সভায় তাঁর প্রতি প্রশংসাযোগ্য আন্তরিকতা ও সম্মান প্রদর্শন করা হল। সভা শেষে প্রফেসর সাহেব, আমি এবং আরও দু'একজন কথা বলার মধ্যে ট্রাস্টি বোর্ডের তদানীন্তন সেক্রেটারি মৌলবি বদিউল আলম রাতে তাঁর বাসায় তাঁকে ভোজে যোগদানের অনুরোধ করলেন। আমন্ত্রণ থেকে আমিও বাদ পড়লাম না। খাওয়ার টেবিলে বসে দেখি, এলাহী কাণ্ড। তিনি নানা রকম খাবার দিয়ে টেবিল সাজিয়েছেন। যা হোক, খাওয়া-দাওয়া শেষে তাঁর বাসা থেকে চলে আসার সময় সেক্রেটারি সাহেব আমাকে পাশে ডেকে নিয়ে বললেন, ‘প্রফেসর সাহেবকে আমাদের বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে যোগদান করার জন্য আপনি কনভিনস করবেন’। আমি বললাম, -‘আমার সাধ্যমত চেষ্টা করব’।

২০০২ সালের আগস্ট মাসের শেষ দিকে অথবা সেপ্টেম্বর মাসের প্রথম দিকে প্রফেসর সাহেব একটি বাসা খোঁজার জন্য টেলিফোনে আমাকে বললেন। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য ড. কাজী দীন মোহাম্মদ এবং আমি শহরের ওয়ার নিজাম রোডে একটি ডুপ্লেক্স বাসা পছন্দ করে তাঁকে জানালাম। ভাবলাম-

বেশ ভাল একটি বাসা তাঁর জন্য ভাড়া করা হল। বিশ্ববিদ্যালয়ের নিকটে একটি সম্ভ্রান্ত এলাকায় অবস্থিত ঐ বাসাটি দেখে শ্রদ্ধেয়া ভাবী খুশি হবেন এবং আমাকে একটা ছোটখাট ধন্যবাদও দিবেন। কিন্তু হায় কপাল, তিনি এসে বাসার চারদিক ভালভাবে ঘুরে ফিরে দেখে বললেন, ‘এটা কি মানসম্মত এবং যাকে বলে সবদিক দিয়ে ভাল বাসা বলা যায়? এ বাসার এটা নেই, সেটা নেই, দক্ষিণ দিক খোলা নেই’ ইত্যাদি। আমি হতভাগা পেলাম একটা ‘ঝাড়ি’ এবং সাথে ‘ঝাল-বড়া’। কি আর করি - কথা বলার জো নেই - চুপ করেই থাকলাম অনেকটা মাছ খেয়ে ধরা পড়া বিড়ালের মত।

২০০২ সালের ১৬ সেপ্টেম্বর সকালে প্রফেসর সাহেব আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে যোগদান করলেন। শুরু হল চট্টগ্রামে তাঁর নিরলস কার্যক্রম। তাঁর যোগদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয় যেন নূতন করে প্রাণ ফিরে পেল এবং কর্মপ্রবাহের একটা জোয়ার সৃষ্টি হল। বিপুল উদ্যোগে তিনি কাজ শুরু করলেন। তাঁর কাজের একটা ‘গতি’ আছে। এ গতির সঙ্গে সংগতি রেখে বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অঙ্গগুলি চলতে পারবে কিনা এ নিয়ে আমার মনে এক ধরনের সংশয় ছিল। কিছুদিনের মধ্যেই দেখা গেল, বিশ্ববিদ্যালয়ের সব অঙ্গই গা ঝাড়া দিয়ে উঠে দৌড়াতে শুরু করেছে। কর্মধারা বেশ সাবলিলভাবেই প্রবাহিত হচ্ছে। আমার চিন্তা হচ্ছিল, এ ধারা ক্রমাগত প্রবাহিত হওয়ার পথে কোন বাঁধা সৃষ্টি হবে না তো?

একজন নিষ্ঠাবান কর্মী, স্বাধীন চেতা মানুষ এবং প্রতিষ্ঠানের উন্নয়নে প্রতিজ্ঞাবদ্ধ বা দৃঢ় প্রতিজ্ঞ ভিসির সামনে কিছু আইনগত অন্তরায় তো আছেই যা সাধারণতঃ পাবলিক বিশ্ববিদ্যালয়ে নেই। ‘The Public University Act-2010’ এর ৩১ অনুচ্ছেদের উপধারা দুই-এ বলা হয়েছে- ‘The Vice-Chancellor shall be the chief executive and academic officer of the concerned university and he/she will be responsible for implementation of the decisions of the syndicate and the board of Trustees’ আবার একই অনুচ্ছেদের আট নম্বর উপধারায় বলা হয়েছে- ‘The vice-chancellor will be accountable to the Board of Trustees for his activities’। আবার নয় উপধারায় বলা হয়েছে- ‘The chancellor can remove the Vice-Chancellor on the recommendations of the Board of Trustees, for clear and acceptable reasons’। এই উপধারা তিনটির মর্মার্থ হল ভাইস চ্যান্সেলর মোটামোটিভাবে বোর্ড অব ট্রাস্টিস কাছে বাঁধা যদিও এক নম্বর উপধারায় বলা হয়েছে যে, ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী এবং একাডেমিক অফিসার। এখানে আইনগতভাবে সংকট বিদ্যমান। ভাইস

চ্যাম্পেলরকে তাঁর কাজকর্মের জন্য ট্রাস্টি বোর্ডের কাছে জবাবদিহি করতে হবে। অন্যদিকে তিনি চিফ এক্সিকিউটিভ হিসেবে স্বাধীনভাবে কর্ম পরিচালনা করতে বদ্ধ পরিকর হলে ট্রাস্টি বোর্ড অন্তরায় সৃষ্টি করতে পারে। ফলে সারাজীবন স্বাধীনভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনায় অভ্যস্ত একজন মানুষ কোন না কোনভাবে বাঁধাগ্রস্থ হবেই। এমতাবস্থায় এ রকম একজন ব্যক্তিত্বের যে সব পথ খোলা তা হল- হয় তিনি ট্রাস্টি বোর্ডের সর্ব ব্যাপারে খবরদারি মেনে নিয়ে কাজ করবেন, না হয় তিনি বোর্ডের সিদ্ধান্ত এবং মনোভাব মেনে নিয়ে কর্ম পরিচালনা করবেন - নতুবা তিনি এ দুটোর কোনটিই মেনে না নিয়ে স্বাধীনভাবে কর্ম পরিচালনা করতে গিয়ে ট্রাস্টি বোর্ডের সঙ্গে বিরোধে জড়িয়ে পদত্যাগ করবেন। অত্যন্ত মেধাবী, উচ্চ পর্যায়ের একজন গবেষক এবং খ্যাতনামা একজন অধ্যাপকের পক্ষে এহেন অবস্থায় বিশ্ববিদ্যালয়কে পরিচালিত এবং উন্নত করা সত্যিই আইনগত এক বিরাট সমস্যা।

প্রফেসর আজহারুল ইসলামের ব্যতিক্রমী মেধা, সুতীক্ষ্ণ স্বরণশক্তি, আকর্ষণীয় ব্যক্তিত্ব এবং সর্বোপরি বিজ্ঞানে তাঁর এ দেশে অতুলনীয় অর্জন তাঁকে এবং বিশ্ববিদ্যালয়ের এ পরিবেশে তাঁর মনস্তাত্ত্বিক অবস্থাকে কিভাবে প্রভাবিত করবে- এ নিয়ে আমার এক ধরণের চিন্তা ছিলই। তাছাড়া ভাবী সাহেবা, দুই কন্যারত্নকে ছেড়ে একাকীত্ববোধ তাঁকে তাড়না করবে কিনা - এটাও ভাবার বিষয় ছিল। কিন্তু না, দেখা গেল সবকিছুকেই তিনি সহজভাবে নিয়ে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড, অন্যান্য কর্মকর্তা এবং পরিবেশের সঙ্গে, খাপ খাইয়ে নিয়ে রাতদিন বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডে ব্যস্ত হয়ে পড়লেন এবং মাস শেষে কয়েকদিনের জন্য রাজশাহীতে গিয়ে তাঁর অসমাপ্ত গবেষণার কাজেও আনজাম দিতে থাকলেন। আমার মত গোবর্ধনের চিন্তাকে অসার প্রমাণ করে প্রচণ্ড গতিতে তিনি কাজ চালিয়ে যেতে থাকলেন। আইনি কোন জটিলতা তাঁকে বাঁধাগ্রস্থ করতে পারল না। এ অবস্থা দেখে আমি এক প্রকার স্বস্তি এবং আনন্দ অনুভব করলাম।

প্রফেসর সাহেব তাঁর স্বভাব অনুযায়ী কর্মে ডুবে গেলেন। এমনভাবে ডুবে গেলেন যে কোন কোন সময় ডুবুরি দিয়েও তাঁকে খুঁজে পাওয়া যেত না। সকাল নয়টা বাজার সাথে সাথে তিনি অফিসে ঢুকতেন। একটানা কাজ করে দুপুর একটায় নামাজ এবং খাবার বিরতির পর আবার কাজ শুরু হত। কোনদিন সন্ধ্যায়, কোনদিন রাত আটটা নয়টা অবধি একটানা কাজ চলত। বাসায় গিয়ে রাত দশটায় সোজা বিছানায় যেতেন। রাত দশটায় শুয়ে পড়ার ধারায় কিছু ছেদ পড়ত যখন তিনি শহরের নামীদামি কোন হোটেলে কোন সভায় যোগদান করতে যেতেন। সভা শেষে ফিরতে কিছুটা দেরি হত। আমিও কোন কোন ওরিয়েন্টেশন সভায় যোগদান করেছি এবং দেখেছি তাঁর ব্যস্ততা এবং শুনেছি তাঁর বক্তৃতা। তাঁর কর্মধারার এ বৃত্তে

প্রবেশ করা যে কারও পক্ষে বড় মুশকিল ছিল। এভাবেই দিনের পর দিন, মাসের পর মাস চলতে থাকল।

প্রফেসর সাহেবের সঙ্গে যোগাযোগ রাখা এবং বিশেষতঃ তাঁর শরীর---স্বাস্থ্যের খবরাখবর নেয়ার ব্যাপারে আমি কিছুটা দায়িত্ব বোধ অনুভব করতাম। কখনও ফোনে, কখনও ছুটির দিনে তাঁর বাসায় গিয়ে, আবার কখনও তাঁর অফিসে গিয়ে খোঁজখবর নিতাম। ফোনে তাঁকে পাওয়াটা খুব কঠিন ছিল। কারণ এ সময় খুব ঘন ঘন আয়োজিত সভায় তাঁকে সভাপতিত্ব করতে হত। তাঁর ফোন বন্ধ পেলে তাঁর পিএস আরেফিনের মাধ্যমে তাঁর অবস্থান জানতে পারতাম। কোন সময় অফিসে গেলে দেখতাম--- সেখানে ট্রাষ্টি বোর্ডের সেক্রেটারি বা সদস্যবৃন্দ, কর্মকর্তা বা শিক্ষকবৃন্দ হাজির আছেন। আলাপ-আলোচনা চলছে, কাজ-কর্মের পরিকল্পনা হচ্ছে। এর মধ্যে তাঁর সঙ্গে দু'একটি কথা বলে ফিরে আসতাম। তবে ছুটির দিনে (সব সময় নয়) তাঁর বাসায় গেলে কিছুটা সময় গল্প-গুজব করা যেত। কিন্তু এখানেও বড়জোড় আধঘণ্টা থেকে এক ঘণ্টার বেশি সময় পেতাম না। কারণ ছুটির দিনেও নাস্তা সেরে বা তার পূর্বে ফজরের নামাজ শেষে প্রবন্ধ রচনা, আন্তর্জাতিক কোন জার্নালের প্রবন্ধ রিভিউ বা বিভিন্ন দেশ থেকে আসা ই-মেলের জবাব দেয়ার কাজে তিনি লিপ্ত থাকতেন। বড়জোর এক ঘণ্টার পরই লক্ষ্য করতাম, তাঁর মধ্যে এক প্রকার উদ্বিগ্নতা। মুখের ভাবে টের পেয়ে আমি বিদায় নিয়ে চলে আসতাম। মাঝে মধ্যে তিনি নিজেই বলতেন- 'আমি আজ একটানা এত ঘণ্টা কাজ করেছি'। আমার বোধে আসত না - কি করে তিনি দুপুরের খাবার খেয়ে দু-দশ মিনিটও রেস্ট না নিয়ে কাজে বসে যেতেন এবং তাঁর মন---মস্তিষ্ক কাজ করত। আমি এ ব্যাপারটি তখনও বুঝিনি আবার আজ পর্যন্তও বুঝি না।

ভিসি সাহেবের এহেন কর্মধারার কিছুটা ব্যতিক্রম হোত ভাবী সাহেবা ড. শামসুন্নাহার ইসলাম চট্টগ্রামে আসলে। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের সিনিয়র গ্রেডের প্রফেসর। ভিসি সাহেবের সহধর্মিণী এবং মতিহার চকুরের এক উজ্জ্বল মতি। তাঁর সম্পর্কে এ ধারণা পোষণ করা স্বাভাবিক ছিল যে, তিনি হবেন স্বল্পবাক, গম্ভীর এবং অমিশুক। কিন্তু তিনি তা নন। তাঁর মধ্যে গম্ভীর্য আছে ঠিকই, কিন্তু তিনি দিলখোলা, মিশুক এবং রসিকও বটে। তাই তিনি চট্টগ্রামে আসলে তাঁর সঙ্গে তাঁর বাসায় বসে গল্প-গুজব, আলাপ-আলোচনা এবং হাসি-তামাশা করা যেত। তাঁর উপস্থিতিতে প্রফেসর সাহেবও কখনও কখনও গল্পে মেতে উঠতেন - অন্ততঃ কিছুক্ষণের জন্য হলেও। এ সময় প্রফেসর সাহেবও কিছু কিছু রসিকতা করতেন। আলাপের মধ্যেই কথা উঠত - আমরা ভাবী সাহেবাকে নিয়ে কোথায় বেড়াতে যেতে পারি। আমরা প্রফেসর সাহেবের ছুটির দিনটি জেনে

বেড়াতে বের হওয়ার কর্মসূচি গ্রহণ করতাম। এভাবে ভাবী সাহেবা যখনই চট্টগ্রামে আসতেন তখনই কোন না কোনখানে একসাথে বেড়াবার সুযোগ পেতাম।

এরকমই এক সুযোগে আমরা রাঙ্গামাটি ভ্রমণে গেলাম। ঐ সময় ভাবীর সাথে তাঁদের দুই কন্যারও মিতি এবং তন্মীও চট্টগ্রামে এসেছিল। ভিসি সাহেব, ভাবী সাহেবা, মিতি, তন্মী এবং তাঁদের পাহারাদার ও গাইড আমি একদিন এক সকালে রাঙ্গামাটি রওনা হলাম। বলা বাহুল্য, ভাবী সাহেবা এ যাত্রার জন্য চকোলেট জাতীয় কিছু খাবারসহ নানা রকমের খাবার সাথে নিয়েছিলেন। মাঝে মধ্যে এগুলো উদরস্ত করতে করতে বেলা ১টার কিছু পূর্বে রাঙ্গামাটি শহরে প্রবেশের পূর্বে যে রেস্ট হাউজটি আছে সেখানে পৌঁছলাম। পূর্বেই সংবাদ দেয়া হয়েছিল যে আমরা রেস্ট হাউজে কিছুক্ষণ বিরতি নিব। রেস্ট হাউজে ঢুকে আমরা হাত মুখ ধুয়ে ফ্রেশ হয়ে টেবিলে বসলাম। বাসায় তৈরী করা ভাবীর সঙ্গে আনা খাদ্যবুড়ি থেকে মজাদার খাবার খেয়ে লাঞ্চ করলাম। মজাদার কিছু খাবার খেয়ে আমরা সকলেই খুব তৃপ্ত হলাম। উল্লেখ্য যে, ভাবী সাহেবা শুধু একজন উচ্চ পর্যায়ের প্রফেসরই নন, তিনি অত্যন্ত উচু স্তরের একজন রাধুনীও বটে। যে তাঁর হাতের রান্না খায়নি, সে কখনও আমার এ কথাটি বুঝবে না।

আমরা এরপর রেস্ট হাউজের চারিদিকটা ঘুরে দেখলাম। টিলার উপর অবস্থিত এ রেস্ট হাউজের চারিদিকের দৃশ্য সত্যিই মনোমুগ্ধকর। যেদিকেই তাকান যায় - শুধু দেখা যায় পাহাড় আর সবুজ গাছ-গাছালি। দেখে মনে হয় যেন, এক সুন্দর সবুজের মেলায় আমরা দাঁড়িয়ে আছি। কিছুক্ষণ পর রওয়ানা হয়ে অল্প সময়ের মধ্যে আমরা রাঙ্গামাটি শহরে পৌঁছলাম। গাড়ি থেকে নেমে শহরের চারিদিকটা তাকিয়ে দেখলাম, ছোট শহরটি পাহাড় এবং টিলার উপর। এখানে সেখানে কিছু ঘর বাড়ি এবং বার্মিজ কাপড়ে ঠাসা দোকানপাট, দেখতে ভালই লাগল। এখানে আমাদের প্রধান আকর্ষণ ছিল দুই পাহাড়ের মধ্যে পানির উপর ঝুলন্ত ব্রিজটি এবং কাণ্ডাই ড্যাম দিয়ে বাঁধা কর্ণফুলী নদীর পানির বিশাল জলাধারটি। ভিসি সাহেব তড়িঘড়ি করে একটি স্পিডবোট ভাড়া করলেন। আমরা স্পিডবোটে উঠে বিস্ময় জাগানো এই বিশাল জলাধারটির কিছু অংশ ঘুরে ফিরে দেখলাম। আমরা সবাই অনুভব করলাম, এখানে এই কৃত্রিম জলাধার আর চারদিকে সবুজ গাছ পালায় ভরা এই প্রাকৃতিক পরিবেশ সত্যিই আনন্দের এক অপূর্ণ স্থান।

আমরা স্থির করেছিলাম, শহরের দিকে পাহাড়ের সঙ্গে লাগান ব্রিজটির এ পাশ দিয়ে স্পিড বোটে উঠে ঘুরাঘুরি করে ব্রিজের অপর মাথায় নামব এবং ব্রিজটির উপর দিয়ে হেঁটে অপর পাড়ে যাব। সে অনুসারে আমরা জলাধারে ঘুরাঘুরি শেষ করে

ব্রিজের অপর মাথায় অবস্থিত উঁচু টিলায় নামার প্রস্তুতি নিলাম। ভিসি সাহেব, তন্বী, মিতি এবং আমি স্পিডবোট থেকে ছোটখাট একটু লাফ দিয়ে নেমে গেলাম। কিন্তু গোল বাঁধল ভাবীকে নিয়ে। ভাবী সাহেবা নামতে পারলেন না। এরপর ঠিক হল ব্রিজের অপর মাথায় পাশে বোটটি ভিড়ালে তাঁর বোট থেকে নেমে যাওয়া সম্ভব। আমরা ব্রিজটি পায়ে হেটে পার হলাম। আর বোটটি ভাবীকে নিয়ে অপর পাড়ে আসল। ভিসি সাহেবকে এ সময় একটু উদ্ভিগ্ন দেখাচ্ছিল। ব্রিজটি তীরে আসামাত্র তিনি এগিয়ে গিয়ে ভাবীর হাত ধরে তাঁকে নামালেন। আমি, মিতি এবং তন্বী তখন ভিসি সাহেবের পাশে দাঁড়ান। মুশকিল আসান হল। আমরা এরপর বাজারে গেলাম। ছোট্ট একটি বাজারের চারিদিকে বার্মিজ কাপড়, জামা, ওড়না এবং বাচ্চাদের খেলনায় ঠাসা। আমরা এ দোকান সে দোকান ঘুরে কিছু পছন্দসই জামা-কাপড় কিনে শহরের উদ্দেশ্যে রওয়ানা হলাম। রাত আটটা নাগাদ আমরা চট্টগ্রাম শহরে পৌঁছলাম। দিনটি আমাদের জন্য অত্যন্ত আনন্দের দিন হিসেবে স্মৃতির জালে আটকা আছে। এদিন মাঝে মধ্যে স্বল্পবাক ভিসি সাহেবও অনেক মজার কথা বলেছিলেন। তাঁর ছোটখাট রসিকতার কথা বেশ আনন্দদায়ক।

ভিসি আজহারুল ইসলাম সাহেব সম্পর্কে স্মৃতি রোমন্থন করতে বসে স্মৃতির জালে আটকে থাকা অনেক অনেক কথাই মনে পড়ছে। সবগুলো লিখলে কলেবর বৃদ্ধি হয়ে যাবে বলে আর একটি ঘটনার উল্লেখ করে এ পর্বের ইতি টানব।

চট্টগ্রাম ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে বায়তুশ শরফের পীর শূদ্রয়ে আব্দুল জব্বার সাহেব (রঃ) বায়তুশ শরফের গবেষণা কক্ষে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রথম সভা আহ্বান করেন। আমন্ত্রণ পেয়ে এ সভায় আমি উপস্থিত হলাম অনেকটা নাড়ির টানে। খুব ভাল লাগল এ কথা ভেবে যে, এতদিন পর এখানে একটি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার ধারণা সংশ্লিষ্ট সবার মাথায় এসেছে। এর কিছুদিন পর এ ব্যাপারে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয় ঐ একই জায়গায়। আমি এ সভায়ও যোগদান করি। মনে আছে - শূদ্রয়ে পীর সাহেবের ইঙ্গিতে চট্টগ্রাম কোর্টের খ্যাতনামা এ্যাডভোকেট মির্জা শামসুদ্দীন আহমেদ তাঁর গাড়িতে করে আমাকে বাসায় রেখে যান। এরপর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য আয়োজিত সভায় আমার যোগদান করা সম্ভব হয়নি। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে অগ্রগতি এবং অন্যান্য খবর আমি রাখতাম এর প্রতি আকর্ষণের কারণে। একদিন খবর পেলাম আমার শূদ্রয়ে শিক্ষক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসি প্রফেসর মোহাম্মদ আলী ভিসি হিসেবে এখানে যোগদান করেছেন। এর পূর্ব থেকেই আমার আরাফাতি ভাই প্রফেসর ড. আবু বকর রফিক প্রোভিসি হিসেবে কাজ করছিলেন। এই সেট আপে দেখতে দেখতে চার বছর কেটে গেল। প্রফেসর মোহাম্মদ আলীর

মেয়াদ শেষ হয়ে গেল। আমি ঐ চার বছর সময়ের মধ্যে মাঝে মাঝেই চকবাজারে অবস্থিত বিশ্ববিদ্যালয় অফিসে গিয়েছি, খবরাখবর জেনেছি এবং ভিসি স্যারের সাথে দেখা করে এর হালহকিকত জেনেছি। এ সবই ঘটেছে এ বিশ্ববিদ্যালয়ের প্রতি আমার আকর্ষণের কারণে। আমার মন চাইত, কোনভাবে এ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সম্পৃক্ত হয়ে কাজ করার; যদিও সিনিয়র গ্রেডের প্রফেসর হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আমি এক সময় কাজ করছিলাম। এ বিশ্ববিদ্যালয়ে কাজ করার আকর্ষণ ও আগ্রহ বিপুল পরিমাণে বেড়ে গেল যখন প্রফেসর আজহারুল ইসলাম এ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে যোগদান করলেন।

এ প্রেক্ষাপটটি এ কারণে উল্লেখ করলাম যে, তাঁর যোগদানের বছর খানেকের মধ্যেই আমি একদিন তাঁকে বলে ফেললাম-‘আমি আপনার বিশ্ববিদ্যালয়ে যোগদান করতে চাই’। ভাবী সাহেবা এ সময় উপস্থিত ছিলেন। ভিসি সাহেব বললেন - ‘আপনার সাবজেক্ট (Subject) তো এখানে নেই। আপনি কিভাবে কোনপদে যোগদান করবেন’। আমি বললাম, ‘আপনার বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার নেই। ইচ্ছা করলে আমাকে আপনি রেজিস্ট্রার হিসেবে নিয়োগ দিতে পারেন’। তিনি বললেন, ‘রেজিস্ট্রার পদটি সহযোগী অধ্যাপকের সমতুল্য। আপনি তো এখন সিনিয়র গ্রেডের প্রফেসর’। আমি বললাম, ‘আপনি ডেপুটেশনে প্রফেসর পদের মর্যাদা দিয়ে আমাকে নিয়ে আসতে পারেন’। তিনি বললেন, ‘আচ্ছা দেখা যাক। আমরা দুদিন পর রেজিস্ট্রার পদে নিয়োগের জন্য ইন্টারভিউ নেব। যদি কোন যোগ্য লোক না পাই, তবে আপনার ব্যাপারটির ফয়সালা করব’। দুইদিন পর আমি তাঁর বাসায় গেলাম একটু গল্প-গুজব করতে। গল্পের ফাঁকে তিনি বললেন, ‘আমরা তো একজন রেজিস্ট্রার নিয়োগ দিয়ে ফেললাম। ভদ্রলোক প্রাক্তন স্কোয়াড্রন লিডার। ইংরেজিতে বেশ দক্ষতা আছে। হাসতে-হাসতে তিনি আরও বললেন, ‘এ লোক না হলে আপনাকেই তো ডেপুটেশনে আসতে হত’। আমি বললাম, ‘বেশ ভালই হয়েছে। আমাকে নিয়ে আসলে আমি চার বছর থাকতে পারতাম। এখন আপনারা একজন পার্মানেন্ট লোক পেলেন’। ভাবী সাহেবা বললেন, ‘বদিউর ভাই, সত্যি কথা বলতে কি, এভাবে আপনার এখানে যোগদান করার বিষয়টি আমার পছন্দ হচ্ছিল না। কারণ রেজিস্ট্রার ভিসিকে ছায়ার মত অনুসরণ করেন এবং তা করতে হয়। এভাবে কাজ করতে গিয়ে কোন সময় হয়ত ভুল বোঝাবুঝি হতে পারে। তখন দুই বন্ধুর মধ্যে একটা অস্বস্তিকর পরিস্থিতি সৃষ্টি হতে পারে।’ তিনি আরও বললেন, ‘আমার কথায় আপনি কিছু মনে করবেন না। আমি বাস্তবতার কথাটাই বললাম’।

আল্লাহ পাকের দরবারে শোকরিয়া আদায় করছি এজন্য যে, ভাবীর কথায় আমার লুশ ফিরে আসল এবং মনে হল সত্যিই মস্ত বড় এক ফাঁড়া থেকে বেঁচে গেলাম।

ভিসি হিসেবে আজহারুল ইসলাম সাহেবের প্রথম টার্মে আর কোন দিন চাকুরির কথা বলিনি। তাঁর সাথে টেলিফোনে বা বাসায় গিয়ে তাঁর স্বাস্থ্যের খোঁজ খবর নিয়েছি। কখনও কখনও এ গরীবের বাসায় ভাবীসহ তিনি এসেছেন। গরীবের ঘরে খাবার আর কি আয়োজন হতে পারে। তবে যা হয়েছে - তিনি এবং ভাবী তাই গ্রহণ করেছেন সহজভাবেই। আগেই বলেছি, তাঁর কর্মব্যস্ততার অন্ত ছিল না। এটা লক্ষ্য করে কিছু সময়ের জন্য তাঁকে প্রায় অনেকটা জোর করে ধরে নিয়ে কোথাও বেড়াতে গিয়েছি। কিন্তু এরূপ ঘটনা খুবই কম। তাঁর নিজস্ব সিদ্ধান্তের ব্যতিক্রম ঘটান খুব সহজসাধ্য ছিল না। আমার ধারণা হচ্ছিল তিনি বিশ্ববিদ্যালয়কে একটি পূর্ণাঙ্গ রূপ দেয়ার পরিকল্পনা করে রাতদিন পরিশ্রম করছিলেন এবং একটি প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে পাবলিক বিশ্ববিদ্যালয়ের আদলে গড়ে তোলার চেষ্টা করছিলেন। আমি জানি না ট্রাস্টি বোর্ডের কর্তীগণ তাঁর কাজের এ স্পিডের সংগে পাল্লা দিতে গিয়ে কিরূপ বোধ করছিলেন। এরূপ অবস্থার মধ্যেই দেখতে দেখতে চারটি বছর কেটে গেল। তাঁর চাকুরির মেয়াদ শেষ হয়ে আসলে ট্রাস্টি বোর্ড তাঁকে পুনরায় নিয়োগের জন্য যথাসাধ্য চেষ্টা করেছেন। কিন্তু তিনি এতে রাজি হননি। বিশ্ববিদ্যালয় ছেড়ে তিনি চলে যাবেন; কিন্তু নূতন ভাইস চ্যান্সেলর নিয়োগে দেরি হচ্ছিল বলে তিনি যাই যাই করে আরও প্রায় বছর খানেক এখানে কর্মরত ছিলেন। এ সময়টা আমার জন্য কিছুটা অস্বস্তিকর ছিল এ কারণে যে চট্টগ্রামে আমার কোন বন্ধু কর্মরত ছিলেন না। তিনি এসেছিলেন কিন্তু তিনিও চলে যাচ্ছেন। স্বাভাবিক ভাবেই তাঁর চলে যাওয়াটা আমার মন মেনে নিতে পারছিল না। সে যা হোক, একদিন সকালে তিনি বিমানে চেপে রাজশাহীর উদ্দেশ্যে রওয়ানা হলেন। আমি এবং তাঁর পিএস আরেফীন চট্টগ্রাম বিমান বন্দর পর্যন্ত এগিয়ে তাঁকে বিদায় জানালাম।

৩য় পর্ব

ভাগ্যচক্র বোধ হয় এভাবেই ঘোরে। আর এ চাকা ঘোরানোর একমাত্র মালিক আল্লাহপাক। তাঁর এ চাকা ঘোরানোর ফলেই প্রফেসর আজহারুল ইসলাম আবার প্রায় পাঁচ বৎসর পর চট্টগ্রামে এসে আইআইইউসির ভিসি হিসেবে ২০১২ সালের ১১ই মার্চ এক সকালে দ্বিতীয়বার যোগদান করলেন। যেদিন সকালে রাজশাহী থেকে চট্টগ্রাম এসে তাঁর জন্য পূর্বেই ভাড়া করা সাজান বাসায় পৌঁছলেন সেদিন আমি ঐ বাসাতেই তাঁর আগমনের অপেক্ষা করছিলাম। তাঁর সাথে আসলেন ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান জনাব আহসান উল্লাহ সাহেব, আরেফীন সাহেব এবং আরও দু একজন। ভ্রমনজনিত ক্লান্তি তাঁর চোখে মুখে স্পষ্ট ফুটে উঠেছে। ড্রয়িং রুমে বসে অল্পক্ষণ আলাপের পর আমি বললাম ‘আপনাকে খুব ক্লান্ত দেখাচ্ছে’।

আপনি ভিতরে গিয়ে কাপড় চোপড় চেঞ্জ করে একটু ফ্রেশ হয়ে নেন এবং নাস্তা সেরে একটু বিশ্রাম নেন। আমি অন্যান্য ব্যাপারগুলি দেখছি। বিকেলে অফিস থেকে ফিরে আসার পর আবার আমরা বসে সাব্যস্ত করলাম, ইসমাদিল (ড্রাইভার) এখানেই থাকবে। বাসার বাজার করা সহ অন্যান্য টুকিটাকি কাজের জন্য একটা ছেলেকে রাখা হল। রান্নার জন্য এক মহিলাকে আমি ডেকে দিলাম। পঞ্চগশোর মহিলা সার্বক্ষণিক বাসায় থাকবে এবং যা প্রয়োজন রান্না করে পরিবেশন করবে। এসব কিছুর মোটামোটি ব্যবস্থা করে আমি বাসায় ফিরে আসলাম। ঐদিন রাতে ভিসি সাহেবের বাসায় গিয়ে আমি ঐ রাত্রিটা সেখানেই থেকে গেলাম। রাত নয়টার পর আমাকে দেখে ভিসি সাহেব বলে উঠলেন, ‘আরে আপনি আবার এত রাত্রে?’ আমি বললাম, ‘জি স্যার, আজ রাত্রে মত আপনার পাহারাদার আমি’। ফজরের নামাজের পর আমি বাসায় ফিরে আসলাম; তাঁকে পূর্ণ সুস্থ দেখে।

এরপর দেখলাম - তাঁর কর্মব্যস্ততা পুনরায় আগের মতই শুরু হয়ে গেল। লক্ষ্য করলাম তাঁর শারীরিক অবস্থা পূর্বের ন্যায় তেমন যুৎসই ছিল না। তবু তাঁর কর্ম পরিধি এবং কর্ম ব্যস্ততার কোন কমতি হল না। তিনি অফিস থেকে ফিরে এসেছেন কিনা তা ফোনে জেনে নিয়ে প্রায় তাঁর বাসায় যাতায়াত শুরু করলাম। রাজশাহী থেকে আমার উপর ‘হাই কমান্ডের’ নির্দেশ আসল- আমি যেন সব সময় খবরাখবর রাখি। আমি ‘জো হুকুম’ বলে নির্দেশ পালনে তৎপর হলাম। একদিন তাঁর বাসায় গিয়ে জানতে পারলাম - রাধুনী মহিলাটি যথার্থভাবে কাজ করতে পারছে না। আলোচনার এক পর্যায়ে ড্রাইভার ইসমাদিলকে অন্য ভাল মহিলার কথা বললে - মহিলাটিকে আনার কথা বলা হল। পরের দিনই আগের মহিলাকে বিদায় করে পরের মহিলাটিকে রাখা হল। এই মহিলাটি ভিসি সাহেব যে ধরনের রান্না পছন্দ করেন - তাঁর কাছাকাছি যেতে পারল এবং শেষ পর্যন্ত এই মহিলাটি ঐ বাসায় ছিল। কিছুদিন পর ভাবী সাহেবা চট্টগ্রামে এসে মহিলাটিকে মেরামত করে মোটামোটিভাবে চলার উপযোগী করে গিয়েছিলেন। প্রায় মূল্যহীন এ কথাগুলো বললাম - এ কারণে যে খাওয়া, দাওয়ার কোন ক্রটির কারণে ভিসি সাহেব যেন দুর্বল বা অসুস্থ হয়ে না পড়েন সেদিকটার খেয়াল রাখা।

প্রফেসর আজহারুল ইসলাম দ্বিতীয়বার ভিসি হয়ে আসার আগে বিশিষ্ট বুদ্ধিজীবী প্রয়াত প্রফেসর মাহবুব উল্লাহ আইআইইউসির ভিসি ছিলেন। তাঁর সঙ্গে আমার বেশ ভাল বন্ধুত্ব ছিল। একদিন আমি চকবাজার অফিসে তাঁর সাথে দেখা করতে গেলাম। কথা প্রসঙ্গে তিনি বললেন, ‘আপনার এল.এল.বি ডিগ্রি আছে। আপনি তো ইসলামিক থট নিয়েও কাজ করেছেন। সুতরাং, আপনি এডজানকট ফ্যাকাল্টি হিসেবে কাজ করতে পারেন’। আমি বললাম, হ্যাঁ পারি। তিনি Islamic Political

Thought শীর্ষক একটি কোর্স পড়ানোর জন্য আমাকে নিয়োগ দিলেন। আমি আনন্দের সাথে কোর্সটি পড়াতে শুরু করলাম। কোর্স পড়ান শেষ হলে এবার তিনি আমাকে আইন বিভাগের দুটি কোর্স পড়ানোর ব্যবস্থা করলেন। আমি বেশ মনোযোগের সাথেই কোর্স দুটি পড়াতে শুরু করলাম। সারাজীবন দর্শন পড়ানোর বাইরে এ কোর্স দুটি পড়াতে আমার বেশ ভাল লাগল। আমি একদিন তাঁর বাসায় গল্প করতে গেলাম। গল্পের ফাঁকে তিনি আমাকে বলে বসলেন, ‘আপনাকে এলএলএম ডিগ্রি করতে হবে। তাহলে আইন বিভাগে আপনাকে পূর্ণকালীন নিয়োগ দেয়া সম্ভব হবে’। আমি বিস্মিত হয়ে তাঁর দিকে তাকালাম। কারণ, এ সময় আমি অবসর ছুটি (এলপিআর) ভোগ করতে শুরু করেছি। ৬৬ বৎসর বয়সে আমি আবার কিভাবে ছাত্র হয়ে আমার ছাত্রদের মধ্যে গিয়ে বসব? আবার আমার বেশ কিছু ছাত্রও বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক। আমি ইতস্ততঃ করছি দেখে তিনি বললেন, ‘এতে সমস্যার কি আছে? লেখাপড়া করার জন্য বয়স কি বাঁধা হতে পারে?’ তাঁর কথায় গা ঝাড়া দিয়ে উঠে আমি বললাম, ‘পারব ইনশাআল্লাহ’। সাদার্ন ইউনিভার্সিটিতে ছাত্র হয়ে ভর্তি হলাম। আর ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হয়ে আইন পড়াতে লাগলাম। মাঝে মাঝে মনে হত - ছাত্র হিসেবে পরীক্ষায় ভাল ফলাফল করার মত স্মৃতিশক্তি আমার আছে তো? আল্লাহর রহমতে, দেখতে দেখতে ছয়টি সেমিস্টার পরীক্ষা দিয়ে আইনে মাস্টার্স ডিগ্রি অর্জন করলাম। পড়াশুনা করাকালীন পূর্ণ সময়টি আমি খণ্ডকালীন শিক্ষক হিসেবে আইআইইউসির আইন বিভাগে আইন পড়াচ্ছিলাম। এ কারণে আইআইইউসিতে ভর্তি না হয়ে সাউদার্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হয়েছিল। সে যা হোক, এলএলএম সার্টিফিকেটটি হাতে নিয়ে চলে আসার সময় সেই সময়ের বিশ্ববিদ্যালয়ের ভিসি আমার শ্রদ্ধেয় স্যার প্রফেসর মোহাম্মদ আলীর নিকট গিয়ে তাঁকে প্রথম সার্টিফিকেট দেখালাম। তিনি এটি দেখে খুব খুশি হয়ে বললেন, ‘তোমার রেজাল্ট Higher First Class এর সমতুল্য। খুবই ভাল রেজাল্ট করেছে। তাঁর কথায় আমি খুবই আনন্দ পেলাম। তিনি আমাকে একটি Biodata তার অফিসে জমা দিতে বললেন। কিন্তু আমার মন পড়ে রয়েছে আইআইইউসিতে। তাই স্যারকে Biodata দিব বলে বের হয়ে আসলাম। কিন্তু তা আর দেয়া হয়নি। সবচেয়ে দুঃখের কথা হল - যিনি আমাকে এই বুড়ো বয়সে এলএলএম ডিগ্রি নেয়ার জন্য বাধ্য করেছিলেন তিনি এ সময় পরলোকে চলে গেছেন। আমার স্মৃতিতে ভাসছে তাঁর অকাল মৃত্যুর কথা। তাই সেদিন খুব খুশি থাকার পরিবর্তে আমি ছিলাম খুবই বিমর্ষ ও শোকাহত।

এই পটভূমিটুকু এ কারণে দিলাম যে আইআইইউসিতে পূর্ণকালীন শিক্ষক হওয়ার বাস্তব পথ ও ধারণা প্রয়াত শ্রদ্ধেয় প্রফেসর ড. মাহবুব উল্লাহ সাহেবই সর্ব প্রথম

আমাকে দিয়েছিলেন। সেই পথ অবলম্বন করেই আমি আমার মনের বাসনা পূর্ণ করার রাস্তা পেয়েছিলাম। আমার একান্ত বাসনা ছিল অবসর নেয়ার পর আমি যদি কোথাও কোন কাজ করি তাহলে তা হবে অন্ততঃ কিছুদিনের জন্য হলেও আইআইইউসিতে পূর্ণকালীন শিক্ষক হিসেবে কাজ করা। আমার বাসনায় রাতারাতি ডালপালা গজিয়ে উঠল যখন প্রসিদ্ধ গবেষক ও বৈজ্ঞানিক প্রফেসর আজহারুল ইসলাম সাহেব এ সময়ে দ্বিতীয়বার ভাইস-চ্যান্সেলর হয়ে আইআইইউসিতে যোগদান করলেন।

প্রফেসর আজহারুল ইসলাম সাহেবের যোগদানের কিছুদিন পরের কথা। একদিন তাঁর বাসায় গিয়ে একথা সে কথার পর বললাম-আমাকে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে পূর্ণকালীন অধ্যাপক হিসেবে নিয়োগের কথা। কথাটি সহজভাবেই নিলেন এবং আমার বায়োডাটা এবং প্রকাশনা-সমূহের তালিকা নিয়ে অফিসে যেতে বললেন। আমি সেগুলি নিয়ে পরের দিনই হাজির হলাম তাঁর অফিসে। বায়োডাটা এবং প্রকাশনার তালিকা উল্টিয়ে পালটিয়ে দেখে কিভাবে আরও সুন্দর করে লিখে এটি দেয়া যায়- তা বলে দিলেন। আমি সে অনুযায়ী এটি তৈয়ার করে তাঁর হাতে দিলাম। আমি বললাম, ‘আইনের কিছু কোর্সের সাথে আমি দর্শনেও পড়িয়েছি এমন কিছু কোর্সের মিল আছে। Jurisprodnence বা Philosophy of Law এ কোর্সটি প্রস্তুত করে মাস্টার্স ডিগ্রিতে আমি কিছুদিন পড়িয়েছি। খণ্ডকালীন শিক্ষক হিসেবে আইআইইউসি-এর আইন বিভাগে Jurisprodnence এবং International Law পড়িয়েছি। কাজেই আইনের সাথে আমার একটা সম্পর্ক আগে থেকেই আছে’। তিনি বললেন, তাহলে তো ভালই হল। কাজটা সহজ হবে। তাঁর কথা শুনে মনে হল এই ব্যাপারটিকে তাঁর চিন্তার আওতায় নিয়েছেন এবং তিনি নিয়োগের ব্যাপারে পজিটিভ মুডে আছেন। আমি আশান্বিত হলাম। কারণ, তাঁর চারিত্রিক বৈশিষ্ট্যের একটি অনুপম বৈশিষ্ট হল- কোন কিছুই ব্যাপারে তিনি সদর্ধক সিদ্ধান্ত নিলে তাকে নঞর্থক করা একেবারে সহজ নয়। আবার কোন কিছু করতে না চাইলে তাঁকে দিয়ে সেটি করানোও প্রায় অসম্ভব ব্যাপার। এর উপর আছে তাঁর স্বল্পভাষী স্বভাব এবং স্পষ্টবাদিতা। চট করে কোন মন্তব্য করা তাঁর স্বভাব বিরুদ্ধ। যা হোক, তিনি যখন এ নিয়োগের ব্যাপারটি নিয়ে অগ্রসর হচ্ছেন এবং ‘সুপার নিউমারারী অধ্যাপক’ নিয়োগ দেয়ার প্রক্রিয়া শুরু করেছেন - তখন কিভাবে যেন খবরটি বিভাগের কিছু শিক্ষক জানতে পারেন এবং প্রকারান্তরে তাঁরা এর বিরোধিতা করতে শুরু করেন। স্পষ্টভাবে বুঝা যায় যখন ভিসি সাহেবের নিকট একাডেমিক এ্যাফেয়ার্স ডিভিশনের পরিচালক শিক্ষকদের বিরোধিতার কথা জানান। ভাইস চ্যান্সেলর আজহার সাহেব কারও কথায় কান না দিয়ে নিয়োগ সংক্রান্ত কাগজপত্র

সিডিকেটে দিয়ে নিয়োগ চূড়ান্ত করেন। নিয়োগ পত্র একদিনের মধ্যে প্রস্তুত হলে তিনি আমাকে ফোনে সেইদিনই বিকালে অথবা আগামীকাল সকাল বেলায় যোগদান করতে বলেন। এ ব্যাপারে কারও কোন আপত্তিকে তিনি পাণ্ডাই দেননি। আমি পরদিন সকাল বেলায় তাঁর অফিসে গিয়ে যোগদান করলাম। তবে কিভাবে যেন পদটির নাম হল ‘সুপারনিউমারারী টিচার’। আমার মনে খটকা লাগায় আমি জিজ্ঞেস করলে রেজিস্ট্রার সাহেব এবং তিনি বললেন- ‘এটি সুপারনিউমারারী প্রফেসর তুল্য। এতে কোন অসুবিধা হবেনা’। যা হোক, আমরা দুইজনে ছিলাম রুমমেট। এখন তিনি হলেন, আমার বস আর আমি তাঁর বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের একজন টিচার।

যোগদান করার পর ভাইস চ্যান্সেলর সাহেবকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আইন বিভাগের তৎকালীন হেড হাসান মুরাদ সাহেবের সঙ্গে সাক্ষাৎ করলাম। বলা বাহুল্য ঐ সময় তিনি বললেন, আমাকে কুমিরায় ক্লাস নিতে হবে। এ সময় তার মুখ দেখে মনে হল, তিনি আমার যোগদান করার ব্যাপারটি খুশি মনে নেননি। সে যা হোক, আমি কুমিরায় যাতায়াত শুরু করলাম। প্রথমে দুটি কোর্সের ক্লাস দেয়া হল। আমি আনন্দচিত্তে তাই নিয়ে কাজ শুরু করলাম। গোল বাঁধল আমি বসব কোথায়? হাসান মুরাদ বললেন, ‘কয়েকদিন আমার এখানেই বসুন স্যার। আমরা এর মধ্যে আপনার বসার জায়গা ঠিক করছি।’ কয়েকদিন পর আমাকে তেতলার একটি কক্ষে বসার জন্য ভাঙ্গা একটি টেবিল এবং ততোধিক ভাঙ্গা একটি চেয়ার দেয়া হল। যারা আরও তিন চারজন এ কক্ষে বসেন এদের মনের অবস্থাও তেমন ভাল ছিল না। কক্ষ সংলগ্ন টয়লেটটি পরিত্যক্ত। হাতমুখ ধোয়া-সহ প্রাকৃতিক প্রয়োজন মিটাতে দোতালায় যেতে হত। একদিন ভিসি সাহেবকে আমি এ সবার অবস্থা জানালাম। সবশুনে তিনি বললেন, ‘কক্ষটাকে ব্যবহার উপযোগী করে তোলা এবং টয়লেটটির সংস্কারের একটি প্লান দ্রুত তৈয়ার করে জমা দেন। আমি উন্নয়ন কমিটির পরবর্তী সভায় ব্যবস্থা নেব’। আমি আশান্বিত হলাম। কিন্তু কথাটি এ কক্ষে বসেন এমন তিন চারজনকে বললে, তারা হতাশা ব্যক্ত করলেন এবং বললেন, ‘কিছুই হবে না স্যার’। আমি তাদেরকে বুঝালাম - ‘এবার অবশ্যই সংস্কার হবে এ কক্ষটি এবং টয়লেটটিকে ব্যবহার উপযোগী করে তোলা হবে’। আমার কথায় আশ্বস্ত হয়ে তারা আমার সাথে কাজে লেগে গেলেন। অনুমোদনযোগ্য কাগজপত্র তৈরী করে তা উন্নয়ন কমিটিতে দেয়া হল। আমরা প্রায় দুই লক্ষ টাকার একটা বাজেটও দিলাম। বাজেটে উল্লেখ করা হল যে এই একটি কক্ষকে আটভাগে ভাগ করে গ্লাসের দেয়াল দিয়ে ঘিরে আটটি কক্ষ বানান হবে। সবার মাথার উপর ফ্যান থাকবে। স্বকক্ষে বসে শিক্ষকেরা নিজেদের কাজ করতে এবং গোপন কাগজপত্র রাখতে পারবেন।

আটজনকে আটটি কক্ষ দেয়ার কথা। সে জন্যে একটি কক্ষকে আটভাগে ভাগ করে আটটি মিনি কক্ষ বানিয়ে কাজ চালানোর ব্যাপারটি সত্যিই অদ্ভূত। উন্নয়ন কমিটির সভায় উপস্থিত সদস্যদের কাছে শুনেছি দুলক্ষ টাকার বাজেট দেখে ট্রাস্টি বোর্ডের কোন কোন সদস্য প্রস্তাবটিকে বাতিল করতে চেয়েছিলেন। কিন্তু মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় তাঁদেরকে বলেছেন, ‘আটজন শিক্ষককে যেখানে আটটি কক্ষ বরাদ্দ করার কথা সেখানে একটি কক্ষকে আটটি ভাগে ভাগ করে বসার পরিকল্পনা খুবই যুক্তিসংগত। শিক্ষকদেরকে একটু হলেও ভালভাবে বসার জায়গা করে দেয়া আমাদের দায়িত্ব। উপস্থিত সদস্যরা তাঁর এই অকাট্য যুক্তি মেনে নিয়ে প্রস্তাবিত বাজেট পাশ করেন এবং ঠিকাদার নিযুক্ত করে দেন। মাত্র কদিনের মধ্যেই কাজ শুরু করে দিন দশেকের মধ্যেই পরিকল্পনা মাফিক মিনি কক্ষ তৈয়ার হল এবং টয়লেটটিও ব্যবহার উপযোগী হল। এ সময়ের বিভাগীয় হেড হাসান মুরাদ এবং পরবর্তী হেড সাইদুল ইসলাম এ সময় শতমুখে ভাইস-চ্যান্সেলর সাহেবের প্রশংসা করলেন। বিভাগের অন্যরা খুশি হলেন এবং ভিসি সাহেবের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করলেন। আমি এ ব্যাপারে তাদের কৃতজ্ঞতা এবং প্রশংসার কথা ভিসি সাহেবকে জানালাম। ভিসি সাহেব খুশি হলেন বলে মনে হল। এ কাজের সূত্র ধরে হেড এবং ডিন এর অফিসকেও গ্লাস দ্বারা দেয়াল করে ঘেরাও দেয়া হল। বিভাগের সকলেই এসব কাজ করে দেয়ার জন্য ভিসি সাহেবের প্রশংসায় পঞ্চমুখ হলেন। তাঁর কাছে আমাদের প্রত্যাশা আরও বেড়ে গেল এবং এ আস্থার জন্য নিল যে ভিসি স্যার অন্ততঃ আমাদের মর্যাদার দিকে দৃষ্টি রেখেছেন। আইন বিভাগের শিক্ষকদের ভিসি সাহেবের উপর আস্থা এবং আকাঙ্ক্ষার বিষয়টি আরও বেড়ে গেল অন্য একটি ঘটনায়।

প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ভিসি সাহেবরা তাঁদের শিক্ষকদের প্রমোশন এবং মর্যাদার দিকে খেয়াল রেখে তাদেরকে কতটুকু বাঁচাতে পারেন তার কিছু ঘটনা আমি শুনেছি। আমার মনে হয়েছে এ সব ব্যাপারে প্রায় ক্ষেত্রে তাঁরা অসহায়। কিন্তু অনেক সিনিয়র প্রফেসর-সহ অনেকের কাছে শুনেছি- প্রফেসর আজহারুল ইসলাম এ ব্যাপারে অনমনীয় এবং ব্যতিক্রমী। এর প্রমাণ পেলাম কথায় কথায় যখন তিনি আমাকে বললেন, ‘আমার আওতায় অন্য কাউকে আমি হাত দিতে দেব না’। আইন বিভাগের সাতজন প্রভাষকের পদোন্নতি তিনি দিয়েছেন। এ ব্যাপারে কাউকে হস্তক্ষেপ করতে না দিয়েই তিনি একটি বিভাগের এতজনকে প্রমোশন দিয়েছেন। অনেকের কাছে শুনেছি- অন্য কোন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে এরূপ ঘটতে পারে তা ভাবা যায় না। কিন্তু এই বিশ্ববিদ্যালয়ে ভিসি সাহেব এরূপ অসম্ভবকে সম্ভব করতে পেরেছেন তাঁর দৃঢ় মনোভাব এবং উদার ব্যক্তিত্বের কারণে। শিক্ষকরা তাঁর ভূয়সী

প্রশংসা করেছেন এবং অনেকটা নিশ্চিত বোধ করেছেন। এখানে উল্লেখ্য যে, আইন বিভাগের শিক্ষকদের প্রত্যেকের পদোন্নতির ব্যাপারে পূর্বেই আমি ভিসি সাহেবকে অবহিত করেছিলাম যাতে তাঁর পক্ষে পদোন্নতি দেয়ার কাজটি কিছুটা সহজ হয়। আবার অন্যভাবে এও বলা যায় যে, এদের পদোন্নতির ব্যাপারে তিনি আমার অনুরোধের মূল্যও দিয়েছেন। এ কারণেই শিক্ষকরা সকলেই আমার কাছে তাদের মন খুলে কথা বলেছে। কিন্তু অতি সম্প্রতি মন খুলে কথা বলেনি অন্য তিন জন প্রভাষক যাদের প্রমোশনের আবেদন সাক্ষাৎকার গ্রহণের পর প্রত্যাখ্যান করা হয়েছে প্রায় কোন কারণ ছাড়াই অথবা ঠুনকো কারণ দেখিয়ে। সাত মাস পর এদের পুনরায় আবেদনের ভিত্তিতে সাক্ষাৎকার গ্রহণ করে দুজনকে অনেকটা অনিচ্ছার ভাব দেখিয়ে পদোন্নতি দেয়া হয়েছে। আর একজনকে দ্বিতীয়বার সাক্ষাৎকার নিয়েও প্রমোশন দেয়া হয়নি। এইখানেই ভিসি প্রফেসর আজহারুল ইসলামের প্রসঙ্গ এবং অনুপস্থিতির বিষয়টি আইন বিভাগ এবং অন্যান্যদের কাছে প্রচণ্ডভাবে অনুভূত হয়েছে। এরূপ ঘটনার পর তাঁর প্রসঙ্গটি বার বার সামনে এসেছে এবং তাঁর ভূমিকার প্রশংসা করা হয়েছে। শুধু আইন বিভাগই নয় অন্যান্য বিভাগেও অনেক শিক্ষক পদোন্নতি বঞ্চিত হয়েছেন তিনি চলে যাওয়ার পরে কয়েক মাসের মধ্যেই। এখন ভিসি প্রফেসর আজহারুল ইসলামের প্রশংসা, নিরপেক্ষ মনোভাব এবং সর্বোপরি তাঁর উদার ব্যক্তিত্ব শিক্ষক সমাজ এবং কর্মকর্তা কর্মচারীদের মধ্যে ব্যাপক আলোচিত একটি বিষয়।

ভিসি আজহারুল ইসলামের চারিত্রিক বৈশিষ্ট্যের মধ্যে একটি প্রশংসনীয় বৈশিষ্ট্য হল- কোন সমস্যা তাঁর কাছে পেশ করলে এবং তিনি তা দেখব বলে গ্রহণ করলে সে সমস্যাটি আর পড়ে থাকে না। আমি অনেক ভিসিকে দেখেছি - কোন সমস্যার কথা শুনে তিনি কিছুক্ষণ পরে এমনভাবে ভুলে গেলেন যে সমস্যাটির সমাধান আর হল না অথবা হলেও অনেক পরে। ভিসি আজহারুল ইসলাম ছিলেন এর সম্পূর্ণ ব্যতিক্রমী। আমি বেশ কিছু ব্যাপারে তাঁর এ দৃষ্টিভঙ্গি লক্ষ্য করেছি। এগুলোর মধ্যে এখানে একটা ঘটনা উল্লেখ করব।

আমার আইআইইউসিতে যোগদানের কিছুদিন পরে তাঁর বাসায় গেলাম তাঁর হাল জানতে। কথায় কথায় কুমিরা যাতায়াতের কথা উঠল। কুমিরা প্রধান ক্যাম্পাস হওয়ায় দিনে দিনে কর্মকাণ্ড এবং শিক্ষকদের সংখ্যা বাড়তে লাগল। শহর থেকে শিক্ষকদেরকে কুমিরার ক্যাম্পাসে নিয়ে যাওয়া এবং নিয়ে আসার ব্যাপারটি ক্রমেই জটিল হচ্ছিল। এ সময় তিনটি এসি বাস আনা হল। আমি কথায় কথায় তাঁকে বললাম, সকালে বাস ধরার জন্য আমাকে এবং আমার মত অনেককে চকবাজার অথবা বহদরহাট যেতে হয়। আমার এবং আমার মত আরও অনেকের চকবাজার

বা বহুদারহাট গিয়ে বাস ধরতে বেশ কষ্ট হচ্ছে। অথচ ট্রান্সপোর্ট কমিটি বাসের রুট পরিবর্তন না করে তিনটি বাসই চকবাজার হয়ে কুমিরা যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ তিনটি বাসের একটি বাস দুই নম্বর গেট দিয়ে জিইসি মোড়া হয়ে কুমিরা গেলে শহরের এ অংশে যাদের বাসা তাদের জন্য সুবিধা এবং চকবাজারে যারা গাড়িতে উঠেন তাদেরও কোন অসুবিধা হবে না। আমি রাস্তার ম্যাপ একে তাঁকে ব্যাপারটি বুঝিয়ে দিলাম। তিনি বাসগুলোর যাতায়াতের পূর্ণ খোঁজ নিলেন। আমি এ কথা বলার পর দিনই অফিসে গিয়ে সংশ্লিষ্ট সবাইকে ডেকে কোন রাস্তা দিয়ে কোন বাস চলাচল করলে Maximum Utility আসবে এবং শিক্ষকদের সুবিধা হবে তা বিশেষভাবে আলোচনা করে নিজেই উপযোগী রুটে বাস চলাচলের ব্যবস্থা করে দিলেন। এতে আমারও খুব সুবিধা হলই আবার শহরের একাংশের শিক্ষকদের দারুণ সুবিধা হল। বহুদিনের সমস্যা তিনি একদিনেই সমাধান করে দিলেন। শিক্ষকগণ এতে খুব খুশি হলেন এবং তাঁর প্রশংসা করলেন। এখনও বাস রুটের এ ব্যবস্থা চালু আছে।

আল্লাহর সৃষ্ট সব মানুষের সুতীক্ষ্ণ স্মরণশক্তি এবং প্রখর দৃষ্টিশক্তি থাকে না যেমনটি আমি ভিসি আজহারুল ইসলাম সাহেবের মধ্যে লক্ষ্য করেছি। বহুদিন পূর্বে কথায় কথায় কোন ব্যাপারে কোন একটা বলেছি; পরবর্তীতে কোন প্রসঙ্গে ঐ একই কথা বললে সঙ্গে সঙ্গে তিনি বলতেন, ‘এ কথা আপনি বেশ কিছুদিন আগে বলেছেন’। অথচ আমিই ভুলে গেছি সে কথা। পুনরাবৃত্তি হয়ে গেছে দেখে আমি অনেকবার লজ্জা পেয়েছি। আমি একটা কথা বলে আমি ভুলে গেছি। অথচ এতসব কর্মকাণ্ডের মধ্যে থেকেও তিনি ভুলেননি। তাঁর স্মরণ শক্তির প্রশংসা না করে পারা যায় না। একদিন কুমিরা ক্যাম্পাসে যাওয়ার জন্য রাস্তার ধারে দাঁড়িয়ে আছি। আমি চিন্তিত মনে ব্যাগ হাতে নিয়ে দাঁড়িয়ে বাস আসার অপেক্ষা করছি। হঠাৎ কানে এল কে যেন আমাকে ডাকছে। ঘাড় ঘুরিয়ে দেখি ভিসি সাহেবের গাড়ি দাঁড়িয়ে আছে। তাঁর পিএস আরেফিন আমাকে ডাকছে। আমি দ্রুত তাঁর গাড়ির কাছে গিয়ে দরজা খুলে গাড়িতে উঠলাম। ভিসি সাহেব রসিকতা করে বললেন, ‘ফিলোসফার কোন চিন্তায় ডুবেছিলেন?’ আমি বললাম, ‘জি না স্যার, আমি রীতিমত আইনের মানুষ, আর ফিলোসফার নই’। মুচকি হেসে তিনি আমার ব্যাগের দিকে তাকিয়ে বলে উঠলেন, ‘এটা নূতন ব্যাগ না, কখন ব্যাগ বদলালেন?’ আমি অত্যন্ত বিস্মিত হলাম এটা ভেবে যে, আমার ব্যাগ বদলের ব্যাপারটিও হাজারও কাজের কর্তার দৃষ্টিতে এড়ায়নি। অবাক কাণ্ড বটে! আর এও ঠিক তিনি আমার ব্যাপারে একটু আলাদা দৃষ্টি রেখেছেন।

যে ব্যক্তি গভীরভাবে গবেষণায় নিমগ্ন, গবেষণা পরিচালনায় ব্যস্ত, আন্তর্জাতিকভাবে বৈজ্ঞানিক তত্ত্বের অন্তর্ধানরত এবং একটি বিশ্ববিদ্যালয়ের সার্বিক প্রশাসন পরিচালনায় দায়িত্বরত এমন ব্যক্তির পক্ষে দৈনন্দিন জীবনের খবরাখবর রাখা কি সহজ না সম্ভব? এমন ব্যক্তি যিনি সারাজীবনে বাজার থেকে এক কেজি মাছ বা তরকারি কিনতে যাননি তাঁর পক্ষে তাঁর চারিপাশে কি হচ্ছে তার খবর তিনি কিভাবে রাখতে পারেন? এসব প্রশ্নের উত্তর না সূচক হওয়াই স্বাভাবিক। কিন্তু আশ্চর্যজনক হলেও সত্য যে ভিসি প্রফেসর আজহারুল ইসলাম এর ব্যতিক্রমী। আমি তাঁর এই ব্যতিক্রমী ভাবধারার পরিচয় পেলাম চট্টগ্রামে একটি ফ্ল্যাট কিনতে গিয়ে তাঁর অতি বাস্তব কথাবার্তার মাধ্যমে। একদিন বিকেল বেলায় তাঁর বাসায় গিয়ে একথা-সেকথার পর বললাম, আমি আমার বাসার পাশে ডেভেলপার কর্তৃক নির্মিত একটি বিল্ডিং এ একটি ফ্ল্যাট বুকিং দিতে যাচ্ছি। ফ্ল্যাটটি ১৬০০ স্কোয়ার ফিটের এবং দাম পড়বে প্রায় উনসত্তর লাখ। তিন বছর পর ফ্ল্যাট পাওয়া যাবে। এ ব্যাপারে আপনার মতামত কি? তিনি বললেন, ‘এটি নিতে যাবেন না। ভীষণ বেকায়দায় পড়তে পারেন’। এরপর কিভাবে বেকায়দা হতে পারে তা বিস্তারিতভাবে বললেন। তাঁর কথা শুনে আমার হৃশ ফিরল। আমি বললাম, ‘পরিশেষে এই যদি অবস্থা হয় তাহলে ভীষণ বিপদে পড়ব’। আমি তাঁর সামনে বসেই ফ্ল্যাট নেয়ার চিন্তা বাতিল করলাম। আমার জন্য একটা সুবিধা ছিল যে, তিন বৎসরে কিস্তিতে টাকা শোধ করতে হবে। যা হোক ফ্ল্যাট কেনার পরিকল্পনা বাদ দিয়ে বাসায় ফিরলাম। কিন্তু মনে প্রশ্নের উদয় হল- ভিসি সাহেব কিভাবে এর করণ পরিণতির কথা ভাবতে পারলেন? সে যা হোক, এর কদিন পরের কথা। তাঁর বাসায় বসে চা খেতে খেতে বললাম, একটা প্রায় রেডি ফ্ল্যাট পাওয়া যাচ্ছে। দামসহ সব বিস্তারিত তথ্য তাঁকে বললাম। তিনি বললেন, ‘বিল্ডিং এর মাল-মশলা যদি এক নম্বর হয় তাহলে দেরি না করে এটি কিনে ফেলেন।’ তাঁর কথায় আমি মনে বেশ জোর পেলাম। এরপর বিল্ডিং দেখে, ফ্ল্যাটের আয়তন ও অবস্থান দেখে এবং সর্বোপরি দামের দিক দিয়ে সুবিধাজনক বলে মনে হওয়ায় কথাবার্তা আধা-আধি পাকা করে ভিসি সাহেবকে সব বললাম। তিনি বেশ জোর দিয়েই বললেন, ‘এটা কিনে ফেলুন। এক মাসের মধ্যে যখন ফ্ল্যাটে উঠতে পারবেন তখন চিন্তা করার আর কিছু নেই’। এক সঙ্গে ফ্ল্যাটের সব টাকা পরিশোধ করতে হবে বলে আমি কিছুটা দ্বিধায় ছিলাম। পেনশন থেকে পাওয়া একমাত্র এই সম্বলটুকু (আটচল্লিশ লাখ) টাকা দিয়ে ফ্ল্যাটটি কিনে ফেললাম। কিছুটা আর্থিক চিন্তা ছিল। কিন্তু তার কথায় উৎসাহিত হয়ে সে চিন্তাটুকুও উধাও করে দিলাম। ঘটনাটির উল্লেখ করলাম এ কারণে যে তাঁর সঙ্গে এ ব্যাপারে পরামর্শ না করলে হয়ত কোনদিনই আমার ফ্ল্যাট কেনা হত না। এ ঘটনার মাধ্যমে তাঁর বাস্তব বুদ্ধির একটা প্রকাশ পেল- যা

চিরদিনই আমার মনে থাকবে। আমার ফ্ল্যাটে উঠে আসার কদিন পর তাঁকে ফ্ল্যাট দেখতে নিয়ে আসলাম। ঘুরে ফিরে দেখে তিনি বললেন, ‘এক দুই মাসের মধ্যে ফ্ল্যাট পাওয়াটা বড় না কি তিনি চার বছরের অনিশ্চয়তা বড়? আমি তাঁর কথা শুনে হাসলাম আর ভাবলাম আল্লাহ প্রদত্ত প্রতিভা সর্বক্ষেত্রেই কার্যকর। অনু-পরমাণুর জগতে ডুবে থাকা গবেষকের মাথায় এরূপ বাস্তব বুদ্ধি যে আছে তা প্রমাণিত হলো।

বিভাগের প্রয়োজনে বিভাগীয় প্রধান সাইদুল ইসলামের সাথে একদিন ভিসি সাহেবের চেম্বারে গিয়েছি। তখন দুপুর বেলা। তাঁর মন মেজাজ কেমন ছিল জানি না। তাঁর কাছে গিয়ে বললাম, ‘বিভাগে কোন প্রশাসনিক সহকারী বা অফিসার নেই বিভাগ অচল হওয়ার মত অবস্থা। বিভাগের জন্য একজন লোক দিতেই হবে। না হলে বিভাগ চালান যাচ্ছে না’। একথা বলার সাথে সাথে বলে ফেললেন, কোন লোক এখন দেয়া যাবে না। আমি বললাম, ‘তাহলে আইন বিভাগ অচল থেকে যাবে এবং ছাত্র শিক্ষক এবং বিশেষ করে বিভাগীয় প্রধান ভীষণ বেকায়দায় পড়বে’। তিনি বলে উঠলেন, ‘এ লোক তো নাছোড়বান্দা’। আমি বললাম ‘মাননীয় ভাইস-চ্যান্সেলর মনে করুন, আমি তাই।’ এরপর পিএসকে ডেকে একটা লিস্ট আনতে বললেন। লিস্ট দেখ একজনকে আইন বিভাগে দেয়ার কথা আমাদেরকে বললেন। আমি বললাম ঠিক আছে, আপাততঃ একেই দিয়ে দিন। তৎক্ষণাৎ পিএসকে ডেকে পোস্টিং দেয়ার কাগজপত্র প্রস্তুত করতে বললেন। এরপর হঠাৎ করেই বলে বসলেন, ‘আপনার ক্লাস নেই? এসময় তো সবারই ক্লাসের সময়। আমি বললাম, ‘হ্যাঁ ক্লাস আছে। ছাত্রদেরকে বলে এসেছি। এখান থেকে গিয়ে ক্লাসে ঢুকব’। তিনি বলে বসলেন, ‘যান যান আপনি ক্লাস নেন বিভাগে গিয়ে। সাঈদ কাচুমাচু করে বলল, –‘আমার ক্লাস নেই স্যার’। তিনি বললেন, ‘সাঈদ থাক, পোস্টিং লেটার নিয়ে যাবে। আপনি যান। সাঈদ খুবই বিস্মিত হয়েছে- আমাকে এভাবে ক্লাসের কথা বলায়। বিভাগে এসে সে আমাকে বলল, ‘স্যার, আমি অর্থাৎ হয়েছে- আপনাকে এভাবে ক্লাসে যাওয়ার তাড়া দিলেন তিনি। আমিও জানি আপনি একটি ক্লাসও মিস করেন না।’ আমি, তাঁর হাবভাব দেখে বললাম, ‘ভিসি সাহেব এরকমই। জীবনে কোনদিন ক্লাস মিস করেননি। বোধ হয় এ কথাটাই তাঁর মাথায় হঠাৎ করে এসে গিয়েছিল। তাছাড়া তিনি বোধ হয় জানেন না আমার ক্লাস নেয়ার স্টাইল’। তাঁকে এসব কথা বললাম বটে, কিন্তু আমার মনেও এক প্রকার অস্বস্তি সৃষ্টি হয়েছিল তা অস্বীকার করব না। কাজ-পাগল মানুষ মনে করেন, সবাই তাঁর মত কাজ পাগল হোক। আমি জানতাম বলেই অস্বস্তিবোধ করলেও মন খারাপ করিনি। তৎক্ষণাৎ তাঁর অফিসে থেকে বের হয়ে এসে ক্লাসে ঢুকলাম।

প্রফেসর আজহারুল ইসলামকে কোনদিন বিশ্ববিদ্যালয়ের কোন কাজে বিলম্ব করতে বা অসুখ-বিসুখের অজুহাতে বিশ্ববিদ্যালয়ের কাজে পিচপা হতে দেখিনি। দ্বিতীয় মেয়াদে ভিসি হিসেবে চট্টগ্রামে আসার পর তাঁর শারীরিক অবস্থা তেমন জুতসই ছিল না। মেরুদণ্ডের ব্যথা তাঁর পুরাতন অসুখ। বহুদিন যাবত এই ব্যথার কারণে তিনি বেলেট পরে থাকতেন সব সময়। পেটের IBS-ও তাঁর পুরাতন সমস্যা। সব রকমের খাবার গ্রহণ করা তাঁর পক্ষে সম্ভব ছিল না। হঠাৎ করেই একদিন তিনি পায়ের পাতায় জ্বলুনি অনুভব করলেন। দুই পায়ের পাতায় সমান তালে জ্বলুনি চলছে। মোজা পরা যাচ্ছে না। শীতের দিনেও শুধু জুতা পরে থাকতে হত। রীতিমত অস্বস্তিকর অবস্থা। আমি এ অসুখের জন্য তাঁকে এক Homeopath ডাক্তারের কাছে নিয়ে গিয়েছি। পরে রাজশাহীতে TENS therapy নিলে এটি কমে আসতে থাকে। এর আগে ২০০৫ সালে থাইল্যান্ডে এনজিওগ্রাফি করে তাঁর হার্টের দুটি ব্লক সরানোর পর রিং লাগান হয়েছে। একবার তাঁকে চোখের power চেক করানোর জন্য পরিচিত ডাক্তারের কাছে নিয়ে গিয়েছি। কখনও কখনও অতিশয় কাজের চাপে মাথা ব্যথা অনুভব করেছেন। বিশ্রাম নিলে সুস্থবোধ করেছেন - কিন্তু বিশ্রাম নেওয়া যেন তাঁর স্বভাব বিরুদ্ধ ছিল। এতসব অসুখের কোনটা না কোনটা লেগেই ছিল। আমি তাঁকে তাঁর দ্বিতীয় মেয়াদে পাঁচ বছরে একদিনও কোন না কোন অসুখ ছাড়া দেখিনি - যদিও এসব অসুখ কোনটাই মারাত্মক আকার ধারণ করেনি। একবার তাঁর শরীর ভাল লাগছে না জেনে আমার বন্ধু স্থানীয় এক ডাক্তারের কাছে তাঁকে নিয়ে গেলাম। ডাক্তার সাহেব দেখে শুনে তাঁকে কিছু ঔষধ ও পরামর্শ দিলেন। ঐ সময় ভিসি সাহেব রাজশাহী গেলেন কয়েক দিনের জন্য। তিনি রাজশাহী চলে যাওয়ার পরদিনই বিকেলে আমি ঐ ডাক্তারের কাছে গেলাম। ডাক্তার নিজেই তাঁর অসুখের প্রসঙ্গ তুলে আমাকে বললেন যে, ভিসি সাহেবের একটি Thorough চেক-আপের দরকার। তাঁকে ব্যাংকক অথবা সিঙ্গাপুরে যেতে বলেন। ডাক্তারের একথা শুনে কেন জানি মনে হল- ডাক্তার আমার কাছে তাঁর অসুখের ব্যাপারে কিছু লুকাচ্ছেন। আমি বিলম্ব না করে তখনই ফোন করে ব্যাংককে গিয়ে চেক-আপ করার অনুরোধ করলাম। কাল বিলম্ব না করে ভাবী সাহেবাকে সাথে নিয়ে তিনি ব্যাংকক থেকে চেক আপ করে আসলেন। চট্টগ্রামে তিনি ফিরে আসলে তাঁকে কিছুটা সুস্থ মনে হল। চেক আপের ফলে অসুখজনিত ভাবনাটা কিছু কম হওয়ায় তাঁকে কিছুটা উজ্জ্বল দেখাচ্ছিল। তাঁর চট্টগ্রামে অবস্থানের শেষের দিকে তিনি কোন ঔষধই কম্পিউটারে চেক না করে খেতেন না। আগেই বলেছি তাঁর পেটের অসুখ তো আগেই ছিল। একবার তিনি লেগে গেলেন পেটের অসুখ কি কারণে হয় তা দেখার জন্য। ইন্টারনেট ঘেঁটে তিনি বের করলেন- পেঁয়াজ, রসুন, আদা ও চিনি তাঁর পেটের অসুখের কারণ। ঘোষণা

দিয়ে বর্জন করলেন - এগুলো দিয়ে রান্না যে কোন খাবার। পার্টিতে গেলে পূর্বেই বলে দেয়া হত - তাঁর জন্য এগুলো বাদ দিয়ে আলাদা রান্না করতে।

তাঁর অসুখ-বিসুখের এই কথাগুলো উল্লেখ করলাম- এ কারণে যে একজন মানুষ কতটা ধৈর্য্য ও সহনশীল হলে, এতটা অসুখ-বিসুখ নিয়েও সারাদিন বিভিন্ন রকমের সভায় যোগদান, গবেষণার কাজ চালিয়ে যাওয়া এবং সংশ্লিষ্ট সকলের সাথে সুস্থ মেজাজ বজায় রেখে চলতে পারেন। আমি একেবারে কাছে থেকে তাঁর এ জাতীয় অবস্থা অবলোকন করেছি বলেই বলতে পারছি যে তিনি অতিমানবের মত এহেন অবস্থায় পূর্ণ সচল এবং সর্বদাই কার্যরত ছিলেন। বিস্মিত হওয়ার মতই ছিল এ অবস্থায়ও তাঁর কর্মদক্ষতা।

এ সময়ে ভাবী সাহেবা এবং আমি তাঁকে কিছুটা বিশ্রাম নিতে অনেকটা বাধ্য করার ফন্দি আটতাম। রাজশাহী থেকে ভাবী সাহেবা চট্টগ্রামে আসলেই আমি ঘন ঘন ভিসি সাহেবের বাসায় যেতাম। ভাবীর তৈরী কিছু মজাদার খাবার খেতে খেতে পরিকল্পনা হত ছুটির দিনে তাঁকে নিয়ে কোথায় যাওয়া যায়। এরূপ পরিকল্পনার সূত্র ধরে আমরা কখনও রাঙ্গামাটি, কখনও কাপ্তাই, পতেঙ্গা এবং কক্সবাজার ভ্রমণে গিয়েছি। একবার সারাদিন ভ্রমণের প্রস্তুতি নিয়ে কাপ্তাই গেলাম ভিসি সাহেব, ভাবী সাহেবা এবং আমি। উদ্দেশ্য - ভিসি সাহেবকে পুরো দিনটার জন্য বিশ্রাম দেয়া। কাপ্তাই গিয়ে কাপ্তাই ড্যাম, কর্ণফুলী নদীর জলাধার, বিদ্যুৎ উৎপাদনের কেন্দ্র যা সমতল ভূমির সাততলা নিচে অবস্থিত এবং আরও কিছু খুঁটিনাটি বিষয় দেখলাম। ইতিমধ্যে ভিসি সাহেবের এক ভক্ত এসে তাঁর বাসায় যাওয়ার দাওয়াত দিলেন। কোন আপত্তিই শুনলেন না ভদ্রলোক। কাপ্তাই-এ তাঁর বাসায় ভিসি এবং ভাবী সাহেবকে একবেলা খাওয়াতে পারবেন এটা ছিল তাঁর স্বপ্নের বাইরে। বাদ জোহর তাঁর খাবার টেবিলে বসে দেখি - এলাহী কাণ্ড। নানা রকম খাবারে টেবিল ভর্তি। ভূরিভোগ সেরে কৃত্রিম খালে নৌকা ভ্রমণের জন্য বের হলাম। কিন্তু সে সময় পানি প্রবাহের ভয়ঙ্করতা দেখে নৌকা ভ্রমণ বাতিল করে চট্টগ্রামের দিকে রওনা হলাম। এ সময় ভিসি সাহেব বেশ উল্লসিত হয়ে বললেন, ‘১৯৬৩ সালে আমরা ইন্ডাস্ট্রিয়াল ট্যুরে সর্বপ্রথম কাপ্তাই এসে এক রাত ছিলাম’। এ ট্যুরে আমি তাঁর সঙ্গে ছিলাম এবং আমরা সাঁতরিয়ে ড্যামের পানি প্রবাহের কৃত্রিম নদী পার হয়েছিলাম কিছুটা ঝুঁকি নিয়ে।

ভিসি সাহেবকে বিশ্রামে নেয়ার আরেকটা পরিকল্পনা ছিল কক্সবাজার ভ্রমণ। এ ভ্রমণটা ভিসি সাহেব বেশ উপভোগ করেছিলেন। কারণ এ সময় ভাবীর সাথে তাঁদের দুই কন্যারত্ন মিতি ও তন্মী এবং মিতির স্বামীও চট্টগ্রামে এসেছিল।

পরিকল্পনা মারফিক একটি মাইক্রোবাসে করে ভিসি সাহেব ভাবী, দুই কন্যা, জামাতা এবং আমি সেদিন সকালে কক্সবাজারের উদ্দেশ্যে রওনা হলাম। দুপুর একটা নাগাদ কক্সবাজার পৌঁছে পূর্বেরই বুক করা হোটেলেরে উঠলাম। যোহরের নামাজ এবং লাঞ্চ সেরে আমরা কিছুটা বিশ্রাম নিয়ে ঘুরে দেখার উদ্দেশ্যে বের হলাম। সমুদ্র তীরবর্তী রাস্তা ধরে হাঁটছি। আবার কখনও বালির উপর দিয়ে হাঁটছি। কিছুক্ষণ এভাবে হাঁটার পর আমরা কক্সবাজারে যে পাহাড়টিতে ছোট খাট বরনা আছে সেটিতে পৌঁছলাম। বরনা দেখতে হলে পাহাড়ে উঠতে হবে। প্রায় খাঁড়া পাহাড়। উপরে উঠা তেমন সহজ কাজ নয়। আমি বললাম, ‘এত উপরে বোধ হয় না উঠাই ভাল’। কিন্তু পাহাড়ের ধারে গেলে পাহাড়ে উঠে দেখবার একটা নেশা জাগ্রত হয়। ভাবী সাহেবা আর আমি নীচে দাঁড়িয়ে পড়লাম। আর মিতি, তন্বী ও জামাতা তিনজন তরতর করে উঠতে লাগল। তাদের পিছনে ভিসি সাহেব উঠলেন। আমি ভিত্তুরাম ভয় পেয়ে ভিসি সাহেবকে উপরে না উঠার জন্য বললাম। কিন্তু যিনি কোথাও পরাজয় মানতে নারাজ, তিনি শুনবেন কেন? তিনিও উঠতে লাগলেন এবং শেষ পর্যন্ত পাহাড়ের চূড়ায় উঠে আমাদের দৃষ্টির বাইরে চলে গেলেন। মিতিরা আগেই চলে গেছে। আমি ভাবীর দিকে তাকিয়ে দেখি - তিনি কিছুটা উদ্বিগ্ন। আর আমি ভাবতে লাগলাম- এ কি করে সম্ভব? যে মানুষটার কোমরে ব্যথা এবং বেল্ট বাঁধা সে মানুষটি কি করে পাহাড়ে উঠে গেলেন? বিস্মিত হলাম তাঁর মনোবল এবং সাহস দেখে। কিছুক্ষণ পর তাঁরা বরনার উৎস দেখে নেমে আসলেন। আমি বেকুবের মত ভিসি সাহেবের দিকে তাকিয়ে রইলাম। রসিকতা করে ভাবী সাহেবকে বললাম, ‘আপনি আপনার ‘ইয়ে’ মানে মানুষটাকে ইনট্যাক্ট ফিরে পেয়েছেন। এবার চলুন যাই’। ভিসি সাহেব আমার দিকে কটমট করে তাকিয়ে হাঁটা শুরু করলেন।

আমি আবারও বিস্মিত হলাম- এর পরের দিন মহেশখালী দ্বীপে গিয়ে। মহেশখালী দ্বীপে যাওয়ার দুটো পথ আছে। এর একটা কক্সবাজার উপকূল থেকে স্পিডবোটে মিনিট দশ বারোর মধ্যে ওপারে যাওয়া। আরেকটি অন্যদিকে মহেশখালী ব্রিজ দিয়ে যাওয়া। আমরা স্পিডবোটেই যাওয়ার জন্য সমুদ্রের নিকটে গিয়ে স্পিডবোট ভাড়া করলাম। গোল বাঁধল স্পিড বোটে উঠা নিয়ে। মিতি, তন্বী, জামাতা আমি ছোট লাফ দিয়ে বোটে উঠলাম। কিন্তু ঝামেলা বাঁধল ভাবীকে নিয়ে। তিনি তো ছোট খাট লাফও দিতে পারেন না। আবার বোটের কিনারা ধরে উঠবেন তাও পারছেন না। কি মুশকিল হল! আমি এগিয়ে গিয়ে ভিসি সাহেবকে বললাম - ‘আপনি ভাবীর হাত ধরুন আর আমি আপনাকে ধরে আছি’। হাত দুটো ধরে আস্তে করে টান দিন; আর ভাবী আস্তে করে বোটে পা রাখবেন। হাজার হলেও ভারী মানুষ তো। কিন্তু ভিসি সাহেবের গায়ে জোর এসে গেছে। তিনি শক্ত করে দুই হাত ধরে মোটামোটি এক

প্রকার টেনে ভাবীকে বোট উঠালেন। আমরা হাঁফ ছেড়ে বাঁচলাম - আর ভাবীর মুখ হল ঘর্মাক্ত। রসিকতা করে বললাম, ‘দেখলেন তো ভাবী, আমার মত স্লিম ফিগার্ড হলে কি সুবিধাটা না হত’। অসম্ভব হয়ে কিছু ঝাল-বড়া দিতে গেলেন। কিন্তু বোট চলতে শুরু করায় সমুদ্রের চমৎকার বাতাসে তাঁকে ঠাণ্ডা করে দিল। মহেশখালীতে পৌঁছে বোট থেকে সহজেই নামা গেল - কারণ সেখানে বোট একেবারে সিঁড়ির কাছে থামল।

বোট থেকে নেমে উপরে উঠে দেখি অনেক মানুষ। আমরা পাকা রাস্তা দিয়ে হেঁটে কিছুক্ষণের মধ্যেই মহেশখালীর বিখ্যাত আদিনাথ মন্দির, পাহাড়ের পাদদেশে পৌঁছলাম। এবার পাহাড়ের উপরে উঠার প্রস্তুতি চলছে। আমি মহেশখালীর বিখ্যাত পান জোগাড় করে আরামশে চিবুছি আর পাহাড়ের দিকে তাকিয়ে ভাবছি এ পাহাড়ে উঠা আমার কর্ম নয়। আর ভাবীর পক্ষে তো মোটেই সম্ভব নয়। পাহাড়ের নীচে ঘাসের উপর ভাবী বসে পড়লেন। ভাবলাম ভিসি সাহেবও বসে পড়বেন। কিন্তু না, আমার ভাবনাকে উড়িয়ে দিয়ে মিতি, তম্বী এবং জামাতার পেছন পেছন ভিসি সাহেবও পাহাড়ের উপর উঠতে শুরু করলেন এবং আশ্চর্যজনক হলেও সত্য তিনি পাহাড়ের চূড়ায় উঠে গেলেন। ঐ সময় তাঁর শারীরিক অসুবিধা বা কোমরের ব্যথা যেন কোথায় উড়ে গেছে। তাঁরা পাহাড়ে উঠে মন্দির-সহ নয়নাভিরাম দৃশ্য দেখে তৃপ্ত হয়ে নীচে নামলেন। আর আমি পাহাড়ে উঠতে না পারার লজ্জায় মুখ ফিরিয়ে সমুদ্র দেখতে লাগলাম। এরপর কিছুক্ষণ মহেশখালীর বসতি এলাকার রাস্তা ধরে এগিয়ে গিয়ে এদিক-সেদিক দেখে ঘাটে ফিরে স্পিডবোটে উঠলাম। এবার স্পিডবোট থেকে নামার পূর্বেই চিন্তা করে ঠিক করেছিলাম, একেবারে কূলের কাছে গিয়ে বাঁশের মাচার মাথায় নামব, যাতে ভাবীর নামতে কোন অসুবিধা না হয়। তেমন কোন অসুবিধা হলও না। কেবল নামার সময় ভিসি সাহেব আলতোভাবে ভাবীর হাত ধরলেন। তাতেই কাজ হল সহজভাবেই। আমার যতদূর মনে হয় - ঐ দিনই বিকাল বেলা আমরা কক্সবাজার থেকে রওনা হয়ে রাত আটটা নাগাদ চট্টগ্রাম পৌঁছলাম।

ভিসি প্রফেসর আজহারুল ইসলাম সম্পর্কে স্মৃতিচারণ করতে বসে আরও অনেক টুকরো টুকরো স্মৃতি আমার মানসপটে ভিড় করছে। এগুলো লিখতে গেলে লেখাটা লম্বা হয়ে যাবে বলে আমি এখানেই ব্রেক কষছি। কিন্তু এ ব্রেক করার সময় একটি টুকরো স্মৃতি উল্লেখ না করে তৃপ্তি পাচ্ছি না। তাঁর দ্বিতীয় মেয়াদের শেষ দিকে ছোট একটি ঘটনা ঘটল আমাকে কেন্দ্র করে। ঘটনাটি হল আমার চাকুরির মেয়াদ বৃদ্ধি নিয়ে। আমি আবেদন করেছি এক বছর মেয়াদ বৃদ্ধির জন্য। নিয়মানুযায়ী এটি পিএসপির সভায় ভিসি সাহেব পেশ করেছেন। কোন বাট ঝামেলা ছাড়াই মেয়াদ

বৃদ্ধির সুপারিশ হয়ে যাবে এবং সিভিকিটে এ্যাপ্রোভ হবে। কিন্তু পিএসপির সভায় বাঁধ সাধলেন ট্রাস্টি বোর্ডের কয়েকজন সদস্য। ভিসি সাহেব যথাসাধ্য তাঁদেরকে মেয়াদ বৃদ্ধির জন্য বোঝাবার চেষ্টা করছিলেন বলে জেনেছি। এর পূর্বে অনেক শিক্ষকের মেয়াদ বৃদ্ধির ব্যাপারে কোন বাঁধাকে তিনি পাত্তা না দিয়ে পাস করিয়েছেন। শিক্ষকদের স্বার্থ ক্ষুণ্ণ হয় এমন যেকোন ব্যাপারে ভিসি সাহেব অমননীয় ছিলেন। কিন্তু আমার ক্ষেত্রে এ সময় তিনি কোন বাঁধায় কর্ণপাত না করে পাশ করাতে পারলেন না। এর স্পষ্ট কারণ হল- এ সময় তাঁর চার বছরের মেয়াদ পূর্ণ হয়ে গিয়েছিল। নতুন ভিসি না আসায় তিনি এক্সটেনশনে ছিলেন। এক্সটেনশনে থাকলেও তিনি স্বাভাবিকভাবেই তাঁর কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছিলেন। এ কারণে আমার ধারণা ছিল আমার চাকুরির মেয়াদ বৃদ্ধি হবে। কিন্তু পিএসপির সভায় হল উল্টোটা। মেয়াদ বৃদ্ধির সুপারিশ হল কিনা জানার জন্য আমি সন্ধ্যার কিছু আগে তাঁকে ফোন করলাম - কারণ তখনও আমি জানতাম না ঠিক কি হয়েছে। তিনি বললেন, ‘ভাল কিছু হয়নি বলে আপনাকে জানাইনি’। খবরটা আমার বুকে শেলের মত বিদ্ধ হল। আমি ছটফট করতে লাগলাম। এক সময় মনে হল - পিএসপির সিদ্ধান্ত তো সিভিকিট সংশোধন করতে পারে। সন্ধ্যার পর আবার ফোন করে আমার ধারণাটা ভিসি সাহেবকে বললাম। কিন্তু এ সময় তিনি তেমন কিছু বললেন না। সারারাত প্রায় নিরুন্ম কাটিয়ে পরদিন ফজরের নামাজ পড়ার পর আমি তাঁর বাসায় গেলাম। এ সময় তিনি আমাকে দেখে একটু অবাক হলেন বটে, কিন্তু বললেন, ‘বসেন, আপনার ব্যাপারটা একটু ভেবে দেখলাম, পিএসপি স্টাটিউটরি বডি নয় বলে বিষয়টি সিভিকিটে আলাপ করা যায়। আপনি আপনার মত চেষ্টা করতে পারেন। আমি আমার সাইডটা দেখছি। আমি তাঁর কথায় এবং আপ্যায়নে কিছুটা স্বস্তিবোধ করলাম। ঐ দিনই বিশ্ববিদ্যালয়ে গিয়ে আইন বিভাগের হেড এবং সিভিকিট সদস্য সাইদুল ইসলামের সাথে আলাপ করে তাঁকে মেয়াদ বৃদ্ধির পক্ষে পয়েন্টস বুঝিয়ে দিলাম। আমার যুক্তি এবং তার নিজস্ব যুক্তি যোগ করে সাইদুল ইসলাম সিভিকিটে বেশ জোরালোভাবে যুক্তি উত্থাপন করলেন। শুনেছি, ভিসি সাহেব এরপর কালবিলম্ব না করে এবং কাউকে কথা বলতে না দিয়ে মেয়াদ বৃদ্ধির জন্য সাইদুল ইসলামের যুক্তি সমর্থন করায় বাকি সব সদস্যই তাঁকে সমর্থন করলেন। ফলে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সমর্থিত হল এবং পরবর্তী এক বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করা হল। ভিসি সাহেব প্রথমেই সমর্থন না করলে এবং বৃদ্ধির পক্ষে জোর দিয়ে না বললে এটি হত না। পিএসপিতে মেয়াদ বৃদ্ধির সুপারিশ না হওয়ায় তিনি যে বেশ কষ্ট পেয়েছিলেন- এটা আমার কাছে স্পষ্ট হয়ে গেলে। সিভিকিট মিটিং থেকে বের হওয়ার পরই তিনি আমাকে ফোনে হাসতে হাসতে বললেন, ‘কি খবর, আপনার কাজ হয়ে গেছে। এবার একটু হাসুন’। আমি হেসে বললাম, ‘আপনাকে অসংখ্য ধন্যবাদ’।

এরপর আমার সহকর্মী সাঈদসহ কয়েকজন সহকর্মী এবং তদানীন্তন প্রোভিসি ড. দেলোয়ার হোসেন সাহেব আমাকে এ খবরটি জানালেন। এ সময়ই আমি খুব ভালভাবেই অনুভব করলাম আমার প্রতি ভিসি সাহেবের গভীর সমবেদনার ব্যাপারটি। প্রসঙ্গত উল্লেখ্য, ঐ সভায় আরও নয়জনের মেয়াদ বৃদ্ধি বাতিল করা হয়। যা হোক, তিনি চাকুরিটা দিয়েছিলেন- আবার তাঁর আমলে চাকুরিটা খতম হতে তিনি দিলেন না। আমি সত্যিই তাঁর প্রতি চিরকৃতজ্ঞ ও চিরঋণী হয়ে রইলাম।

ভিসি হিসাবে প্রফেসর আজহারুল ইসলামের চারিত্রিক বৈশিষ্ট্যের আরেকটি প্রশংসনীয় দিক হল, বিশ্ববিদ্যালয়ের আইনের প্রয়োগের প্রতি তাঁর অবিচল থাকা। আমি লক্ষ্য করেছি, যেকোন পরিস্থিতিতে কোন বিষয়ের সমাধানে আইনের গণ্ডির মধ্যে থেকে সে বিষয়ের সমাধান করার প্রতি তার দৃঢ়তা। এতে সুবিধা অনেক বেশি। যেকোন পরিস্থিতিতে কোন মতেই আইনের পরিপন্থী বা ব্যতিক্রমী কোন সিদ্ধান্ত নিতে তিনি নারাজ ছিলেন। এ কারণে কোন কোন সময় কিছু অস্বস্তিকর পরিস্থিতিরও উদ্ভব হয়। কিন্তু তা সামলিয়ে নিয়েছেন আইনের আওতায় থেকেই। হজ্জে যাবার জন্য এক আলেম অধ্যাপক আবেদন করলে তিনি তা দেখে আইন সম্মত হয়নি বলে তাঁকে ফেরত দেন, আর বলেন - আবেদনটি পূর্ণ করতে হলে আরও কতকগুলি শর্ত পূরণ করতে হবে যা পূরণ করা ঐ অধ্যাপকের জন্য রীতিমত অস্বস্তিকর ছিল। আমি ঐ অধ্যাপককে ভিসি সাহেবের অফিস থেকে অত্যন্ত বিমর্ষ অবস্থায় ফিরে যেতে দেখেছি। আইন বিভাগের তদানীন্তন প্রধান হজ্জে যাবার জন্য তাঁর এক সহকর্মীর আবেদন সুপারিশ করে ভিসি সাহেবের নিকট পাঠালে তিনি আইন বিভাগের প্রধানকে ডেকে বকাবকি করেন। বকা খেয়ে কাঁদো-কাঁদো অবস্থায় ঐ প্রধান আমার কাছে এসে এ অবস্থার কথা বলেন। আমি তাকে সান্ত্বনা দেই এবং আশ্বস্ত করি। শুধু উপরোক্ত এই উদাহরণ নয়- আরও আছে অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে। এ সব কারণে তাঁর সামনে বিশ্ববিদ্যালয়ের সকলেই এদিকে বিশেষভাবে খেয়াল রাখতেন এবং বে-আইনী কোন বিষয় তাঁর সামনে পেশ করতে চাইতেন না। এজন্য একথা বলা অতিরিক্ত হবেনা যে, এ বিশ্ববিদ্যালয়ে তিনি একদিকে আইন রচয়িতা এবং অন্যদিকে দৃঢ় হস্তে আইনের বাস্তবায়নকর্তা। তিনি বিশ্ববিদ্যালয়ের পূর্ণ স্টাটিউট তৈরী করে দিয়ে গেছেন অসুস্থ থেকেও অক্লান্ত পরিশ্রম করে।

পূর্বেই উল্লেখ করেছি যে, তাঁর ভিসি পদের মেয়াদ শেষ হওয়ার পরও প্রায় এক বছর কাল তিনি ট্রাস্টি বোর্ডের অনুরোধে কাজ চালিয়ে গেছেন। ট্রাস্টি বোর্ড তৃতীয় মেয়াদে তাঁকে ভিসি পদে পুনঃনিয়োগের প্রস্তাব দিলে তিনি তা গ্রহণ করেননি। এ সময় একদিন তাঁর বাসায় গিয়ে দেখি বড় বড় কয়েকটা প্যাকেট বাঁধা হয়ে গেছে।

বললাম, ‘এসব কি হচ্ছে’? তিনি বললেন, ‘কিছু একটার প্রস্তুতি হচ্ছে, পরে জানবেন, পরে আর কি জানব তৎক্ষণাৎ বুঝে ফেললাম- ‘যাব যাব করে এক বছর পার হল। এবার সত্যিই তিনি চট্টগ্রাম ছেড়ে যাচ্ছেন যদিও অনেকেই তাঁর চলে যাওয়ার বিষয়টি মেনে নিতে পারছিল না। অনেককে কাঁদিয়ে, অনেককে অনেক বিমর্ষতায় ফেলে এক সকালে তিনি চট্টগ্রাম বিমান বন্দরের দিকে রওয়ানা হলেন। তাঁর সাথে আমি গেলাম যদিও তাঁর স্বভাবসুলভ ভঙ্গিতে তিনি বললেন, ‘কষ্ট করার কি দরকার ছিল, সাথে তো আরেফিন আছে’। চট্টগ্রাম বিমান বন্দরে গিয়ে ভিআইপি লাউসে বসে তাঁর চলে যাওয়ার ব্যথাটা আরও একবার ভাল করে অনুভব করলাম। ফোন করে ভাবীকে বললাম, ‘আপনার মানুষটিকে বিমানে তুলে দিলাম। আপনার কোন চিন্তা নাই। তাঁকে ভালভাবে দেখে শুনে রাখবেন’। ভাবী বোধহয় মুচকি হেসে ফোন রেখে দিলেন।

উপসংহার

আমার জানামতে কোন ব্যক্তির উপর স্মৃতিচারণ মূলক গ্রন্থ বা স্মরণিকা প্রকাশিত হয় সাধারণতঃ তাঁর পরপারে চলে যাওয়ার পর। ঐ ব্যক্তির ভক্ত অনুরাগী ছাত্র-ছাত্রী বা সহকর্মীরা নিজেদের উদ্যোগে এসব করে থাকেন। তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন, সম্মান প্রদর্শন, আবেগ প্রকাশ ইত্যাদি কারণে। কিন্তু প্রফেসর আজহারুল ইসলাম সম্পর্কে স্মৃতিচারণ এবং তাঁর কর্মকাণ্ড ও অর্জনের (Achievement) উপর একটি পুস্তক প্রকাশ করার উদ্যোগ নিয়েছে তাঁর জীবদ্দশায় তাঁর অনুরাগী সহকর্মী ও ছাত্র-ছাত্রীরা। তিনি এখনও গবেষণারত যদিও শারীরিক অবস্থা পূর্ণ জুতসই নয়। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় তাঁর বিদায় নেয়ার পূর্বে সম্মানসূচক প্রফেসর এমেরিটাস হিসেবে নিয়োগ দিয়ে তাঁর প্রতি সম্মান প্রদর্শন করেছে। আইআইইউসিতে কোন আন্তর্জাতিক সম্মেলন বা কনভোকেশন হলে তাতে তিনি যোগদান করছেন। রাজশাহীতে ফিরে গিয়ে তিনি পুনরায় গবেষণা-সহ অন্যান্য কর্মে অংশগ্রহণ করছেন। ঠিক এমতাবস্থায় তাঁর সম্পর্কে স্মৃতিচারণমূলক পুস্তক রচনা বিশেষভাবে একটি ব্যতিক্রমী ব্যাপার। এই ব্যতিক্রমী উদ্যোগকে আমি আন্তরিকভাবে সাধুবাদ জানাই। নিঃসন্দেহে এটি একটি অতি উত্তম উদ্যোগ। কোন মৃত ব্যক্তির সম্পর্কে যাই লেখা হোক, তিনি তা দেখতে পাবেন না বা জানতে পারবেন না। কিন্তু জীবিত ব্যক্তি তাঁর উপর লেখা স্মৃতিচারণমূলক গ্রন্থটি দেখে নিঃসন্দেহে উজ্জীবিত হবেন, আনন্দবোধ করবেন। আর তাঁর কর্মকাণ্ডের এবং চারিত্রিক বৈশিষ্ট্যের রূপরেখাও দেখতে পাবেন। প্রফেসর আজহারুল ইসলাম এদিক দিয়ে অত্যন্ত ভাগ্যবান এবং ব্যতিক্রমী ব্যক্তিত্ব। তাঁর ব্যাপারে এই উদ্যোগে शामिल হতে পেরে আমি আনন্দিত। বিগত পঞ্চাশ বছরেরও অধিক কাল তাঁর রুমমেট, বন্ধু

ও সহকর্মী হিসেবে তাঁর সঙ্গে চলাফেরা আলাপ-আলোচনা ও সম্পর্কের অভিজ্ঞতার ফলে তাঁর সম্পর্কে আমার স্মৃতির ঝুলিতে অনেক স্মৃতিই জমে আছে। এ সব কিছুই মধ্য থেকে বেছে বেছে কিছু স্মৃতির প্রকাশ করেছে এ নিবন্ধে। আমার আশা, কিছুক্ষণের জন্য হলেও বৈজ্ঞানিক আজহারুল ইসলামকে এই স্মৃতিচারণ তাঁর অতীতকালের স্মৃতির রসে সিদ্ধ করবে এবং আনন্দ দেবে।

মতিহার চত্বরের উজ্জ্বলতম মতি, সুপ্রতিষ্ঠ গবেষক ও বৈজ্ঞানিক প্রফেসর ড. আজহারুল ইসলাম বর্তমানে মতিহার চত্বরের অনতিদূরে অবস্থিত তাঁর নিজস্ব বাসা ‘পথের শেষে’ বসবাস করছেন। তাঁর সঙ্গে রয়েছেন তাঁর চিরসঙ্গিনী ও সহধর্মিনী এক সময়ের অত্যন্ত মেধাবী ছাত্রী ও বর্তমানে অবসরপ্রাপ্ত খ্যাতনামা প্রফেসর ড. শামসুন্নাহার ইসলাম যিনি অত্যন্ত মমতাময়ী, তাঁর জেষ্ঠ্যকন্যা অত্যন্ত মেধাবী ছাত্রী, উদীয়মান লেখিকা ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপিকা মতি, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ‘শ্রেষ্ঠ অধ্যাপক’ জামাতা ড. নকিব এবং তাঁর প্রাণপ্রিয় বিস্ময়কর মেধার অধিকারী দুই নাতনী (যাদেরকে আমি মাদাম ক্যুরি বলি)। শান্তিতেই তাঁর জীবন কাটছে। আমি কামনা করি, এই শান্তি তাঁর পরপারে চিরশান্তি লাভ করার পূর্ব পর্যন্ত বহাল থাকুক। আল্লাহ তাঁকে হায়াতে তৈয়বা দান করুন।

টিকা

- ১। ড. এ. আর. মল্লিক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর, চবির ডিসি, ভারতে বাংলাদেশের রাষ্ট্রদূত, বাংলাদেশের শিক্ষাসচিব এবং বাংলাদেশের অর্থমন্ত্রী ছিলেন।
- ২। জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কারের মোট সংখ্যা - ১৬টি।
- ৩। কোন মন্ত্রী বা সচিব পর্যায়ের কোন আত্মীয় তাঁর ছিল না। তাঁর চেয়েও বড় কথা-রাজনৈতিক নেতাদের পদলেহন করার সময়ও তাঁর ছিল না।
- ৪। The Private University Act-2010 এর ৩১ ধারার ১, ৩ এবং ৯ উপধারায় উল্লেখিত।
- ৫। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গেলেন - কারণ ঐ বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী তাঁকে ফিরে যেতে হত।
- ৬। জনশ্রুতি হল - প্রায় একই সময়ে বিভিন্ন বিভাগের নয়জনকে প্রমোশন দেয়া হয়নি।
- ৭। বর্তমানে বাংলাদেশে বাস্তব বুদ্ধিহীন অনেক মানুষ ডেভেলপারের হাতে একটি ফ্ল্যাট পাওয়ার জন্য তাঁর সর্বশেষ সঞ্চলটুকু তুলে দিয়ে সর্বস্ব হারিয়ে পথে বসেছেন। এসব ব্যাপার কিভাবে আগে থেকে তিনি জানতেন, আমার তা বোধে আসেনি।



ড. মোঃ বদিউর রহমান

প্রাক্তন প্রফেসর ও সভাপতি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
 প্রাক্তন সুপার নিউমেরারী টিচার
 আইন বিভাগ, আইআইইউসি
 E-mail: profdrbodiur.r@gmail.com

প্রফেসর আজহারুল ইসলাম: শিক্ষাক্ষেত্রে অবদান

প্রফেসর এম দেলাওয়ার হোসেন

প্রফেসর ড. এ.কে.এম. আজহারুল ইসলামের সাথে আমার পরিচয়ের সূত্রপাত আজ থেকে প্রায় পাঁচ দশক আগে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে অধ্যয়নকালে আমাদের বিভাগের মেধাবী সিনিয়র ছাত্র হিসেবে তাকে চেনা। অতঃপর একই অনুষদের শিক্ষক হিসেবে তাঁর সাথে ঘনিষ্ঠতা তৈরি হয়। এবং পরবর্তীতে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে প্রায় তিন মেয়াদে ভাই চ্যাপেলর হিসেবে কর্তব্যরত অবস্থায় তার সাথে বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডীন ও প্রো-ভাইস চ্যাপেলর হিসেবে কাজ করার সুবাদে তাঁকে আরো নিবিড়ভাবে জানার সুযোগ হয়। এ দীর্ঘ পরিচিতির আলোকেই শিক্ষাক্ষেত্রে তাঁর অবদানের উপর আমার এ প্রবন্ধ।

শিক্ষা ক্ষেত্রে প্রফেসর এ.কে.এম. আজহারুল ইসলাম একটি উজ্জ্বল নাম। বিগত প্রায় ৫০ বৎসর ধরে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতা, গবেষণা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করেন। বর্তমানে অবসরকালীন সময়েও তিনি সক্রিয়ভাবে গবেষণা পরিচালনা ও গ্রন্থ রচনায় নিয়োজিত। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষা কার্যক্রমকে উন্নত ও গতিশীল করতে তাঁর অবদান সবিশেষ উল্লেখযোগ্য। নিজস্ব বিষয়ে প্রায় ২০৪টি গবেষণা প্রবন্ধ ও ১৫ টি গ্রন্থ ছাড়াও বিজ্ঞান, প্রযুক্তি ও সমসাময়িক বিষয়ে প্রায় ৭৩ টি প্রবন্ধ দেশী ও বিদেশী সাময়িকী ও পত্র পত্রিকায় প্রকাশিত হয়েছে।

প্রফেসর ইসলাম ২০০২-২০০৮ ও ২০১২-২০১৭ পর্যন্ত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম' এর ভাইস চ্যাপেলর হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি একই বিশ্ববিদ্যালয়ে প্রফেসর ইমেরিটাস। তাঁর দীর্ঘ পেশাগত জীবনে বিভাগীয় চেয়ারম্যান, অনুষদের ডীন, প্রভোস্টসহ—বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব নিয়োজিত ছিলেন। ২০০১ সালে বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত শিক্ষা সংস্কার সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটির সদস্য হিসাবে প্রযুক্তি বিষয়ে কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে সংস্কার বিষয়ক চূড়ান্ত রিপোর্ট-পূর্ব প্রস্তাবনার খসড়া প্রণয়ন করেন।

প্রফেসর ড. আজহারুল ইসলামের শিক্ষা ও শিক্ষকতা জীবন অমূল্য সম্পদে সমৃদ্ধেও তালিকা অনেক দীর্ঘ বলেই তিনি আজ অত্যন্ত গুরুত্ব সহকারে নন্দিত। তাঁর কর্মজীবন অর্থাৎ শিক্ষকতা জীবনের সূচনা হয় ১৯৬৮ সালের জানুয়ারী মাসে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পদার্থবিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদানের মধ্য

দিয়ে। এ বিশ্ববিদ্যালয়ে সুদীর্ঘ প্রায় ৪৫ বছর শিক্ষকতার দায়িত্ব পালনকালে অসংখ্য শিক্ষার্থী, সহকর্মী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী তাঁর সান্নিধ্যে এসেছেন। শিক্ষাক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের কারণে দেশী-বিদেশী শিক্ষিত সমাজ ও গবেষকদের কাছে সুপরিচিতি লাভ করেন। তাঁর বহু ছাত্র-ছাত্রী দেশে ও বিদেশে শিক্ষা ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ নির্বাহী পদে নিয়োজিত আছেন। এদের মধ্যে উচ্চ সরকারী পদসহ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পর্যন্তও রয়েছেন। তিনি বেশ কিছু সামাজিক সংগঠনের সাথে জড়িত থেকেও দেশের সেবা করে যাচ্ছেন। যেমন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অদূরে মীর্জাপুর গ্রামে নিজস্ব আর্থিক সহায়তায় স্থানীয় বয়স্কদের জন্য প্রতিষ্ঠান গড়তে ভূমিকা রেখেছেন। এতে বর্তমানে ২০-২৫ জন বয়স্ক শিক্ষার্থী প্রতিদিন প্রাথমিক শিক্ষা গ্রহণ করছেন। এছাড়া নিজ গ্রামে সীমিত আকারে মাদ্রাসা পরিচালনাসহ রাজশাহী শহরে বেশ কিছু গরিব ছাত্র-ছাত্রীকে পড়াশোনার সুবিধার্থে আর্থিক অনুদান দিচ্ছেন।

১৯৭২ সালে ড. আজহারুল ইসলাম লন্ডন ইউনিভার্সিটির ইম্পেরিয়াল কলেজ অব সায়েন্স এন্ড টেকনোলজী থেকে পদার্থ বিজ্ঞান বিষয়ে পিএইচ.ডি ডিগ্রী লাভ করেন ও পরের বছর Post doctorate সম্পন্ন করেন এবং Glasgow বিশ্ববিদ্যালয়ে Lecturer এর অফার পাওয়া সত্ত্বেও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ফিরে আসেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর এবং চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। তাঁকে পদার্থ বিজ্ঞানের একজন নিবেদিত প্রাণ শিক্ষাবিদ, বিভাগীয় প্রধান, হলের হাউস-টিউটর-প্রভোস্ট ও একজন দক্ষ প্রশাসক হিসেবে সবাই অত্যন্ত সম্মান ও শ্রদ্ধা করেন। তিনি শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে সহজ সংযোগ স্থাপনকারী (Communicative) পাঠদান পদ্ধতি অনুসরণ করেন। এটি তাঁর ছাত্রপ্রিয়তার একটি অন্যতম কারণ। বিজ্ঞান অনুষদের ডীন থাকা অবস্থায় তাঁর অধীনস্থ ১১টি বিভাগের শিক্ষা কার্যক্রম সুচারুরূপে পরিচালনা এবং অনুষদের উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করেন। এ সময় অনুষদে Computer Science and Engineering নামে নতুন বিভাগ চালু করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ল্যাবরেটরী বাস্তবায়নে ডীন হিসাবে অবদান অনস্বীকার্য।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা উন্নয়নের কাজে ড. ইসলামের ভূমিকা অপরিসীম। তিনি এ লক্ষ্যে বিশ্বের অনেক খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে কারিকুলাম উন্নয়ন সহ এতদসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম ও করফারেন্সে অংশগ্রহণ ও গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। উদাহরণস্বরূপ বলা যায়, তিনি ১৯৭৭ সালে মালয়েশিয়ার পেনাং এ অনুষ্ঠিত University Science Malaysia কর্তৃক আয়োজিত “University Physics Education” শীর্ষক আঞ্চলিক সম্মেলনে প্রবন্ধ উপস্থাপন,

১৯৮৩ সালে ভারতের জয়পুরে “Role of Lab in Physics Education” শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করেন। এছাড়া ১৯৮৫ সালে জার্মানিতে অনুষ্ঠিত ডুইসভার্গ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত “Physics Education” শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে প্রবন্ধ উপস্থাপনের জন্য আমন্ত্রিত হন।

কারিকুলাম উন্নয়ন ও আধুনিকীকরণ সম্মপর্কে প্রফেসর ইসলামের রচিত ও প্রকাশিত কিছু প্রবন্ধের তালিকা নীচে দেয়া হলো:

১. Physics Teaching in developing countries. Phys. Educ. (U.K), 12, 334 (1977).
২. Effective development of new physics curricula. Regional Conf. on University Physics Education, Penang, Malaysia, May 1977.
৩. The role of the teaching laboratory in physics education. Regional Conf. on Univ. Physics Education, Penang, Malaysia, May 1977.
৪. Postgraduate education of physicists. Regional Conf. on University Physics Education, Penang, Malaysia, May 1977.
৫. Physics and curricula at Rajshahi University. Regional Conf. on University Physics Education, Penang, Malaysia, May 1977.
৬. Physics and Society in developing countries. Phys. Educ. (U.K), 13, 357 (1978).
৭. Problems and policy of physics education in developing countries. Proc. International Conf. on Role of Lab. in Physics Education, Jaipur (India, 1985) p-289.
৮. Some peculiarities of the problems in communicating physics to students in developing countries. Intern. Conf. on Physics Education held at Duisburg University, Germany (1985).
৯. Science & Technology in Muslim Countries – Present Status, Prospects and Strategies for Development, VAST Conference, Kuala Lumpur (Malaysia, 1997) – published.
১০. The Education Policy & the Curricula of Schools in Bangladesh. Muslim Education Quarterly (UK), 19(1), 71 (2001).



পেনাং-এ অনুষ্ঠিত Physics Education সংক্রান্ত সম্মেলনের গ্রুপ ছবি (১৯৭৭)।



ভারতের জয়পুরে Physics Education সংক্রান্ত সম্মেলনে প্রফেসর ইসলাম বক্তব্য রাখছেন (১৯৮৩)।

প্রফেসর ড. আজহারুল ইসলাম বি.এস-সি (সম্মান) ও এম.এস-সি কোর্সের পাঠ্যক্রমকে পুনর্বিদ্যায়িত করে ক্রমান্বয়ে সমসাময়িক বিশ্বমানের পর্যায়ে উন্নীত করতে অবদান রেখেছেন। তিনি অন্যান্য অভিজ্ঞ শিক্ষকগণের সহায়তায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষাকে যুগোপযোগী ও আধুনিকীকরণে করতে প্রয়োজনীয় ল্যাবরেটরীর সুবিধা উন্নীতকরণ প্রক্রিয়ায় যথেষ্ট অবদান রেখেছেন।

স্বীয় বিভাগে প্রয়োজনীয় শিক্ষা ও গবেষণা উপকরণ ও আধুনিক বৈজ্ঞানিক যন্ত্রপাতির প্রয়োজন পূরণে তার প্রচেষ্টা সর্বজনবিদিত। বিশেষ করে সীমিত আর্থিক সঙ্কটের কথা মাথায় রেখে নিজস্ব প্রচেষ্টায় তিনি বিশ্ববিদ্যালয়-বহির্ভূত আর্থিক অনুদান যোগাড় করে গবেষণাগার গড়ে তোলেন। গবেষণা কাজের সহায়তার জন্য পর্যাপ্ত e-resource সহজলভ্য হওয়ার আগ পর্যন্ত নিজ অর্থায়নে সর্বাধুনিক গবেষণা পত্রিকা তথা: Physical Review B, Journal of Physics A: Condensed Matter, J. Superconductivity & Magnetism সংগ্রহ এবং সংরক্ষণের ব্যবস্থা করেন - এর কোনটিই বিশ্ববিদ্যালয় Library-তে নেই। এ কারণে বর্তমানে এই বিভাগে Condensed Matter Physics শাখায় শিক্ষার্থী/গবেষকগণ উচ্চতর প্রশিক্ষণ ও আধুনিক উন্নতমানের মৌলিক গবেষণার মাধ্যমে এম.ফিল. ও পি-এইচ.ডি ডিগ্রী অর্জনে সক্ষম হচ্ছেন। এ পর্যন্ত গবেষণাগার থেকে ১০২ জন গবেষক এম.এস-সি (থিসিস), এম.ফিল. ও পি-এইচ.ডি ডিগ্রী অর্জন করেছে। এ সবেই সুদৃঢ় ভিত্তি রচিত হয়েছে প্রফেসর ড. আজহারুল ইসলামের নেতৃত্বে।

শিক্ষকদের প্রশিক্ষণ প্রকল্পে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৭৪, ১৯৭৭ ও ১৯৯৯ সালে IAST এবং বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় আয়োজিত Science Summer Institute in Physics-এ প্রশিক্ষক হিসাবে গ্রীষ্মকালে কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মাসব্যাপী প্রশিক্ষণ দেন। এর মধ্যে ১৯৯৯ সালে Institute-এর ডাইরেক্টর ও প্রশিক্ষক হিসাবে অবদান রাখেন। এছাড়া কয়েক বছর ধরে ঢাকার বিয়াম মিলনায়তনে প্রতিবছরে অনুষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত কলেজ শিক্ষকদের জন্য পদার্থ বিজ্ঞান বিষয়ক কর্মশালায় প্রশিক্ষক হিসেবে দায়িত্ব জালন করেন, যা শিক্ষা উন্নয়নে অবদান রেখেছে। এছাড়া তিনি বক্তৃতার মাধ্যমে ছাত্র, শিক্ষক ও গবেষকদেরকে শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা বিষয়ে উদ্বুদ্ধ করেন। তাঁর কিছু বক্তব্যের শিরোনাম নিম্নে প্রদত্ত হলো:

২০১৫: "How to be a Good Researcher" – Main Lecture given at the Research Colloquium organized by Center for Research and

- Publication at International Islamic University Chittagong (25-30 Nov).
- ২০১৭: Special Guest Lecture at the Ist Bangladesh Society of Human Resources Management (BSRM) Chittagong HRM Summit (24 February)– HR Value Proposition for Business.
- ২০১৭: Ethics in Research & Publication – Talk delivered at the Research Ethics-PhD Colloquium- IIUC (2-3 May).
- ২০১৭: “IQAC and Quality of Higher Education” – Lecture given at the workshop arranged by Physics Department of Chittagong University (Dec).
- ২০১৭: Invited Lecture “Scientific Signs in Holy Qur’an – Practical Perspective of Human Life” at the Talent Development Workshop-2017 at IIUC during Nov 8-9, 2017.
- ২০১৭: Lecture on ‘Physics Research: Motivation, Methodology, Publication & Scientific Integrity’ at Dhaka University- Physics Department, Dhaka (28 December).

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সেশন জট নিরসনের প্রচেষ্টা: উচ্চশিক্ষা ক্ষেত্রে বহুল আলোচিত সমস্যাবলীর মধ্যে অন্যতম হলো ‘সেশন জট’। স্বাধীনতা যুদ্ধের সময় সংগত কারণেই এক বৎসরের জন্য সব সেশনগুলো পিছিয়ে গিয়েছিল। কিন্তু দুঃখজনকভাবে সত্য যে এই এক বৎসর পরবর্তীতে ৩ থেকে ৬ বছরে রূপ নেয়। পরিস্থিতি এমন ছিল যে, ক্লাশ যদিও ঠিকমত অনুষ্ঠিত হয়, পরীক্ষা সময়মত হচ্ছে না, বা পরীক্ষা হলেও ফলাফল প্রকাশে অহেতুক বিলম্ব হচ্ছে। সামাজিক বা রাজনৈতিক অস্থিরতার কারণে শিক্ষার অনুকূল পরিবেশের অভাব সত্ত্বেও সব কিছু অতিক্রম করে কোর্স শেষ করা বা পরীক্ষার ফলাফল ত্বরান্বিত করার ব্যাপারটা যে অনেকাংশে পরীক্ষা পদ্ধতি ও শিক্ষক সমাজের সদিচ্ছার উপর নির্ভরশীল তা প্রফেসর ড: আজহারুল ইসলাম প্রমাণ করেছেন। এই প্রচেষ্টায় প্রফেসর নজরুল ইসলাম, অর্থনীতির প্রফেসর তারিক সাইফুল ইসলাম সহ বেশ কয়েকজন জোরালো সমর্থন ও সহযোগিতা করেন।

প্রথমে একাডেমিক কাউন্সিলে বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর আজহারুল ইসলাম-কে আহ্বায়ক এবং পরীক্ষা নিয়ন্ত্রককে সদস্য-সচিব করে কমিটি গঠন করা হয়। পরে একাডেমিক কাউন্সিলের মিটিং-এ কমিটির রিপোর্ট উপস্থাপিত হয়। ভাইস-চ্যান্সেলর ছিলেন প্রফেসর ড: এম রকীব। রিপোর্টে উল্লেখযোগ্য অংশ ছিল - জট নিরসনে দুই শিফটে ক্লাস নেয়ার ব্যবস্থা এবং শিক্ষকদেরকে অতিরিক্ত ভাতা প্রদান ইত্যাদি। কাউন্সিলের একজন সদস্যের (প্রফেসর আতফুল হাই শিবলী) বক্তব্যে

প্রদত্ত ভিন্নতর প্রস্তাব নাকচ হয়ে কমিটির রিপোর্টটি পাশ হয়ে যায়। কিন্তু দ্রুত বাস্তবায়নে কর্তৃপক্ষ উদ্যোগী হয় না।

সেশন জট নিরসনের বিষয়টি পরবর্তী কোনো এক একাডেমিক কাউন্সিলে (এজেন্ডাভুক্ত না থাকলেও) পরীক্ষার তারিখ নির্ধারণের সময় প্রসঙ্গক্রমে আলোচনায় উঠে আসে। তখন ভাইস-চ্যান্সেলর ছিলেন প্রফেসর আমানুল্লাহ আহমেদ। কিছু বিভাগের ক্লাস শেষ না হওয়ায় অনেক পরে এক সঙ্গে তারিখ ঠিক করার মুহূর্তে প্রফেসর আজহারুল ইসলাম কোন কোন বিভাগের কোর্স শেষ হবারও বছ পরে কিছু বিভাগের কোর্স সময়মত শেষ না হওয়ায় খুবই দেরিতে পরীক্ষার তারিখ নির্ধারণের পরিবর্তে তা বিকেন্দ্রীয়করণ করে বিভাগসমূহের ওপর ন্যাস্ত করার জন্য জোরালো বক্তব্য রাখেন। এই বক্তব্যের পর পরীক্ষার সময়-সূচী নির্ধারণে বিকেন্দ্রীয়করণ ও বিভাগসমূহের ওপর ন্যাস্ত করার জন্য পদার্থবিজ্ঞান বিভাগের প্রফেসর নজরুল ইসলাম প্রফেসর আজহারুল ইসলামের মতো প্রস্তাব রাখেন এবং অন্যান্য বিভাগের বিশেষ করে অর্থনীতির প্রফেসর তারিক সাইফুল ইসলাম এবং ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেক্ট্রোনিक्स বিভাগের খায়রুল আলম খান এবং আরও কয়েকজন সদস্যের দৃঢ় সমর্থনে প্রস্তাবটি গৃহীত হয়। কলা অনুষদেও কিছু সদস্য ভীতি প্রকাশ করেছিলেন এই মর্মে যে, পদার্থবিজ্ঞান বিভাগ দ্রুত ফল প্রকাশ করবে আর তাদের ছাত্র তাদেরকে ঘেরাও করবে। গৃহীত প্রস্তাবটির সারসংক্ষেপ ছিল - নতুন ভর্তিকৃত ডিগ্রী সম্মান ১ম বর্ষ এবং মাস্টার্স প্রিভিয়াস-এর শিক্ষার্থীদের ক্লাস শুরু তারিখ কেন্দ্রীয়ভাবে নিখ্যারণ করা হবে এবং অন্যান্য সকল শ্রেণির ক্লাস শুরু এবং সকল পরীক্ষার সময়-সূচী স্ব-স্ব বিভাগের একাডেমিক কমিটি প্রণয়ন করবে।

প্রস্তাবটি পাশের পর পদার্থবিজ্ঞান বিভাগের একাডেমিক কমিটির প্রথম সভায় এতদসংক্রান্ত একাডেমিক ক্যালেন্ডার প্রস্তুত কওে প্রকাশ করা হয়। এরপর ভূগোল ও পরিবেশ বিজ্ঞান এবং ফলিত পদার্থবিজ্ঞানও ইলেক্ট্রোনিक्स বিভাগ তাদের অনুসরণ করে। বলতে গেলে তখন থেকেই সেশন জট নিরসনের প্রতিযোগিতা উদ্যোগী বিভাগগুলোর মধ্যে শুরু হয় যায়।

আর প্রফেসর আজহারুল ইসলাম-এর নেতৃত্বে পদার্থবিজ্ঞান বিভাগে খুব কম সময়ে বেশ আগেভাগেই ফল প্রকাশ শুরু হয় যা বিভিন্ন জাতীয় দৈনিকে ফলাও করে প্রচারিত হয়। পরে এ প্রচেষ্টা সারা বিশ্ববিদ্যালয়ে প্রতিযোগিতায় পরিণত হয়েছে। ফলতঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগসহ বেশ কিছু বিভাগে এখন সেশন জট নেই বললেই চলে।

বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবেও প্রফেসর ড.এ.কে.এম আজহারুল ইসলাম আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম'-কে একটি মানসম্পন্ন আধুনিক বিশ্ববিদ্যালয় হিসাবে গড়ে তুলতে ১০ বছর ধরে অক্লান্ত পরিশ্রম করছেন। এর মধ্যে নিলোক্ত বিষয়সমূহ প্রাধান্য যোগ্য:

- ইউ.জি.সি বিধিমালা অনুযায়ী বিশ্ববিদ্যালয় প্রশাসনে আমূল পরিবর্তন সাধন, পূর্ণাঙ্গ চাকুরী ও পি.এফ. বিধিমালা প্রণয়ন।
- বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক শৃংখলা আনয়নে বৈপ্লবিক পরিবর্তন সাধন। বিধি অনুসারে নুতন ও গুরুত্বপূর্ণ বিভাগ খোলা; দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক নিয়োগ প্রথার প্রবর্তন করেন।
- 'এ' মানের বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে সরকার কর্তৃক গঠিত উচ্চ পর্যায়ের রিপোর্ট মোতাবেক স্বীকৃতি অর্জনে বিশেষ ভূমিকা পালন।
- আধুনিক বিজ্ঞান অনুষদের বিষয়সমূহ Board of Accreditation for Engineering and Technical Education (BAETE) এর স্বীকৃতি অর্জনে বিশেষ ভূমিকা। উল্লেখ্য যে, এটিই একমাত্র বেসরকারী বিশ্ববিদ্যালয়, যা সর্বপ্রথম এই গৌরব অর্জনে সক্ষম হয়েছে।
- বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিদেশে উচ্চ শিক্ষার ব্যবস্থা গ্রহণ।
- শিক্ষকদের গবেষণা কাজে নিয়োজিত করতে পৃষ্ঠপোষকতাসহ বিশেষ উদ্যোগ গ্রহণ। এর ফলে ২০০৫ ডিসেম্বর অনুষ্ঠিত ICCIT-2005 আন্তর্জাতিক কনফারেন্সে প্রকাশনা সংখ্যা বিচারে বাংলাদেশের সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের মধ্যে তৃতীয় স্থান দখল।
- বিদেশী ৭০ জন (Online) সহ সারা দেশের ৩০০ জন প্রতিযোগী ছাত্র-ছাত্রীর কম্পিউটার প্রোগ্রামিং এ মেধা বিকাশের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে NCPC- ২০০৪ সহ নিয়মিত প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজনে বিশেষ পৃষ্ঠপোষকতা প্রদান।
- বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের ১৫০ বিঘা জমিতে অবকাঠামোগত উন্নয়নের ব্যবস্থা গ্রহণ।
- অভ্যন্তরীণ বিভিন্ন বিভাগসহ লাইব্রেরী কম্পিউটার অটোমেশনে নিয়ে আসা এবং ক্যাম্পাসকে কম্পিউটার সিটিতে পরিণত করার উদ্যোগ গ্রহণ।
- আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশের ২১টি বিশ্ববিদ্যালয়ের সাথে MoU ও MoA সম্পাদন - ক্রিডিট ট্রান্সফার ও শিক্ষক প্রশিক্ষণের জন্য তা কাজে লাগছে।

- ভবিষ্যতে উন্নত বিশ্ববিদ্যালয় গড়ে তোলার জন্য IIUC Vision 2030 নামে গ্রন্থ রচনা করেন।

১৯৫২ সালে ভাষা আন্দোলনের পর দীর্ঘদিন অতিবাহিত হলেও উচ্চশিক্ষায় বাংলা ভাষায় পর্যাপ্ত পাঠ্যপুস্তক ছিল না বললেই চলে। বর্তমানে পৃথিবী বিজ্ঞান নির্ভর এবং গাণিতিক চিন্তাধারার সঙ্গে যুক্ত। স্নাতকোত্তর কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার ক্রমবৃদ্ধির সাথে মাতৃভাষায় শিক্ষা লাভ অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়ায় উচ্চশিক্ষা স্তরে বাংলার পাঠ্যপুস্তক প্রণয়নের ক্ষেত্রে সুষ্ঠু ও সমন্বিত পরিকল্পনা গ্রহণ এবং উচ্চ শিক্ষার মাধ্যম হিসাবে বাংলা ভাষা চালু করা আমাদের জাতীয় শিক্ষানীতির একটি ঘোষিত মৌলনীতি। বাংলা ভাষায় পাঠ্যপুস্তক প্রণয়ন সেই মৌলনীতি বাস্তবায়ন প্রক্রিয়ায় একটি অপরিহার্য কর্তব্য মনে করে ড. আজহারুল ইসলাম পদার্থ বিজ্ঞান বিষয়ে বাংলা ভাষায় গ্রন্থ রচনায় মনোনিবেশ করেন। বিজ্ঞানকে দেশে জনপ্রিয় করার জন্যও তিনি সময় ব্যয় করেছেন এবং স্কুল কলেজ পর্যায়ে শিক্ষার্থীদের জন্য পপুলার গ্রন্থ রচনা করেছেন। ডিগ্রী মাস্টার্স ও অন্যান্য পর্যায়ে কয়েকটি পাঠ্যপুস্তকসহ তাঁর মোট ১৫ টি গ্রন্থ রয়েছে এর মধ্যে নিউইয়র্ক থেকে গবেষণামূলক একটি (২০০৮) ও সমসাময়িক প্রসঙ্গ সম্পর্কে আরেকটি গ্রন্থ ভারতের দিল্লি থেকে (২০০৮) প্রকাশিত। এছাড়াও তাঁর সম্পাদিত/রচিত ৪টি গ্রন্থ Library of Congressসহ উন্নত বিশ্বের কয়েকটি লাইব্রেরীতে স্থান পেয়েছে।

প্রফেসর আজহারুল ইসলাম ‘অতিবাহিতা’ বা Superconductivity উপর গবেষণার জন্য ২০০১ সালে ডিসেম্বর মাসে আন্তর্জাতিক ISESCO Science Award-২০০১ লাভ করেন। বিদেশে গিয়ে তিনি সম্মাননাসহ পাঁচ হাজার ডলার পুরস্কারও গ্রহণ করেছেন। তিনিই বাংলাদেশীদের মধ্যে প্রথম বিজ্ঞানী যিনি প্রথম এই পুরস্কার লাভ করেন। ৫৭টি দেশের আন্তর্জাতিক সংস্থা প্রতি ২ বছর অন্তর ৫টি বিষয়ে বিষয় ভিত্তিক একজন বিজ্ঞানীকে এই পুরস্কার দিয়ে থাকে। এই পুরস্কারের মাধ্যমে বাংলাদেশের সম্মান বৃদ্ধি পেয়েছে।

এছাড়া প্রফেসর আজহারুল ইসলাম তাঁর গবেষণামূলক মৌলিক কাজ এর জন্য বিজ্ঞানে “বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) পুরস্কার ১৯৯৭’ লাভ করেন। ইতোপূর্বে ১৯৬৭-৬৮ সালে সার্বিকভাবে বিবেচিত পাকিস্তানের Best Student হিসাবে তৎকালীন পাকিস্তানী প্রেসিডেন্টের সর্বোচ্চ পুরস্কার, গোল্ড মেডালসহ অন্যান্য পুরস্কার (আর্থিক পুরস্কার ও সারা পাকিস্তানে বিনা খরচে ভ্রমণ) লাভ করেন। এছাড়া ২০০৭ সালে তিনি পদার্থ বিজ্ঞানে মৌলিক গবেষণামূলক প্রকাশনার জন্য Bangladesh Academy of Science Gold Medal (২০০৬) লাভ করেন। ইউনাইটেড গ্রুপ কর্তৃক ২০১৬ ও ২০১৭ সালে পরপর দুইবার তিনি

“অসাধারণ রিসার্চ অ্যাওয়ার্ড (Outstanding Research Award)” পেয়েছেন। এ ছাড়াও তিনি ইউনিভার্সিটি পর্যায়ের টেক্সট বই-এর লেখক হিসেবে ইউজিসি কর্তৃক রিসেপশন ও শিক্ষা মন্ত্রী কর্তৃক প্রদত্ত ফ্রেস্ট এবং সার্টিফিকেট (২০১৭) লাভ করেন।

এ ছাড়া প্রফেসর ইসলাম ও CMP-র সহকর্মীরা কয়েকটি দেশের গবেষকদের সাথে যৌথভাবে গবেষণা করেন। আমেরিকার Arizona State University এর গবেষক Dr. Abraham Jalbout এর সাথে যৌথভাবে ১টি গবেষণা এবং আলাদাভাবে জাপানের Yamanashi বিশ্ববিদ্যালয়ের Prof. I. Tanaka (Faculty of Engineering) সাথে (২০০৫-২০০৭) যৌথভাবে ৩টি গবেষণা পরিচালনা করেছেন। সম্প্রতি অস্ট্রেলিয়ার (Queensland University of Technology Australia) ও যুক্তরাজ্যের Coventry বিশ্ববিদ্যালয় ও Imperial কলেজের এর গবেষকদের সাথে যৌথভাবে কিছু গবেষণাপত্র প্রকাশ করেন।

প্রফেসর আজহারুল ইসলাম শিক্ষা ও গবেষণার জগতে এক অনুকরণীয় ব্যক্তিত্ব। এ ক্ষেত্রে তার অনন্য অবদান তাকে দেশের গন্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিমন্ডলে সুখ্যাতি এনে দিয়েছে। তিনি যুগ যুগ ধরে শিক্ষাবিদ ও গবেষকদের মাঝে প্রেরণার বাতীঘর হয়ে থাকবেন এ আমার বিশ্বাস।



Prof. Dr. M. Delawer Hossain

Department of EEE
Former Pro Vice Chancellor
International Islamic University Chittagong
Former Professor of Applied Physics and
Electronic Engineering, Rajshhi University
E-mail: niniandgorki@yahoo.com

স্মৃতি কথা

প্রফেসর ড. মো. রফিকুল ইসলাম

আমি নিজেকে খুবই সৌভাগ্যবান মনে করি এজন্য যে, শিক্ষা ও শিক্ষকতা জীবনে অত্যন্ত জ্ঞানী ও গুণী ব্যক্তিদের সান্নিধ্য লাভ করতে পেরেছি। বিশ্ববিদ্যালয় জীবনে যে সকল গুণী শিক্ষক, গবেষক ও সহকর্মীদের সহযোগিতা ও সান্নিধ্য পেয়েছি তাঁদের মধ্যে প্রফেসর আজহারুল ইসলাম অন্যতম। একজন আদর্শ শিক্ষক, গবেষক সর্বোপরি একজন আদর্শ মানবের যেসব গুণাবলী থাকা প্রয়োজন, সেসব গুণাবলী তিনি অর্জন করতে সক্ষম হয়েছেন বলে আমি মনে করি। তাঁর সাথে আমার পরিচয় ১৯৯৮ সালে যখন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পদার্থবিজ্ঞান বিভাগে তাঁরই নেতৃত্বে একটি আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত হয়। সেখানে আমি ২টি প্রবন্ধ উপস্থাপন করার সুযোগ পেয়েছিলাম। সাথে ছিল আমার পরম শ্রদ্ধেয় শিক্ষক আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিজ্ঞানী মরহুম প্রফেসর এমেরিটাস জামাল নজরুল ইসলাম। জামাল স্যারের অনুভূতিতে দু’দিন ব্যাপী কনফারেন্স অনুষ্ঠানটা ছিল অত্যন্ত চমৎকার। এছাড়া অনুষ্ঠান চলাকালীন সময়ে আজহার স্যারের আতিথেয়তা, সময়ানুবর্তিতা, বিশেষ করে গম্ভীরা (রাজশাহীর স্থানীয় সংস্কৃতি) অনুষ্ঠানের মাধ্যমে Superconductivity বিষয়টি সাধারণ মানুষের কাছে উপস্থাপন করা ইত্যাদি ছিল জামাল স্যারের খুবই পছন্দ। জামাল স্যার রাজশাহী থেকে ফিরে এসে আজহার স্যারকে আমার পি-এইচ.ডি External Examiner হিসেবে নিয়োগের বিষয়টিও আমাকে জানিয়েছিলেন।

চ.বি. গণিত ও ভৌতবিজ্ঞান গবেষণা কেন্দ্রে (বর্তমান নাম জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌতবিজ্ঞান গবেষণা কেন্দ্র) ৩ দিনব্যাপী একটি আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠানে আজহার স্যার (তৎকালীন ভিসি, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম) আমন্ত্রিত বক্তা হিসেবে অংশগ্রহণ করায় দ্বিতীয়বার সাক্ষাতের সুযোগ হয় আমার। সম্ভবত জামাল স্যারের ইঙ্গিতে আমার গবেষণার বিষয় নিয়ে জানতে চান তিনি, আমি তাঁকে সাদরে আমার অফিস রুমে আমন্ত্রণ জানালাম। স্যার আমার পাবলিকেশনস, গবেষণা কাজের অগ্রগতি ইত্যাদি দেখেছেন। এই সুযোগে আমি স্যারকে একটা কমলা দিয়ে আপ্যায়ন করলাম। কমলা খেতে খেতে গবেষণাকর্ম দেখছিলেন আর আমার কাজের প্রশংসা করছিলেন- আপনার কাজ হয়ে গেছে, পি-এইচ. ডি. থিসিস লেখার মত কাজ হয়েছে, জমা দিচ্ছেন কবে ইত্যাদি। স্যারের

উৎসাহটা ছিল আমার জন্য “মেঘ না চাহিতে বৃষ্টি”, বিরাট সাফল্য, যা ভাষায় ব্যক্ত করার নয়।

পি-এইচ.ডি অ্যাওয়ার্ড হওয়ার পরের বছর আমার নিজ উদ্যোগে একটি সেমিনারের ব্যবস্থা করা হয়েছিল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ ভবনে। জামাল স্যার প্রধান অতিথি আর আজহার স্যার ছিলেন বিশেষ অতিথি। আমাদের তিনজনের উপস্থাপনায় “Understanding Superconductivity” বিষয়ে সেমিনারটি সেদিন বিজ্ঞান অনুষদের ডিনসহ ছাত্র ছাত্রীদের মনে প্রচণ্ড আলোড়ন সৃষ্টি করেছিল। বলা যায় দর্শক-শ্রোতা ছাত্র-ছাত্রীদের উৎসাহ ও উদ্দীপনাই পরবর্তীতে Superconductivity বিষয়টি আমাকে প্রথম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পদার্থবিদ্যা বিভাগে পূর্ণাঙ্গ কোর্স হিসেবে চালু করার সাহস যোগায়।

একবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে স্যারের এক ছাত্রের এম.ফিল ভাইভা পরীক্ষা নিতে গিয়েছিলাম। ভাইভা শেষে স্যার বললেন, রফিক সাহেব চলেন আমার বাসায় একটু ডাল ভাত খাবেন। আমি রাজি হয়ে গেলাম। খাবারের বর্ণনার প্রয়োজন মনে করছি না। তবে স্যারের বাসায় আম ও আমার চাটনির কথা উল্লেখ না করলেই নয়। স্যার ও স্যারের মিসেস (ম্যাডাম প্রফেসর শামসুন্নাহার ইসলাম) সেদিন প্রতিযোগিতামূলকভাবে আম ও আমার বিভিন্ন প্রকার চাটনি পরিবেশন করেছিলেন। হতেই হবে, কেননা চাটনি যে ম্যাডাম বানিয়েছে। আমি শুধু একা নই, আমন্ত্রিত ছিল স্যারের কিছু নতুন ও প্রাক্তন গবেষণার ছাত্র। ছাত্রকে বাসায় আপ্যায়ন করার বিষয়টি কী এতই সহজ? আমরা ক’জন করতে পেরেছি। যেখানে ছাত্রদের সময় দেয়ার মত সময় আমাদের নেই, সেখানে নিজ বাসায় আপ্যায়ন (!), আজকের দিনে তা বিরল।

স্যারের একজন ছাত্র ও পরবর্তীতে সহকর্মী (প্রফেসর সাইদুর রহমান খান, প্রাক্তন ভিসি, রা.বি.) ICTP, Trieste ইতালিতে খাবার টেবিলে বসে স্যারের গুণকীর্তন করেছিলেন, আমি মুগ্ধমনে তা শুনেছিলাম। আজকাল কোন সহকর্মী, সহকর্মীর গুণকীর্তন করতে চায় না, এ যেন স্যারের বড় পাওনা। এছাড়া বহু ঘটনার কথা শুনেছি এবং জেনেছে যে, স্যার যে কোন মানুষের চেয়ে ভিন্ন, মনে ও মানসে অনেক উঁচুমানের তিনি। তিনি একজন সফল বিজ্ঞানী, বিজ্ঞানী তৈরীর মহান কারিগর। তাঁর তৈরী অনেক বিজ্ঞানী, গবেষক ও শিক্ষক দেশ ও দেশের বাহিরে অবস্থান করছেন, তাঁরা বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে সফলতার স্বাক্ষর রেখেছেন। এ যেন তারই সফলতা। কারণ, একজন সফল বিজ্ঞান-কারিগরের প্রধান বৈশিষ্ট্যই হলো- ভালো মানের বিজ্ঞানী তৈরী করা। আমার মনে হয়, তিনি তা করতে পেরেছেন। গবেষণার ক্ষেত্রে তিনি অতুলনীয়। মাত্র কয়েক বছরের মধ্যে

“সুপারকন্ডাক্টিভিটি” বিষয় নিয়ে তিনি যেভাবে অগ্রসর হয়েছেন, আমাদের দেশে এ ফিল্ডে যে ক’জন গবেষক রয়েছেন, তাঁদের মধ্যে অন্যতম। সুপারকন্ডাক্টিভিটি’র তাত্ত্বিক বিষয়ে অগ্রগতির আলোচনায় তিনি অনেকের শীর্ষে। দেশে যদি সুপারকন্ডাক্টিভিটি’র গবেষণাগার থাকতো, হয়তোবা তিনি আন্তর্জাতিক অঙ্গনেও সফলতার শীর্ষেই থাকতেন।

প্রফেসর আজহারুল ইসলাম স্যারের শিক্ষা জীবন, পেশা ও গবেষণাকর্ম এবং তার রচিত কিছু বই রয়েছে যা নিয়ে আলোচনা করা সময় সাপেক্ষ ব্যাপার। আমি সুদূর চট্টগ্রাম থেকে স্যারকে আমার যতটুকু জানা ও দেখা, সেসব কিছু বিষয় নিয়ে আলোচনা করেছি মাত্র। জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে স্যারের যে খ্যাতি তা যেন উত্তরোত্তর বৃদ্ধি পায়, দেশ ও জাতির জন্য তিনি অনেক কিছু রেখে যেতে পারবেন এ প্রত্যাশা আমাদের। স্যারের ৭২তম জন্মদিনে অনেক অনেক শুভেচ্ছা। দোয়া করি যতদিন বেঁচে থাকবেন সুস্থ শরীর নিয়ে যেন বেঁচে থাকেন।



প্রফেসর ড. মো. রফিকুল ইসলাম

অধ্যাপক ও গবেষক

পদার্থবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

E-mail: mrafiquislam_cu@yahoo.com

প্রফেসর ইমেরিটাস ড. এ. কে. এম. আজহারুল ইসলাম স্যারকে যেমন দেখেছি

প্রফেসর মো: জাহাঙ্গীর আলম

আমি আর মাহবুব ভাই সলিড স্টেট ল্যাবরেটরিতে বিকাল ৫টা পর্যন্ত কাজ করে চলেছি। স্নাতকোত্তর শ্রেণিতে থিসিস গ্রন্থে আমরা ছিলাম তিনজনের মধ্যে দুইজন। আর দেলোয়ার থিসিস করতে নিউক্লিয়ার মেডিসিনের উপর ড. সৈয়দ মো: ফরিদ স্যারের তত্ত্বাবধানে। আমাদের থিসিসের কার্যকাল এক বছরের হলেও ১৯৮৬ ও ১৯৮৭ খ্রিস্টাব্দ-ব্যাপী কাজ করতে হয়েছিল। থিসিসে ডাটা এনালাইসিস কম্পিউটার ব্যবহার ছাড়া সম্ভব ছিল না। ইতিমধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একটি মিনি কম্পিউটার কেনা হয়েছে। এর ছয়টি টারমিনালে ছয়জন ব্যবহারকারী একই সময়ে কাজ করতে পারে। সে সময় গবেষণা এবং গবেষণা জাতীয় কাজ ছাড়া কম্পিউটার ব্যবহারের অনুমতি কেউ পেত না। থিসিসের সুবাদে প্রফেসর এ. কে. এম. আজহারুল ইসলাম স্যারের সুপারিশে কম্পিউটার ব্যবহারের সুযোগ পেয়েছিলাম। FORTRAN Language—এ কাজ করতাম। কম্পিউটারে কাজ করতে গিয়ে কোনো কোনো দিন কখন যে রাত ১২টা পেরিয়ে গেছে তা টের পাইনি। এরপর হলে ফেরার পালা। অসময়ে হলে ফেরা খুব মুশকিল ব্যাপার ছিল। তদুপরি রাতের খাবার খাওয়া তো রয়েছেই গেছে। নিয়মিত ক্লাস ও থিথিসের কাজ করে চলেছি। আজহারুল ইসলাম স্যার তাঁর অধীনে কর্তব্যরত গবেষকদের নিয়মিত খোঁজ-খবর রাখেন। স্যারের নিয়মিত তত্ত্বাবধান আমাদের কাছে ছিল আনন্দের বিষয়। আবার সময়মত স্যারের নির্দেশনা অনুযায়ী কাজ এগিয়ে নিতে না পারলে সংকোচ বোধ করতাম। স্যার বলতেন জাহাঙ্গীর তুমি এভাবে এই প্রক্রিয়ায় কাজ কর। স্যারের কথা শুনে মনে হত দু-এক দিনেই কাজ হয়ত সম্পন্ন করতে পারব, কিন্তু না, আমি কয়েক দিন ধরে প্রচেষ্টা চালিয়েও নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে পারতাম না। আসলে স্যারের কাছে বিষয়টি সহজ হলেও আমার কাছে সহজ ছিল না। ড. আজহারুল ইসলাম স্যারের অধীনে আমরা চারজন গবেষণা করতাম। এই চার জনের একজন হলেন এনামুল হক (যিনি বর্তমানে প্রফেসর হিসেবে পদার্থবিজ্ঞান বিভাগ থেকে অবসরে গেছেন)। এই এনামুল স্যার পি-এইচ.ডি-র কাজ করতেন। তিনি টিফিন ক্যারিয়ারে করে দুপুরের খাবার নিয়ে আসতেন এবং বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিরামহীনভাবে গবেষণার কাজ করতেন। একদিন এনামুল স্যার বললেন, জাহাঙ্গীর জানো আমার মেয়েরা সকালে কি বলেছে?

বলেছে, “বাবা তুমি, তোমার স্যারকে বলে ছুটি নিয়ে তাড়াতাড়ি আসতে পার না?” অত্যন্ত সিনসিয়ার প্রকৃতির মানুষ ছিলেন এনামুল হক স্যার। একনাগারে ক্লাস্তিহীনভাবে গবেষণার কাজ চালিয়ে যেতেন দিনের পর দিন। খামেদুল ইসলাম ভাই (যিনি পরবর্তীতে স্ট্যান্ডার্ড ইন্সটিটিউটের পরিচালক) স্যারের তত্ত্বাবধানে M.Phil-এর কাজ করেছিলেন। তখন তিনি শিক্ষা ছুটি পাননি। ঠিকমত গবেষণার কাজে সময় দিতে পারতেন না। বড় অসহায়ের মতো ছুটাছুটি করছিলেন। একবার কর্মক্ষেত্রে আর একবার পদার্থ-বিজ্ঞান বিভাগে- এই ছিল তাঁর ছুটাছুটির ক্ষেত্র। তবুও কাজ ফেলে রাখা বা ছেড়ে দেয়ার মানসিকতা তাঁর ছিল না। আসলে প্রফেসর আজহারুল ইসলাম স্যারের অধীনে কাজ শুরু করলে স্যারের নিয়মিত তত্ত্বাবধান, সহযোগিতা আর অফুরন্ত স্নেহ-ভালবাসায় সিজ ও আবদ্ধ না হয়ে কেউ পারবে না। সলিড স্টেট ফিজিক্সের মতো মৌলিক বিষয়ে নিয়মিত ও দীর্ঘসময় কাজ করেও কাঙ্ক্ষিত মানে পৌঁছা কঠিন হয়ে দাঁড়ায়।

সে সময় প্রয়োজনীয় Journal এর প্রাপ্যতা এবং কম্পিউটার ব্যবহারের সুযোগ ছিল একেবারেই সংকুচিত। তখনকার দিনে পদার্থ বিজ্ঞানী প্রফেসর আজহারুল ইসলাম স্যারের তত্ত্বাবধানে নতুন প্রযুক্তির আবিষ্কার হিসেবে কম্পিউটার ব্যবহারের মাধ্যমে থিসিসের কাজ করার সুযোগ লাভ করি। বিষয়টির একদিকে ছিল যেমন আনন্দ, তেমনি এর অপরদিকে ছিল বিস্ময়। আমার কাজ ছিল Alkaline earth oxide crystal এর Repulsive energy এবং Lattice energy study করা। সে সময় Repulsive energy এর উপর পৃথিবীতে বেশ কিছু ফরমুলা উদ্ভাবিত হয়েছিল। এর মধ্যে প্রফেসর আজহারুল ইসলাম স্যারের উদ্ভাবিত ফরমুলা ছিল দুটি। এই দুটি ফরমুলার একটি হলো Islam potential এবং অপরটি হলো Modified Islam Potential। আমার গবেষণায় এই দুটি ফরমুলাই অন্তর্ভুক্ত ছিল।

বিজ্ঞানী ড. আজহারুল ইসলাম স্যার ছিলেন একজন দক্ষ গবেষক, গবেষণা তত্ত্বাবধায়ক এবং একই সময়ে পদার্থবিজ্ঞানের চেয়ারম্যান ও বিজ্ঞান অনুষদের ডিন। এত কিছুর মধ্যে স্যারকে নিরলসভাবে ধৈর্যের সাথে উল্লিখিত দায়িত্বাবলী সুষ্ঠুভাবে পালন করতে দেখেছি। একদিন আমাদের সামনেই ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিস থেকে একটি চিঠি আসে, সে চিঠিতে স্যারকে একটি উন্নয়ন কাজের কমিটির প্রধান হিসেবে দায়িত্ব দেয়া হয়েছিল। স্যার এতে অসন্তোষ প্রকাশ করে বললেন যে, বিভিন্ন অনুষদের ডিন থাকার পরও বত্রিশটি বিভিন্ন কমিটির চেয়ারম্যানের পর আবার তেত্রিশ নম্বর কমিটির চেয়ারম্যানের দায়িত্ব আসলে কাজ হবে কি করে? আমি কাছে থেকে স্যারকে যেভাবে দেখেছি যত অসুবিধাই হোক না

কেন তাঁর উপর অর্পিত দায়িত্ব শেষ পর্যন্ত সম্পন্ন করেই ছাড়েন। এরই মধ্যে এক সময় স্যারের বড় মেয়ে অসুস্থ হয়। যার জন্য স্যারকে হাসপাতালে দৌড়াদৌড়ি করতে হয়। এত কিছুর মধ্যে দিয়েও বিভাগের চেয়ারম্যান, বিজ্ঞান অনুষদের ডিন-এর দায়িত্ব পালন এবং আমাদের চারজন গবেষকের নিয়মিত সুপারভিশন করার ক্ষেত্রে কোনো ঘাটতি ছিল না। শত ব্যস্ততা ও শত সমস্যার মাঝেও স্যারকে কোনো দিন আমি কখনো বিচলিত হতে দেখিনি। আসলে আমাদের আজহারুল ইসলাম স্যার ছিলেন একজন হতাশামুক্ত ও কর্মপ্রবণ সাহসী মানুষ। কর্মপ্রবণ এই মানুষটি নিঃসংকোচে ও একনিষ্ঠভাবে সঠিক সময়ে সঠিক দায়িত্ব এবং কর্তব্যগুলো সুচারুরূপে পালন করতেন। ড. এনামুল হক স্যার বলতেন প্রফেসর আজহারুল ইসলাম কোনো কাজের পরিকল্পনা হাতে নিয়ে কাজ শুরু করেছেন অথচ কাজটি নির্দিষ্ট সময়ের মধ্যেই/পূর্বেই কাজ শেষ হয়নি এমনটি কখনো দেখা যায়-নি। আমি আমরা গবেষণায় সময়মত অনেক সময়ে স্যারের নির্দেশনা অনুযায়ী কার্যাবলি সম্পন্ন করতে পারতাম না। সে ক্ষেত্রে স্যার কখনো বিরক্ত হয়েছেন বা বকাঝকা করেছেন তা ঘটেনি। অথবা তোমাদেরকে দিয়ে কোনো কাজ হবে না কথাটিও বলেননি। এমনকি গবেষণাকালীন সময়ে আমি কখনো স্যারকে বিরক্ত হতে বা রাগ করেছেন এমনটি দেখিনি। স্যারের ব্যবহার ছিল অত্যন্ত অমায়িক স্বভাবের। ছাত্র, শিক্ষক, গার্ডেন, যে কেউ যে কোনো পর্যায়ের মানুষ একাডেমিক বা একাডেমিক বহির্ভূত কোনো বিষয় নিয়ে স্যারের কাছে এলে সহযোগিতা পাননি বা ভাল ব্যবহার পাননি, এমনটি কখনো বোধ করি কেউ বলতে পারবে না। সময়ের প্রতিটি মুহূর্তকে কাজে লাগানোর প্রচেষ্টায় তিনি সদা-সর্বদা তৎপর থাকতেন। এক রুম থেকে অন্য রুমে যেতে বা এক বিল্ডিং থেকে অন্য বিল্ডিং-এ যেতে স্যার দ্রুততার সাথে চলতেন। চলাচলের ক্ষেত্রে মনে হতো যেন স্যার হাঁটছেন না, দৌড়ে চলছেন।

আমাদের আজহারুল ইসলাম স্যার বহুমুখী প্রতিভার অধিকারী। ছাত্রজীবনে ভালো রেজাল্টের জন্য Matriculation; আই.এসসি, বি.এসসি (অনার্স) এবং মাস্টার্স শ্রেণিতে সম্মাননার জন্য পদক পেয়েছেন। বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে জাতীয় পর্যায়ে পুরস্কৃত হয়েছেন। একই সাথে স্যার কো-কারিকুলামের অংশ হিসেবে খেলাধুলা পরিচালনা ও খেলাধুলায় অংশ গ্রহণ করতেন, এটি স্যারের অন্যতম কৃতিত্ব। এছাড়াও গবেষণা করা ও করানো, গবেষণা পত্রিকা সম্পাদনা করা, ভাল প্রশাসন চালানো এবং শক্তিশালী সংগঠক হিসেবে স্যারের পদচিহ্ন রয়েছে। দৃষ্টান্ত হিসেবে স্যার রাজশাহী বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রামের ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটিতে অবদান রেখেছেন।

সম্প্রতি স্যারের সাথে সাক্ষাৎ করতে এসে দেখলাম External হিসেবে স্যার ব্যবহারিক পরীক্ষার কাজ করছেন। এর মধ্যেই স্যার এসে সময় দিলেন। আমার খোঁজ খবর নিয়ে প্রয়োজনীয় পরামর্শ দিলেন। জানলাম সেদিন সকালেও স্যার ইন্টারন্যাশনাল জানালাে একটি গবেষণা প্রবন্ধ পাঠিয়েছেন। জ্ঞান-বিজ্ঞানের উন্নয়নে প্রফেসর এমিরিটাস ড. এ. কে. এম. আজহারুল ইসলাম স্যার একজন নিবেদিত প্রাণ পদার্থবিজ্ঞানী। তিনি চাকুরি থেকে অবসরে যাওয়ার পরও নিরলসভাবে গবেষণা ও সামাজিক উন্নয়নে কাজ করে চলেছেন।

বর্তমান নিবন্ধকার স্নাতকোত্তর শ্রেণির পাঠ সম্পন্ন করে যোগদান করেছেন অধ্যাপনার কাজে। অতঃপর সংসার জীবন, অসুস্থ শিশুর জন্মগ্রহণ, তার VSD এর Open heart surgery, শিক্ষা ছুটির অভাব ও জটিলতা সবমিলে ইচ্ছা থাকার পরও পরবর্তীতে নিবন্ধকারের গবেষণার কাজটি আর করা হয়ে উঠেনি। দেখতে দেখতে প্রায় আড়াই যুগ সময় অধ্যাপনায় কেটে গেল। এখনও প্রফেসর আজহারুল ইসলাম স্যারের সামনে দাঁড়াতে সংকোচবোধ করি। জ্ঞানের রাজ্যে প্রফেসর আজহারুল ইসলাম স্যারের নিকট আমি একজন শিশুতুল্য।

আমাদের পরের ব্যাচ থেকে স্যার Condensed matter physics এর উপর গবেষণা ও গবেষণা তত্ত্বাবধান অব্যাহত রেখেছেন। ইতোমধ্যে প্রফেসর আজহারুল ইসলাম গবেষণার স্বীকৃতি স্বরূপ আন্তর্জাতিক ‘আইসেস্কো সাইন্স এ্যাওয়ার্ড’ (বাংলাদেশে আজহারুল ইসলাম স্যারই প্রথম পেয়েছেন) ও আমেরিকায় আটলান্টায় ইন্টারন্যাশনাল সিএসই পুরস্কার লাভ করেছেন। ইতিমধ্যে বিভিন্ন পর্যায়ে স্যার ১৬টি পুরস্কারে ভূষিত হয়েছেন। দেশ ও জাতির উন্নয়নে পদার্থবিজ্ঞানী প্রফেসর এমিরিটাস ড. এ. কে. এম. আজহারুল ইসলাম একজন বিবেকী সত্ত্বার মহীরুহ।



প্রফেসর মো: জাহাঙ্গীর আলম

বিভাগীয় প্রধান, পদার্থ বিজ্ঞান বিভাগ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

মোবাইল: ০১৭৬১-৮৬২৫২০

E-mail: jahangir101263@gmail.com

শ্রদ্ধেয় আজহার স্যারের জন্য শুভ কামনা

প্রফেসর ডঃ শরীফ মোঃ শরাফউদ্দিন

কলেজের গণ্ডি পেরিয়ে উত্তর বঙ্গের শ্রেষ্ঠ বিদ্যাপীঠ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে ভর্তি হয়েছিলাম ১৯৮৭ সালে। সে সময় আমরা বগুড়ায় থাকতাম। জন্মস্থান না হলেও জনের পর থেকে প্রায় বিশ বছর সময়কাল আমার কেটেছে বগুড়ায়-সেখানকার একাধিক সরকারি কলেজে বাবার শিক্ষকতার কারণে। বাবার ইচ্ছা এবং পরিবারের কাছাকাছি থাকতে পারব বলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েও তা ত্যাগ করেছিলাম। বাবা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞানের ছাত্র, তথাপিও তাঁর ইচ্ছা ছিল আমি যেন পদার্থবিজ্ঞানে পড়লে রাজশাহী বিশ্ববিদ্যালয়েই পড়ি। কারণ তাঁর মূল্যায়নে সেসময় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বেশ কয়েকজন প্রথিতযশা, বিশ্বমানের খ্যাতিমান শিক্ষক ছিলেন যাদের সাহাচার্য যেন আমি পাই সেটা তিনি চেয়েছিলেন। সে কারণেই আমার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়তে যাওয়া। ছাত্র জীবনের শুরুতেই আমি যে কজন মেধাবী, সুদর্শন, ব্যক্তিত্বসম্পন্ন শিক্ষক দেখেছি তাঁদের মধ্যে অন্যতম প্রফেসর ডঃ এ. কে. এম. আজহারুল ইসলাম স্যার। প্রথমদিকে স্যার আমাদের কোন ক্লাস না নিলেও তাঁকে চিনতাম অন্যভাবে- বিভাগের বিভিন্ন অনুষ্ঠানে বিশেষ করে কোন সেমিনার বা সিম্পজিয়ামে স্যার থাকতেন মধ্যমণি হয়ে। স্নাতক শ্রেণির ক্লাসরুমে স্যারকে দেখেছি একজন আদর্শ শিক্ষকরূপে। শত ব্যস্ততার মাঝেও আমাদের ক্লাস নেয়ার ক্ষেত্রে তাঁকে কখনও অনিয়মিত হতে দেখেছি বলে মনে পড়ে না। ক্লাসেও স্যারের আশ্রয় চেষ্টা থাকত যাতে ক্লাসের প্রত্যেকে লেকচারের বিষয়বস্তু পরিষ্কার ভাবে বুঝতে পারে। মাস্টার্সে উঠার পর কিছুটা দ্বিধায় পড়েছিলাম কোন গ্রুপে পড়াশুনা করব ভেবে, কারণ তখন বিভাগে দুটো ভিন্ন গ্রুপ ছিল- সলিড স্টেট গ্রুপ এবং নিউক্লিয়ার ফিজিক্স গ্রুপ। গবেষণা অঙ্গনে আজহার স্যারের সুখ্যাতি আমাকে ভীষণভাবে অনুপ্রাণিত করেছিল সলিড স্টেট গ্রুপে পড়তে। স্যার তখন কন্ডেন্সড ম্যাটার ফিজিক্সে (CMP) কাজ করছেন। প্রত্যেক ব্যাচের সেরা এক বা দুজন ছাত্রকে উনি প্রতি বছর তাঁর থিসিস ছাত্র হিসেবে মনোনীত করতেন। বলাবাহুল্য আমারও সৌভাগ্য হয়েছিল মাস্টার্সে স্যারের অধীনে গবেষণা করার। মূলত ওটাই ছিল আমার গবেষণায় হাতেখড়ি। কন্ডেন্সড ম্যাটার ফিজিক্সের তাত্ত্বিক কিছু গবেষণার কাজ সেসময় স্যারের ল্যাভে করার সুযোগ হয়েছিল আমার। মনে আছে স্যারের ল্যাভে কাজ শুরুর আগে কখনও কম্পিউটারের সংস্পর্শে সেভাবে আসা

হয়নি। সে অর্থে স্যারের ল্যাবেই কম্পিউটার শেখা। গবেষণার প্রয়োজনে –সেসময় আমাকে Fortran 77 শিখতে হয়েছিল। আমার গবেষণার বিষয়বস্তু ছিল NH_4I এর বিভিন্ন অর্ডারের elastic properties এর মান হিসাব করা। CMP ল্যাবে স্যারকে দেখেছি সকাল থেকে রাত অবধি কাজ করতে। মূলত ওখান থেকেই আমারও অনেকটা অনুশীলন হয়ে গিয়েছিল নিয়মিত দীর্ঘ সময় ল্যাবে কাজ করার, যা কিনা পরবর্তীতে এবং এখনও মেনে চলার চেষ্টা করে যাচ্ছি প্রতিনিয়ত।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সেসময় সেশন জট থাকায় প্রায় আটটি বছর কাটিয়ে ১৯৯৬ সালে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করি। সেসময় ভেতরে ভেতরে ভীষণ তাড়না অনুভব করতাম নিজেকে নতুন কোন বিষয়ের গবেষণায় সম্পৃক্ত করার। বিভাগের ৫/৬ জন শিক্ষক মিলে সেসময় Nonlinear Optics Research Group নামে একটি গবেষণা দলের যাত্রা শুরু করেছিলাম। গবেষণা ক্ষেত্রটির উপর কিছুটা পড়াশুনা করে আমাদের উপলব্ধি হয়েছিল– এ ক্ষেত্রটিতে আমাদের অনেক কিছু করার আছে এবং এর ব্যবহারিক গবেষণাও আর্থিক সঙ্গতির আওতায় হবে। মনে আছে সেসময় সম্ভবত ১৯৯৭ সালে আজহার স্যারের নেতৃত্বে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছিল। সেখানে আমাদের গ্রুপের পক্ষ থেকে একটি প্রবন্ধ (মূলত গবেষণা পরিকল্পনা) জমা দেয়া হয়েছিল এবং ওরাল সেশনে উপস্থাপনের জন্য সেটি গৃহীত হয়েছিল। ওয়ার্কশপে উপস্থাপনের পর স্যারসহ অন্যদের উৎসাহব্যঞ্জক নানান উপদেশ আমাদের দলকে সেদিন ভীষণভাবে অনুপ্রাণিত করেছিল। সেদিন থেকে প্রায় ২২ বছরকাল অতিক্রান্ত হয়েছে, আজ আমাদের হয়েছে Nonlinear Optics এর কয়েকটি আন্তর্জাতিক মানের গবেষণাগার যেখানে পিএইচডি, এমফিল ছাত্রসহ প্রায় ২৫/৩০ জনের গবেষক দল নানাবিধ গবেষণায় নিযুক্ত। সম্প্রতি আমরা সাফল্য পেয়েছি শুধুমাত্র রক্ত পরীক্ষায় ক্যান্সার শনাক্তকরণের প্রযুক্তি আবিষ্কারে। সেদিন আজহার স্যারের মত কিছু জ্ঞান তাপসের উৎসাহ না পেলে আমাদের যাত্রা হয়ত এতদূর অগ্রসর হতে পারত না।

স্যারের ৭২ তম জন্মদিনে শুধু এটুকু বলতে চাই “স্যার আপনি অনেক বছর বেঁচে থাকুন আমাদের মাঝে, উৎসাহ দিন আমাদেরকে, আমরা যেতে চাই আরও আরও অনেক দূর.....। শুভ জন্মদিন।



প্রফেসর ডঃ শরীফ মোঃ শরাফউদ্দিন

পদার্থবিজ্ঞান বিভাগ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

E-mail: sharif-phy@sust.edu

সিএমপি ল্যাব, রাবি: প্রেরণার পাঠশালা

মোঃ আব্দুল হাদী

১৯৮৯ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে ভর্তি হলাম। ১৯৯০ সালের ৯ জুন আমাদের ক্লাস শুরু হল। মনে আছে, গ্যলারিতে আমাদের প্রথম ক্লাস ছিল। প্রফেসর ড. এ. কে. এম. আজহারুল ইসলাম স্যার আমাদের ক্লাসে স্বাগত বক্তব্য রাখলেন। আমাদের উদ্দীপ্ত করলেন। লেখাপড়ার প্রতি আমাদের মনোনিবেশ অঞ্চল রাখার ব্যাপারে স্যার অনেক উৎসাহব্যঞ্জক কথা বললেন। আমরা জানলাম, স্যার পদার্থবিজ্ঞান বিভাগের সভাপতি। স্যারের প্রতি মুগ্ধতা তৈরী হল সেদিনই। আমাদের ১৯৯২ সালের অনার্স ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হল ১৯৯৫ সালে। অনার্সে আমরা তিনজন প্রথম শ্রেণি পেলাম। সালেহ হাসান নকীব রেকর্ড পরিমাণ নম্বর পেয়ে প্রথম, আনিচুর রহমান দ্বিতীয় এবং আমি তৃতীয়। মাস্টার্সে থিসিস গ্রুপে থাকব-এমন আশা মনে মনে লালন করতাম। সেই স্বপ্ন পূরণের পথ খুলে গেল। যদিও প্রথম শ্রেণির কাছাকাছি নম্বর পেয়ে আমাদের আরও কিছু বন্ধু থিসিস গ্রুপে আসতে পেরেছিল।

কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে পদার্থবিজ্ঞান পাঠে বেশ আনন্দ পেতাম। সেখান থেকে পদার্থবিজ্ঞানের প্রতি মুগ্ধতা। সেই মুগ্ধতা থেকে পদার্থবিজ্ঞানে স্নাতক পড়বার সিদ্ধান্ত। কিন্তু, ক্লাস শুরু হওয়ার পর বুঝতে পারলাম এটা বড় কঠিন বিষয়। পদার্থবিজ্ঞান বুঝি না, সলিড স্টেট ফিজিক্স আরও বুঝি না। তারপরও সলিড স্টেট ফিজিক্স নিয়ে মাস্টার্স করবার সিদ্ধান্ত নিলাম। প্রফেসর ড. এ. কে. এম. আজহারুল ইসলাম স্যারের অধীনে থিসিস গ্রুপে থাকবার সুযোগ পেলাম। সালেহ হাসান নকীবও স্যারের অধীনে আছেন। স্যার, নকীবকে দিয়ে নতুন একটা ফিল্ডে গবেষণার দ্বার উন্মোচন করলেন। আমার ফিল্ডে বেশ কিছুকাল থেকে গবেষণা চলছে। অনেকে এই ফিল্ডে কাজ করেছেন। এই ফিল্ডে কাজ করছেন এরকম একজন বড় ভাইকে স্যার একদিন বললেন, “হাদীকে প্রয়োজনীয় ডকুমেন্টগুলো তুমি দিয়ে দিও।” তখন স্যারের ল্যাবে FORTRAN based একটি Program দিয়ে থিসিসের কাজ চলত। সেই Program-এ কয়েক লক্ষ Statement। একটি কমা (,) ছাড়া পড়লেও সেটি RUN করত না। সেই বড় ভাই আমাকে সেই Program-এর Soft copy না দিয়ে Printed hard copy দিয়েছেন। আমি সেটিই দিনের পর দিন FORTRAN-এ লিখছি। স্যার একদিন

লক্ষ্য করে আমাকে বললেন, তুমি এত কি লিখছো? আমি স্যারকে সেই Printed hard copy দেখালাম। স্যার অবাক হলেন। শেষে বললেন, তোমাকে কোন Soft copy দেয়নি? আমি বললাম, না স্যার। স্যার, মুখে কিছুই বললেন না। তবে বুঝতে পারলাম, স্যার ঐ ভাইয়ের উপর খুবই অসন্তুষ্ট হয়েছেন। স্যার, ড্রয়ার থেকে একটা ডিস্ক বের করে আমাকে দিয়ে বললেন, এখান থেকে তুমি কপি করে নাও।

স্যারের রুম, CMP Lab, খুবই নিঃশব্দ এক গবেষণাগার। স্যার সকাল ৮.০০ টা থেকে টানা ২.৩০ মিনিট পর্যন্ত গবেষণায় নিমগ্ন থাকেন। ক্লাস ও জরুরি প্রয়োজন ছাড়া স্যার সাধারণত বের হতেন না। স্যারের এই অভ্যাসটা আমাদেরও আত্মস্থ হয়ে যায় কয়েক দিনের মধ্যে। মাঝে মাঝে স্যার নিরবতা ভাঙতেন। আমাদের ব্যক্তিগত ও পারিবারিক বিষয়ে খোঁজ খবর নিতেন। বিশেষ করে আমার স্বাস্থ্যগত বিষয়ে স্যার অনেকবার আমাকে উপদেশ করেছেন। আমার প্রবল এসিডিটির সমস্যা জানার পর স্যার আমাকে কতকগুলো খাবার পরিহার করবার পরামর্শ দিয়েছিলেন। স্যার অল্প কথা বলতেন, তবে তার মধ্যে অনেক প্রেরণা থাকত।

সেসময় CMP Lab-এর সাথে প্রফেসর ড. অরুণ কুমার বসাক স্যারের ল্যাবের এক অনবদ্য আত্মীয়তা। প্রতিদিন বিকালে বসাক স্যার আমাদের ল্যাবের দরজা একটু ফাঁকা করে ডাকতেন, এই তোমরা আস, আমার রুমে। স্যার নিজ হাতে নাস্তা সাজিয়ে, চা তৈরী করে আমাদের খাওয়াতেন। আমরা চায়ের কাপটা ধুয়ে রাখতে চাইতাম। কিন্তু, স্যার আমাদের কোনভাবেই অনুমতি দিতেন না। বলতেন, তোমরা আমার গেস্ট। স্যার নিজে অনেক কিছুই খেতেন না, কিন্তু আমাদের জন্য আয়োজন করতেন। ২০১০-১১ সেশনে আমি প্রফেসর ড. এ. কে. এম. আজহারুল ইসলাম স্যার ও প্রফেসর ড. সালেহ হাসান নকীবের অধীনে এম.ফিল কোর্সে গবেষণাকালীনও কয়েক বিকেলে বসাক স্যারের আতিথ্য গ্রহণ করেছি। অনেক দিন পরে স্যারের ওখানে সফেদা খেয়েছি। কিছুকাল আগে আমার পাঁচ বছরের মেয়েকে নিয়ে সকালের দিকে বিভাগে গিয়েছিলাম। স্যারের সাথে দেখা। স্যার তাঁর রুমে আমাদের নিয়ে গেলেন। আমার মেয়ের হাতে এক গাদা চকলেট বের করে দিলেন। আমি বললাম, স্যার, আপনার কাছে চকলেটও থাকে। স্যার, আমার মেয়েকে আদর দিতে দিতে বললেন, আমার কী বাবু গেস্ট থাকে না! আসলে স্যারের আতিথ্যের কোন তুলনা নেই। কয়েকদিন আগে আমাদের দু'বছরের এক বড় ভাই বিভাগে বেড়াতে এসে স্যারের আতিথ্য লাভ করে সম্মোহিত হয়ে ফেসবুকে স্ট্যাটাস দিয়েছিলেন।

সলিড স্টেট ফিজিক্স-এ থিসিস গ্রুপে আমরা পাঁচজন ছিলাম। থিসিসের ভাইভা চলছে আজহারুল ইসলাম স্যারের রুমে। নকীব ছাড়া আমাদের থিউরি পরীক্ষা খুব একটা ভাল হয়নি। কয়েকটি কোর্সে আমার ৬০% এর বেশি এবং দু-একটি কোর্সে ৫৫%-এর মত নম্বর পাব, আমার হিসেবে। আমার এই হিসেবটি পুরো ছাত্র-জীবনে ভালভাবেই মিলেছে। ফলে, সব মিলে আমার প্রথম শ্রেণি পাওয়ার ব্যাপারে আমার মধ্যে তেমন সংশয় ছিল না। ভাইভাতে প্রথমেই আমাকে ডাকা হল। এক পর্যায়ে External Sir আমার থিসিসের টাইটেলের যথার্থতা নিয়ে প্রশ্ন তুললেন। তিনি কোনভাবেই আমার টাইটেলটি মানতে চাইলেন না। আমিও যুক্তি দেখাতে লাগলাম। অনুরূপ টাইটেলের Published Paper দেখাতে চাইলাম। স্যার তবুও মানছেন না। এমন পরিস্থিতি থেকে আজহারুল ইসলাম স্যার আমাকে উদ্ধার করলেন। External Sir অনেক বয়োবৃদ্ধ ছিলেন। আজহারুল ইসলাম স্যার তাঁকে স্যার বলে সম্বোধন করে বললেন, আরও ভেবে আমার টাইটেলটা ঠিক করা দরকার ছিল। ওর আসলে কোন দোষ নেই। এইভাবে বিষয়টা সুরাহা হল। একে একে সবার ভাইভা শেষ হল। আমরা আনঅফিসিয়াল ফলাফল জানার জন্য অপেক্ষায় আছি। তখন আজহারুল ইসলাম স্যারের একজন পিএইচডি স্টুডেন্ট ছিল। তিনি একবার বের হয়ে বললেন, তোমাদের জন্য খারাপ খবর আছে, তোমাদের মধ্যে দুইজন শুধু ফার্স্ট ক্লাস পেয়েছো। আরও বললেন, নকীব এবং সম্ভবতঃ শেষে যে ভাইভা দিয়েছো, সে। সে হিসেবে আমি নই। শেষে ভাইভা দেওয়া বন্ধুটিকে আমরা অভিনন্দন জানালাম। আমি কষ্ট পেলেও বাইরে স্বাভাবিক থাকার চেষ্টা করলাম। নকীব বারবার আমার জন্য দুঃখ প্রকাশ করতে থাকল। বলল, ফোরফার্স্ট ক্লাস থেকে তুমি বঞ্চিত হলে। এটা তোমার জন্য খুবই দরকার ছিল। এই প্রথম আমার হিসেবে ভুল হল। নতুন একটা হিসেব আমাকে কষতে হল। আমার থিসিসের টাইটেলটি এবং এই নিয়ে External Sir-এর সাথে বিতর্ক আমার পুরোনো হিসেবে গড়মিল তৈরী করে দিল। তারপরও আমরা অপেক্ষায় আছি স্যারদের কাছ থেকে ফলাফল জানবার জন্য। অবশ্য, আজহারুল ইসলাম স্যার একবার বাইরে এসে আমাদেরকে থাকবার নির্দেশ দিয়ে গিয়েছিলেন।

ভাইভা শেষের প্রায় দেড় ঘণ্টা পড়ে আবার আজহারুল ইসলাম স্যার আমাদের ভেতরে ডাকলেন। স্যার অনেক কথা বললেন। আমি হুবুহু স্যারের কথাগুলো এতদিন পরে লিখতে পারছি না। তবে স্যারের কথাগুলো এরূপ ছিল— থিসিস নিয়ে ফার্স্ট ক্লাস হয় না এরকম ঘটনা খুবই বিরল। এই বিরল ঘটনা তোমাদের ক্ষেত্রে ঘটেছে। তোমাদের কারও কারও থিউরি পরীক্ষায় এত কম মার্কস যে ভাইভার পুরো নম্বর দিয়ে দিলেও ফার্স্ট ক্লাস হয় না। আবার কাউকে পুরো নম্বরের কাছাকাছি দিলে ফার্স্ট ক্লাস হয়, তবে সেটা খুবই দৃষ্টি কাটু দেখায়। ধর, আমরা

পুরো নম্বরই দিয়ে দিলাম। কোন চাকুরির ভাইভাতে তোমার মার্কস সিট দেখে বোর্ডে কেউ মন্তব্য করলেন, তোমার তো থিউরিতে সেকেন্ড ক্লাস মার্কস, আর ভাইভাতে ফুল মার্কস। ব্যাপারটা কী? এরকম বিব্রতকর পরিস্থিতি তোমাদের সামনে তৈরী হোক- সেটা আমরা চাইনি। তোমরা কর্মজীবনে অনেক সফল হবে- এটা আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। তোমরা ফার্স্ট ক্লাস পাওনি সেটা না ভেবে, ভাববে, তোমরা যে অধ্যবসায়ের মধ্যে ছিলে সেটা তোমাদের একটা ভিতের উপরে দাঁড় করিয়েছে। সেটা অনেক মজবুত। এই মজবুত ভিত কর্মজীবনে তোমাদের সাফল্যের সোপান তৈরী করবে। স্যারের সেই শুভাশীষমাখা কথা সত্যে পরিণত হয়েছে। আমার সেই তিন বন্ধু বিসিএস শিক্ষা ক্যাডারে যোগদান করেছে এবং সফল শিক্ষক হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করেছে। আমি নিজেও শিক্ষা ক্যাডারে সরকারি কলেজে আছি। অবশেষে স্যার ফলাফল ঘোষণা করলেন, নকীব ও হাদী ফার্স্ট ক্লাস পেয়েছে। বাকি বন্ধুদের দিকে তাকিয়ে স্যার বললেন, তোমরা মন খারাপ কর না। স্যার উঠে এসে ওদের মাথায় হাত বুলিয়ে দিলেন। আমাদের সকলের সাথে স্যার হাত মেলালেন। সেবার নিউক্লিয়ার গ্রুপেরও থিসিস স্টুডেন্টদের সবাই ফার্স্ট ক্লাস পায়নি।

CMP Lab-এ দ্বিতীয় পর্বে আবার এম.ফিল স্টুডেন্ট হিসেবে প্রবেশ করলাম ২০১২ সালে। এই পর্বটি আমার জীবনের এক অনবদ্য অধ্যায়। এসময় এক নতুন পাঠ পেলাম স্যারের কাছ থেকে। স্যার আমাকে আমার নিজের পেপার লেখবার জন্য প্রেরণা ও উৎসাহ যোগালেন। কিন্তু, আমি ঘাবড়ে গেলাম। স্যারের প্রেরণা শেষ পর্যন্ত আমাকে পথ দেখাল। প্রথম লেখাতেই স্যার সন্তুষ্ট হলেন। বললেন, তুমি ৮০% সফল, তুমি পাড়বে। পেপারটির যখন রিভিউ এল স্যার তখন সেটার রেসপন্স লিখবার এবং সে অনুসারে পেপার রিভাইস করবার জন্য গাইড করলেন। এভাবে স্যার আমাকে তৈরী করলেন। পেপার লেখাতে এখন আনন্দ পাই। এম.ফিল শেষ হলেও এরপর অনেকগুলো পেপার লিখেছি। কৌতুহল বশতঃ একটি পেপার এককভাবে সাবমিট করেছি। প্রকাশের আগ পর্যন্ত কাউকে দেখাইনি, কারও সাহায্যও নেইনি। সেটি Computational Material Science-এ দাখিল করেছিলাম। পেপারটি প্রকাশিত হল। আমি যেমন আনন্দিত হয়েছিলাম, ততোধিক আনন্দিত হয়েছিলেন স্যার। স্যার আমার এম.ফিল গবেষণাকে পিএইচডি-তে রূপান্তরের জন্য বারবার পরামর্শ দিয়েছিলেন। কিন্তু আমার পারিবারিক ও চাকুরিগত সুবিধা লাভের জন্য সেটা করিনি। স্যারকে যখন আমার ভবিষ্যতে প্রাপ্য সুবিধাগুলো জানালাম তখন স্যার আমাকে আর কিছু বলেন নি। তবে, আমি যেন পিএইচডিটা করি সে ব্যাপারে স্যার আমাকে অনুপ্রাণিত করেছিলেন। তারই ধারাবাহিকতায় আবার আমি ২০১৬-২০১৭ সেশনে পিএইচডি-তে ভর্তি হলাম।

আমার মত অনেক ছাত্রকে স্যার এভাবে তৈরী করেছেন। আসলে সিএমপি ল্যাব হল প্রেরণার এক পাঠশালা। সেই পাঠশালার বাতিঘর হলেন প্রফেসর ড. আজহারুল ইসলাম, স্যার। স্যারের ৭২তম জন্মবর্ষে স্যারের সুস্বাস্থ্য, দীর্ঘজীবন এবং কর্মমুখরতা কামনা করছি।



মোঃ আব্দুল হাদী

সহকারী অধ্যাপক, বিসিএস (সাধারণ শিক্ষা)

পিএইচডি গবেষক, পদার্থবিজ্ঞান বিভাগ, রাবি

E-mail: hadipab@gmail.com

একজন মনীষীর কথা

মোঃ জাকির সুলতান

আজ থেকে প্রায় ত্রিশ বছর আগের কথা। ১৯৮৯ সাল। সারিয়াকান্দি সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্র আমি। কোন একদিনের ইংরেজি দ্বিতীয় পত্র অর্থাৎ ইংরেজি ব্যাকরণ ও রচনার ক্লাশ। পড়াশোনার প্রতি মনোযোগ বাড়ানোর জন্য, পড়াশোনায় উৎসাহ দিতে শিক্ষক মহোদয় ছাত্রদেরকে উপদেশ দিচ্ছিলেন। উপদেশের গ্রহণযোগ্যতা তখনই বৃদ্ধি পায় যখন তা বাস্তবতার নিরিখে উদাহরণসহ প্রদান করা হয়, যখন উপদেশে বাস্তব উদাহরণ থাকে সে উপদেশের প্রতিপাদ্য বাস্তবায়নের জন্য মনের ভেতর তাগিদ শুরু হয়। স্বনামধন্য শিক্ষক মহোদয় হয়ত ঠিকই তা উপলব্ধি করতেন। তাই তিনি উদাহরণ দিচ্ছিলেন তাঁর এক প্রিয় ছাত্রের। ক্লাশের শিক্ষক জনাব আব্দুস সাত্তার - যিনি আমার পিতাও বটে, তাঁর শিক্ষকতা জীবনের প্রথম দিকের একজন ছাত্রের কথা বলতে বলতে আবেগতড়িত হয়ে পরছিলেন, ছাত্রের কৃতিত্বের কথায় মুখ উজ্জ্বল হয়ে উঠছিল। তিনি বলছিলেন রেণু নামের অসামান্য মেধাবী এক ছাত্রের কথা। “তুখোর স্মরণ শক্তির অধিকারী রেণুর বাংলা ও ইংরেজি ব্যাকরণে গভীর জ্ঞানের অধিকারী ছিল। ভালো ছাত্র হতে হলে পড়াশোনার বিকল্প কিছু নেই। শুধু পড়লেই হবে না- মনোযোগ সহকারে বুঝে পড়তে হয়, তবেই তা আত্মস্থ হয়। রেণু তাই করত, আর ও ভীষণ অধ্যবসায়ীও ছিল। মনোযোগের জন্য গাছে উঠে ডালে বসে পড়া করত। এজন্যই সে এ স্কুল থেকে সারা পূর্ব পাকিস্তানের মধ্যে অষ্টম স্থানে স্ট্যান্ড করে। বর্তমানে সে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞানের অধ্যাপক।” তন্ময় হয়ে শুনছিলাম কথাগুলো। গল্পের মতো লাগছিল। কৃতী এই মানুষের সাথে সাক্ষাত লাভের জন্য আগ্রহী হয়ে উঠলাম।

তারপর অনেক দিন কেটে যায়। কৃতীমান এই মানুষের সাথে দেখা হওয়ার সৌভাগ্য হয়নি। ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে আমি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ফার্মেসী বিভাগে ভর্তি হই। ভর্তির পর থেকেই তাঁর সাথে সাক্ষাতের চেষ্টা করি। সম্ভবত স্যার তখন দেশের বাইরে থাকায় দেখা হয়নি। অবশেষে ১৫ জুলাই ১৯৯৫ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে স্যারের সাথে আমার প্রথম সাক্ষাত হয়। আমার বাবার চিঠি নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া এলাকার বড়ভাইয়ের সঙ্গে একদিন দুর্গ দুর্গ বুকে পদার্থবিজ্ঞান বিভাগে তাঁর সাথে সাক্ষাতে গেলাম। ক্লাশ থেকে ফিরেছেন সবে। আমরা আমাদের পরিচয় দিলাম ও আমার বাবার চিঠি তাঁর হাতে দিলাম। তিনি

আমাদেরকে তাঁর সামনের চেয়ারে বসতে দিয়ে আত্মহ সহকারে চিঠিটি পড়লেন। তারপর অত্যন্ত আন্তরিকতার সাথে আমাদের সাথে কথা বলা শুরু করলেন। এত বড় একজন বিদ্বান মানুষের আন্তরিকতা ও নিরহঙ্কার আচরণ আমাকে মুগ্ধ করে। শুদ্ধ উচ্চারণে তাঁর কথা বলার সাবলীলতায় আমি অভিভূত হয়ে যাই। এরপর স্যারের সাথে আমার ঘনিষ্ঠতা বেড়ে যায়, বেড়ে যায় যোগাযোগও।

রেণু ডাক নামের কৃতী এই মানুষটির প্রকৃত নাম এ.কে.এম. আজহারুল ইসলাম। জন্ম ১৯৪৬ সালে বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার হাসনাপাড়া গ্রামে সম্ভ্রান্ত এক মুসলিম পরিবারে। ১৯৬১ সালের মেট্রিকুলেশনে ৮ম স্ট্যান্ড এবং ১৯৬৩ সালে ইন্টারমেডিয়েট পরীক্ষায় ইংরেজি এক পত্র পরীক্ষা না দিয়েই বোর্ডের মধ্যে ৫ম স্থান লাভ করেন। এরপর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পদার্থবিজ্ঞান বিভাগে ভর্তি হন। অনার্স এবং মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণিতে সর্বোচ্চ মার্কস পেয়ে প্রথম স্থান অধিকার করেন। শিক্ষা জীবনে কৃতীত্বের জন্য তিনি ১৯৬৭-১৯৬৮ শিক্ষাবর্ষে সারা পাকিস্তানের শ্রেষ্ঠ ছাত্র হিসাবে প্রেসিডেন্ট'স গোল্ড মেডেলসহ অন্যান্য পুরস্কার ও বৃত্তি লাভ করেন। তিনি ১৯৬৮ সালের জানুয়ারি থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা শুরু করেন। তিনি ১৯৭২ সালে লন্ডন বিশ্ববিদ্যালয়ের ইম্পেরিয়াল কলেজ থেকে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে পোস্ট ডক্টরাল গবেষণা করেন। তিনি বিশ্ববিখ্যাত কয়েকটি বিশ্ববিদ্যালয় যেমন লন্ডন বিশ্ববিদ্যালয়, অক্সফোর্ডের রাডারফোর্ড ল্যাব, রিডিং বিশ্ববিদ্যালয়ের জে জে টমসন ল্যাব, কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ক্যাভেন্ডিস ল্যাব, ব্যাঙ্গালোরের জওহরলাল নেহেরু সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ এর ভিজিটিং ফেলো ছিলেন। তিনি ইতালির আন্দুস সালাম ইন্টারন্যাশনাল সেন্টার ফর থিওরিটিক্যাল ফিজিক্সের সিনিয়র এসোসিয়েট এবং লন্ডনের ইন্সটিটিউট অব ফিজিক্স ও বাংলাদেশ একাডেমী অব সায়েন্সেস-এর নির্বাচিত ফেলো। তিনি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, বাংলাদেশের উপাচার্য হিসাবে দুই মেয়াদে দায়িত্ব পালন করেন। তিনি ২৯০টি প্রবন্ধ এবং ১৫টি পাঠ্য পুস্তকের প্রণেতা। পদার্থ-বিজ্ঞানে অসামান্য গবেষণার স্বীকৃতি স্বরূপ ইসলামী শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থার 'আইসেস্কো-২০০১ বিজ্ঞান' পুরস্কার লাভ করেন। বিজ্ঞানের প্রতি একমাত্র একনিষ্ঠতাই তাকে বিভিন্ন পুরস্কার এনে দিয়েছে - তা অনস্বীকার্য।

মানুষ হিসেবে অমায়িক ব্যবহারের এই মনীষীর ধর্মের প্রতি পরম আনুগত্য তাঁকে করেছে আরও পরিশীলিত ও মার্জিত। চরিত্রে অমায়িক হলেও নেতৃত্বগুণ ছিল বলিষ্ঠ ধরণের। যতটুকু জানি, তাঁর আত্মপ্রত্যয় ও বলিষ্ঠ নেতৃত্বের জন্য আইআইইউসি শিক্ষা-গবেষণায় উচ্চতর মর্যাদায় পৌঁছেছে।

দেশে-বিদেশে যেখানেই থাকি স্যারের সাথে আমার যোগাযোগের ব্যত্যয় হয়নি কখনো। আমি তাঁর আদর ও স্নেহ লাভে ধন্য হয়েছি। স্যার আমাকে অনেক উৎসাহ দিতেন, সাহস যোগাতেন। ২০০৩ সালে সারিয়াকান্দি উপজেলার ইতিহাস-সমাজ-সংস্কৃতি নিয়ে আমি ‘সারিয়াকান্দির ইতিবৃত্ত’ নামে একটি গ্রন্থ লেখার প্রয়াস নিই। উপাচার্য হিসেবে চরম ব্যস্ত থাকা সত্ত্বেও স্যার গ্রন্থটির খসড়া দেখেন এবং মুখবন্ধ লেখেন। পরবর্তীতে ২০০৪ সালে আমি দক্ষিণ কোরিয়ায় পিএইচডি করতে যাই। কোরিয়া থেকেও স্যারের সাথে ই-মেইলে যোগাযোগ হতো। ২০০৮ সালে যখন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ হতে মাল্টি ডিসিপ্লিনের উপর নতুন জার্নাল ‘Journal of Scientific Research’ প্রকাশের সিদ্ধান্ত নেয়া হয় তখন এর প্রথম সংখ্যা প্রকাশের জন্য গবেষণা প্রবন্ধ চেয়ে এবং পরিচিতজনদের কাছে জার্নালটির তথ্য সরবরাহ করার জন্য চীফ এডিটর হিসাবে ১০/০৮/২০০৮ তারিখে স্যার আমাকে একটি ই-মেইল করেন। পরবর্তীতে ডিগ্রি লাভের পর ২০০৯ সালে আমি দেশে ফিরে এসে যখন ঢাকার শুক্রাবাদে একটি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে যোগ দেই, স্যার আমাকে উক্ত জার্নালের এডিটোরিয়াল এ্যাডভাইজারি বোর্ডের সদস্য নির্বাচিত করেন এবং ফার্মাসিউটিক্যাল সায়েন্সেসের বেশিরভাগ গবেষণা প্রবন্ধগুলো রিভিউ করতে আমার নিকট পাঠাতেন। অতঃপর ফোন করে রিভিউ করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করতেন। রিসার্চ আর্টিক্যালের রিভিউয়ার হিসেবে আমাকে দক্ষ করে তুলতে স্যারের প্রয়াস ছিল লক্ষণীয়। তিনি আমাকে প্রবন্ধটিতে গবেষণার নতুনত্ব, বিষয়বস্তু, ভাষা, ব্যাকরণ প্রভৃতির দিকে লক্ষ্য রাখতে পরামর্শ দিতেন; কোন আর্টিক্যালের উপর মতামত কিভাবে লিখব আমাকে শিখিয়ে দিতেন। মাঝে মাঝে আমি অবাক হয়ে যেতাম পদার্থবিজ্ঞানের অধ্যাপক হয়েও ফার্মেসী সম্পর্কে স্যারের অনবদ্য জ্ঞান দেখে।

পূর্বোক্ত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের যোগদানের কয়েক মাসের মধ্যেই ফার্মেসী বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে আমাকে নিয়োগ দেয়া হলে আমার ব্যস্ততা বেড়ে গেলে স্যার পেপার পাঠানো কমিয়ে দেন। ২০১০ সালের জানুয়ারি মাসের কোনো এক সকাল, আমি বিভাগে কাজ করছি। হঠাৎ স্যারের ফোন। “জাকির, তুমি কি ডিপার্টমেন্টে আছো?” আমি জ্বী বলায় উনি বললেন, “তোমার ডিপার্টমেন্টে আসছি।” কিছুক্ষণের মধ্যেই তিনি আমার ডিপার্টমেন্টে হাজির। আমি তো মহাখুশি।

স্যার বললেন, “আমি তোমার ডিপার্টমেন্ট দেখতে এলাম।” কত বড় মনের মানুষ হলেই এ রকমভাবে অফিসে যাওয়া যায় তা বলাই বাহুল্য। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাইন্টিস্ট হিসেবে আমার যোগদানের পর স্যার যত বার কোনো প্রোগ্রামে ঢাকা

বিশ্ববিদ্যালয়ে এসেছেন, তিনি আমার অফিসে আসতেন। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আসার পূর্বে আমার সাথে যোগাযোগ করতেন আমি ঢাকায় আছি কিনা জানার জন্য।



স্যার এবং আমি; ৩ জানু, ২০১৮; ঢাকা বিশ্ববিদ্যালয়।

একজন মনীষী হিসাবে অধ্যাপক ড. এ.কে.এম. আজহারুল ইসলাম স্যার সত্যিই অনন্য-সাধারণ। তাঁর কৃতিত্ব, বিজ্ঞান বিষয়ে বিশেষ করে পদার্থ-বিজ্ঞানে তাঁর অবদান যুগযুগ ধরে স্বীকৃত হবে।

পরিশেষে আমি আল্লাহ্ রাব্বুল আলামিনের নিকট প্রার্থনা করি, আল্লাহ্‌পাক যেন এই মনীষীর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং কল্যাণময় জীবন দান করেন, তাঁকে সুস্থ রাখেন।



ড. মোঃ জাকির সুলতান

প্রিন্সিপাল সাইন্টিস্ট

সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

TWAS-UNESCO Associateship Fellow

E-mail: zakir.sultan@du.ac.bd

স্মৃতির পাতায় ও অনুপ্রেরণায় প্রফেসর আজহারুল ইসলাম স্যার

প্রফেসর মো: আব্দুর রাজ্জাক সরকার

আমি যখন ১৯৯৮ সালে প্রথম বর্ষের ওরিয়েন্টেশন ক্লাসে ছিলাম তখনই প্রথম পরিচয় পাই প্রফেসর আজহারুল ইসলাম স্যারের। তিনি আমাদের নবীনদের উদ্দেশ্যে অনেক মূল্যবান কথা বলেছিলেন যা প্রেরণার উৎস হিসেবে কাজ করেছে। তিনি ঐ বছরেই অতিপরিবাহীর উপর একটি আন্তর্জাতিক কনফারেন্সের আয়োজন করেন যেখানে অনেক খ্যাতনামা দেশি-বিদেশি বিজ্ঞানীর সমাবেশ হয়েছিল। আমি তখন বিশ্ববিদ্যালয়ে নবীন হওয়ার কারণে এর গুরুত্ব খুব একটা অনুধাবন করতে পারিনি। পরে বুঝতে পারি এটা তার কত বড় মহান কাজ ছিল। সেই আন্তর্জাতিক কনফারেন্সের মাধ্যমে বিদেশি নামকরা বিজ্ঞানীদের সঙ্গে প্রফেসর আজহারুল ইসলাম স্যার ও তাঁর প্রতিষ্ঠিত Condensed Matter Physics (CMP)-এর সুসম্পর্ক গড়ে ওঠে। এরই সুবাদে CMP ল্যাবের আমিসহ অনেকে বিদেশে- Ph.D. করার সুযোগ পেয়েছি। আমরা ১৯৯৭-৯৮ সেশনে ভর্তি হই এবং ৪ বছর মেয়াদি অনার্স কোর্সের প্রথম ব্যাচ ছিলাম আমরা। আমার স্বপ্ন ছিল M.Sc. তে প্রফেসর আজহারুল ইসলাম স্যারের নিকট থিসিস করব। সেজন্য ভাল ফলাফল করতে হবে। সেই লক্ষ্য নিয়ে পড়ালেখা করে আমি প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করি এবং আমি আমার কাজিত লক্ষ্যে পৌঁছে যাই।

প্রফেসর আজহারুল ইসলাম স্যার আমাদের ৩য় বর্ষে তড়িৎ গতিবিজ্ঞান ও ৪র্থ বর্ষে Solid State Physics and Materials Science পড়তেন। তিনি ক্লাসে এত সুন্দর করে বুঝাতেন যেন পরবর্তীতে অল্প পড়েই রপ্ত হয়ে যেত। অনার্সের ফলাফলের পর যখন প্রথম গবেষণার উদ্দেশ্যে স্যারের ল্যাবে যাই, তখন স্যার কাজ শুরুর আগে কি পড়তে হবে, কি করতে হবে তা সুন্দর করে বুঝে দিলেন। আমি তৌহিদ ও রইসউদ্দিন সেগুলো রপ্ত করতাম। আমার গবেষণার কাজে স্যার অনেকটা সন্তুষ্ট হয়েছিলেন এবং মাস্টার্স পরীক্ষার আগেই আমার গবেষণা কাজের article লেখা হয়েছিল। এর সম্পূর্ণ কৃতিত্ব ছিল স্যারের। আমাদের থিসিস শেষ হওয়ার আগেই তিনি IIUC তে VC হিসেবে দায়িত্ব নিয়ে চলে গেলেন। তবে তিনি রাজশাহীতে অবস্থানকালীন পুরো সময় গবেষকদের জন্য ব্যয় করতেন। আমি ২০০৪ সালের ২৫ সেপ্টেম্বর প্রভাষক হিসেবে এই বিভাগে যোগদানের পর থেকে স্যারকে আরও কাছাকাছি পেয়ে গবেষণার কাজ চালিয়ে যেতে থাকি। সেই সাথে

বিদেশেও লেখালেখি করতে থাকি। ২০০৭ সালের ১লা অক্টোবর আমি জাপানের ইয়ামানাসি বিশ্ববিদ্যালয়ের PhD করার জন্য যাই। সেখানেও স্যারের সুপারিশ ও ভূমিকা সহায়ক হয়েছিল। স্যারের কর্মনিষ্ঠা ও গবেষণা প্রীতি চিরদিন আমাকে অনুপ্রেরণা যোগাবে। আমি শ্রদ্ধেয় প্রফেসর ড. আজহারুল ইসলাম স্যারের সুখী সমৃদ্ধ জীবন কামনা করছি এবং স্যারের জন্য দোয়া করি।



ড. মো: আব্দুর রাজ্জাক সরকার
প্রফেসর, পদার্থবিজ্ঞানবিভাগ, রা.বি.
E-mail: razzaque_ru2000@yahoo.com

প্রফেসর এ কে এম আজহারুল ইসলাম: একজন আদর্শ পরামর্শদাতা

ড. মোঃ আল-হেলাল

স্যার এবং CMP ল্যাবকে নিয়ে যখন লিখতে বসছি, তখন কিছুই মাথায় আসছে না। আসলে শুরুটা করব কি দিয়ে? ভাবতে ভাবতে দিনগুলো কাটতে লাগল।

